আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

শুভেচ্ছা



আগামী ২৬ মার্চ বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর তথা সুবর্ণজয়ন্তী। এদিন উপলক্ষ্যে বাংলা পত্রিকার সকল পাঠক, বিজ্ঞাপনদাতা ও শুভানুধ্যায়ীদের প্রতি রইল শুভেচ্ছা। **-সম্পাদক**

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৫ || সংখ্যা ২৬ || সোমবার || চৈত্র ৭ || ১৪২৭ || শাবান ৯ || ১৪৪২ || Vol. 25 || Issue 26 || 22 March || 2021 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

কমে আসছে করোনার চোখ রাঙানি

আবার জেগে উঠছে কমিউনিটি

বাংলা পত্রিকা রিপোর্ট: বিশ্বে করোনা ভাইরাসে সবচেয়ে ক্ষতিগ্রস্ত দেশ আমেরিকা। করোনা মহামারীতে আক্রান্ত হয়ে ৩ লক্ষাধিক মানুষের মৃত্যু দেখেছে দেশটি। তার পরও ফিনিক্স পাখীর মত গা ঝাড়া দিয়ে জেগে উঠছে। সবাই ধারনা করছেন বিশ্বে আমেরিকাই হবে সর্বপ্রথম দেশ যে কিনা সবার আগে নিজের দেশের সকল মানুষকে ভেকসিনেটেড করতে সক্ষম হবে। আর তার লক্ষণও দেখা যাচ্ছে। করোনায় আক্রান্তের হার কমছে, হাসপাতালে ভর্তির হার কমছে। কমছে মৃত্যুর হার। প্রতিটি স্টেট, সিটি সব ধরনের জোন উঠিয়ে দিয়ে ক্রমেই দেশটিকে স্বাভাবিকতার দিকে এগিয়ে নিচ্ছে। নিউইয়র্ক সিটিতে প্রবাসী বাংলাদেশীদের প্রাণকেন্দ্র আর ব্যবসা-বাণিজ্যের রাজধানী হিসেবে পরিচিত জ্যাকসন হাইটস মহামারী করোনার ধকল পেরিয়ে আবার জাগতে শুরু করেছে। জ্যাকসন হাইটসে বাড়ছে জনমানুষের সংখ্যা, বাড়ছে কেনাকাটা আর আড্ডা। বিশেষ করে স্থানীয় ৭৩ স্ট্রীটের নিরবতা ভাংছে। দিন-রাত ২৪ ঘন্টাই চাঙ্গা হয়ে উঠেছে ৭৩ স্ট্রীট। **(বাকি অংশ ৪২ পাতায়)**

হঠাৎ অনুষ্ঠানে হাজির প্রধানমন্ত্রী

বাংলা পত্রিকা ডেস্ক: শনিবার সন্ধ্যা। ঘড়ির কাটায় তখন বাজে ৬টা ৪২ মিনিট। জাতীয় প্যারেড গ্রাউন্ডে হঠাৎ করেই এসে হাজির প্রধানমন্ত্রী **(বাকি অংশ ৪২ পাতায়)**



বিমানে উঠতে গিয়ে হোঁচট খেলেন বাইডেন

বাংলা পত্রিকা ডেস্ক : বিমানে উঠতে গিয়ে পরপর তিনবার হোঁচট খেলেন প্রেসিডেন্ট জো বাইডেন। সে ঘটনার একটি ভিডিও এরই মধ্যে সামাজিক যোগাযোগের মাধ্যমগুলোতে ছড়িয়ে পড়েছে। ইউটিউবে আপলোড করা হলে ভিডিওটি এরই মধ্যে বহু মানুষ দেখে ফেলেছেন। ভিডিওটি দেখার সংখ্যা লাফিয়ে বাড়ছে। ৭৮ বছর বয়সী জো বাইডেন এয়ারফোর্স ওয়ানের সিঁড়িতে তিনবার হোঁচট খান। তার মধ্যে তৃতীয়বার তার হাঁটু গিয়ে সিঁড়িতে লাগে। হোয়াইট হাউসের কর্মকর্তারা বলছেন, ব্যাপক বাতাসের **(বাকি অংশ ৪৬ পাতায়)**

হজ প্রটোকল ঘোষণা

বাংলা পত্রিকা ডেস্ক: করোনাভাইরাসের কারণে চলতি বছর হজে শুধুমাত্র ১৮ থেকে ৬০ বছর বয়সীরা অংশ নিতে পারবেন। ১৮ বছরের নিচে **(বাকি অংশ ৪২ পাতায়**

করোনার টিকায় কি রক্ত জমাট বাঁধে?

ড. রেজাউল করিম: এক বছরের বেশি সময় ধরে করোনার কারণে বিশ্ব স্থবির হয়ে আছে। এ পর্যন্ত কমপক্ষে ১২০ কোটি মানুষ নিশ্চিতভাবে



আক্রান্ত হয়েছে এবং ২৬ লাখের বেশি মানুষ মারা গেছে কভিডের কারণে। এই অস্বাভাবিক ও অজানা অবস্থা মোকাবেলা করার আগের কোনে **(বাকি অংশ ৪২ পাতায়)**

দেশে করোনার দ্বিতীয় ঢেউ!

বাংলা পত্রিকা ডেস্ক: বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) নীতিমালা অনুযায়ী টানা দুই সপ্তাহ সংক্রমণ **(বাকি অংশ ৪২ পাতায়)**

কংগ্রেসে অবৈধদের বৈধতা বিল পাশ

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে লাখ লাখ অবৈধ লোকের জন্য নাগরিকত্ব লাভের সম্ভাবনা সৃষ্টি হয়েছে। যুক্তরাষ্ট্রের প্রতিনিধি পরিষদ নতুন যে আইন পাস করেছে, তাতে তাদের জন্য এই সুযোগ সৃষ্টি হয়েছে। নিউইয়ক **(বাকি অংশ ৪২ পাতায়)**



১৯ পদের মধ্যে শূন্য ৫টি, অসুস্থ ও বিদেশে ৪ জন

খুঁড়িয়ে চলছে বিএনপির জাতীয় স্থায়ী কমিটি

ঢাকা ডেস্ক: বিএনপির সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম জাতীয় স্থায়ী কমিটি নিয়মিত ভার্চুয়াল বৈঠক করলেও বাস্তবে তেমন কার্যকর ভূমিকা রাখতে পারছে না। ১৯ সদস্যের এ কমিটির পাঁচটি পদ শূন্য। **(বাকি অংশ ৪৪ পাতায়)**



বাংলাদেশী নারীদের বিয়ে করতে সৌদি পুরুষদের নিষেধ

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশসহ পাকিস্তান, চাদ ও মিয়ানমার চার দেশের নারীদেরকে বিয়ে করতে পুরুষদের **(বাকি অংশ ৪২ পাতায়)**

ঢাকায় মোদির সফরসঙ্গীদের গায়ে থাকবে মুজিব কোট



বাংলা পত্রিকা ডেস্ক: ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ২৬ মার্চ দু'দিনের সফরে ঢাকা **(বাকি অংশ ৪২ পাতায়)**

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 | info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Email: digitalonetravel@gmail.com (কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজা)
Phone: 917-396-4140, 917-592-7828
সুপার সেভ $689+
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
BASE NO. B03152
Shamsher Ali President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800 Fax : 718-472-9801
Email : apollobrokerageinc@gmail.com exitluxuryinc@gmail.com Website : www.exitluxuryinc.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

SUNNATI HAJJ & UMRAH GROUP
IATA
Haji trusted since 2000
All Air Tickets Visa Services
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihajj@gmail.com
Web: www.hajjmakkah.com

CENTURY 21 AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
76-26 Broadway, Elmhurst, NY 11373
Ferdous Khan
Real Estate Licensed Sales Assoricate

আপনি কি সপ্তাহে ২,০০০ ডলার আয় করতে চান?
লারনার পারমিট, রোড টেস্ট এবং টিএলসি পরীক্ষা দিয়ে বার বার ব্যর্থ হয়েছেন?
তাহলে আজই যোগাযোগ করুন
6 WEEKS DDS
5 WEEKS CLASS
R & R Driving School
471 McDonald Avenue (Basment), Brooklyn, 347-836-1279
(মহিলাদের জন্য মহিলা প্রশিক্ষক দ্বারা ড্রাইভিং শিখানোর ব্যবস্থা আছে)

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
(নিম্নারিত সেখুন ৯ পাতায়)
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372
KABIR CHOWDHURRY

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

www.banglapatrikausa.com

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY"

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে



Corporate Office
72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA

HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday // March 22 // 2021

নিউইয়র্কে কাইয়ুম চৌধুরীর রোগ মুক্তি কামনায় দোয়া মাহফিল



নিউইয়র্ক: সিলেট জেলা বিএনপি নেতা ও কেন্দ্রীয় জাতীয়তাবাদী যুবদলের প্রাক্তন সহ সভাপতি আব্দুল কাইয়ম চৌধুরীর রোগ মুক্তি কামনায় গত ১৮ মার্চ নিউইয়র্কের জ্যাকসন হাইটস জামে মসজিদ ও ইসলামিক সেন্টারে সিলেট বিভাগ জাতীয়তাবাদী পরিবারের পক্ষ থেকে এক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিলে অন্যান্যের মধ্যে যুক্তরাষ্ট্র বিএনপি নেতা জিল্লুর রহমান জিল্লু, এবাদ চৌধুরী, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সিনিয়ার সহ সভাপতি আহবাব চৌধুরী খোকন, যুক্তরাষ্ট্র যুবদলের সভাপতি জাকির এইচ চৌধুরী, সাধারণ সম্পাদক আবু সাইদ আহমদ, যুগ্ম সাধারণ সম্পাদক আমানত হোসেন আমান, ঢাকা মহানগর (দক্ষিণ) যুবদলের সাবেক (বাকি অংশ ২৬ পাতায়)

আরবীয়খাবার "মেন্দী" এখন খলিল বিরিয়ানীতে

হাবিব রহমান: মেন্দী ইয়েমেন ও সৌদি আরবের একটা ঐতিহ্যবাহী খাবার। লোকে আয়েশ করে খায়। বিশেষভাবে রান্না করা পোলাও ও মাংসের সংমিশ্রণে তৈরি করা হয় মেন্দি। পোলাও এর মধ্যে দারুচিনি, এলাচি, কিশমিশ এবং নানা রকম মশলা দেয়া হয়। পোলাওর ভেতরে বড়বড় খাসীর মাংসের টুকরোর সাথে থাকে কাবাব এবং ডিম। মক্কার আজিজিয়া এলাকায় 'মাতাম আর রাইদানে' এই মেন্দী পাওয়া যায়। ভোজন বিলাসী যারা হজ্ব বা ওমরা করতে যান তাদের অনেকেই এই খাবারটির স্বাদ গ্রহণ করে থাকেন।

নিউইয়র্কের বিখ্যাত কুলিনারী ইন্সটিউট থেকে ডিপ্লোমাধারী, খলিল বিরিয়ানী হাউজের স্বত্বাধিকারী শেফ খলিলুর রহমান বরাবরই বৈচিত্রময় খাবার রান্না করে ভোজন রসিকদের দৃষ্টি কাড়েন। করেন নিত্য নতুন খাবার নিয়ে গবেষণা। সম্প্রতি তার বাজারজাত করা "বাইডেন বিরিয়ানী" দেশী-বিদেশী ভোজনরসিকদের দৃষ্টি আকর্ষণে সক্ষম হয়েছে।



গত সপ্তাহে খলিল বিরিয়ানীতে গিয়ে দেখা গেল এরাবিয়ান খাবার "মেন্দী"র পার্টি চলছে। অনুষ্ঠান আয়োজক এবং অতিথিরা সবাই আয়েশ করে নতুন রেসিপির এই বিদেশী খাবারটি আয়েশ করে ভোজন করছেন। পার্টি আয়োজক 'ফ্রেন্ডস এন্ড ফ্যামিলি গার্ডেন'-এর সভাপতি এবং স্টারলিং বাংলা বাজার বিজনেস এসোসিয়েসনের অন্যতম কর্মকর্তা কামরুজ্জামান বাবু বলেন, শেফ খলিল সব সময় গতানুগতিক ধারার বাইরে নতুন নতুন রেসিপির খাদ্য তৈরি করে তার গ্রাহকদের উপহার দিচ্ছেন। এজন্য আমরা তার প্রতি কৃতজ্ঞ। গতবার তিনি সৌদি আরব থেকে ঘুরে আসার পরই ঘোষণা দিয়েছিলেন যে আরবীয় ঘরানার কিছু খাবার তিনি আমাদের উপহার দিবেন। কিন্তু দেশব্যাপি প্যান্ডামিক হানা দেয়ায় তিনি তার প্রতিজ্ঞা রক্ষা করতে পারেন নি। এখন করোনার প্রকোপ কিছু হ্রাস পাওয়ায় এবং ইনডোর ডাইনিং চালু হওয়ায় তিনি আস্তে আস্তে নতুন রেসিপির খাবারগুলো তার গ্রাহকদের সামনে তুলে ধরছেন। এদিকে আমারও একটি ছোটখাট পার্টি করার প্রয়োজন ছিলো। আমি ভিন্নধর্মী কিছু খাবারের সন্ধান করছিলামআমার গেস্টদের একটু চমক দেবার জন্য। খলিল ভাইকে ব্যাপারটা বলায় তিনি আরবীয় খাবার "মেন্দী"র প্রস্তাব করেন। আর এতে আমিও রাজী হই। অনুষ্ঠানের পর আমার গেস্টরাও খাবারটির ভূয়সী প্রশংসা করেছেন। আমার জানা মতে আরো কয়েকজন তাদের অনুষ্ঠানের জন্য মেন্দী খাবারের অর্ডার দিয়েছেন। আমার বিশ্বাস গতানুগতিকতার বাইরে ব্যতিক্রমধর্মী এই খাবারটি সহজেই জনপ্রিয়তা পাবে।

পার্টিতে অংশ গ্রহনকারী ব্রক্সস বাংলাদেশ সোসাইটি বিবিএ'র সভাপতি, কমিউনিটি নেতা এ ইসলাম মামুন বলেন, অপরিচিত এই খাবারটির স্বাদ নিয়ে প্রথমে আমি সন্দিহান ছিলাম। কিন্তু সেফ খলিলুর রহমান আরবঘরানার এই মজাদার খাবার মেন্দী তার যাদুকরি হাতে নিপুণ দক্ষতায় তা রান্না করে তাক লাগিয়ে দিয়েছেন। ৩৭ পাউন্ড ওজনের খাসী দিয়ে রান্না করা এই মেন্দীর স্বাদ ছিলো এক কথায় বল্লে- অসাধারণ। ইয়া বড়বড় মাংসের টুকরার সাথে পোলাওয়ের ভেতর উঁকি দিচ্ছিলো বড়বড় চাপলি কাবাব, আর ডিম। সাথে ছিলো মজাদার বোরহানী এবং খাবার শেষে দৈ এবং গরম গরম মিস্টি। এমন জমজমাট পার্টি বহুদিন এনজয় করা হয়নি।

শেফ খলিলুর রহমান বাংলা পত্রিকাকে বলেন, গত বছর সৌদি আরবে গিয়ে এরাবিয়ান খাবার মেন্দী খেয়ে মুগ্ধ হই। জেনে নিই তাদের রান্নার ধরন। নিউইয়র্কে এসে এরাবিয়ান রেসিপির সাথে আরো কিছু নতুনত্ব যোগ করে আমাদের গ্রাহকদের এই খাবারটি পরিবেশন করার ইচ্ছে ছিলো অনেক আগেই। কিন্তু এতদিন প্যান্ডামিকের কারণে তা হয়নি। এখন সুযোগ পেয়ে এই খাবারটি তৈরি করেছি। আমার গ্রাহকরা খাবারটি খেয়ে তৃপ্তি পেয়েছেন এটিই আমার রান্নার স্বার্থকতা। আমার বিশ্বাস যে কোন উৎসব-আয়োজনে এই আরবীয় খাবারটি নতুনত্ব এনে দেবে। অর্ডার পেলে যে কোন পরিমান মেন্দী সরবরাহে আমরা প্রস্তুত।

শেফ খলিল বাড়িয়ে বলেননি এতটুকুনও। মেন্দী খেয়ে পার্টির সবাই খাবারটির প্রশংসা করেছেন।



আমেরিকার সালভিয়া চাষ হচ্ছে ঝিনাইদহে

মিজানুর রহমান তোতা: আমেরিকার ঔষধি ও পুষ্টি গুন সম্পন্ন সুপার ফুড হিসেবে খ্যাত সালভিয়া হিসপানিকা প্রচলিত নাম চিয়া চাষ হচ্ছে এখন ঝিনাইদহে। হরিণাকুন্ডু উপজেলার শিতলী গ্রামে ডা. রাজিবুল ইসলাম নামে এক ইউনানী চিকিৎসক ২৯ শতক জমিতে এ বছর পরীক্ষামুলক ভাবে চিয়া চাষ করে সফলতা পেয়েছেন। হরিণাকুন্ডু অঞ্চলের মাটিতে চিয়ার বাম্পার ফলন কৃষকদের মাঝে এক নতুন সম্ভাবনা সৃষ্টি করেছে। চিকিৎসক রাজিবের ক্ষেতে চিয়া চাষ এলাকায় ব্যাপক সাড়া পড়েছে। অনেক কৃষক এই চাষে আগ্রহী হয়ে উঠছেন বলে জানান রাজিব। জানা গেছে, আমেরিকা ও মেক্সিকোসহ বিভিন্ন দেশে চিয়া একটি ঔষধি ফসল হিসেবে চাষ হয়। এর বৈজ্ঞনিক নাম সালভিয়া হিসপানিকা। ২০১৭ সালে দিনাজপুর সদর উপজেলার সুন্দরবন গ্রামে চিয়া'র প্রথম চাষ শুরু করেন কৃষক নুরুল আমিন। ডা. রাজিবুল অনুপ্রাণিত হয়ে চিয়া চাষ শুরু করেন।

মরুভূমিতে জন্মানো সালভিয়া হিসপানিকা উদ্ভিদের বীজ হচ্ছে চিয়া সিড বা বীজ। যার আদি জন্মস্থান সেন্ট্রাল আমেরিকা। সেখানকার প্রাচীন আদিবাসীরা খাদ্য তালিকায় থাকা চিয়া বীজকে অত্যন্ত মূল্যবান মনে করেন। তারা বিশ্বাস করেন এটা তাদের শক্তি ও সাহস জোগাবে।


সব ধরনের আবহাওয়ায় জন্মানো চিয়া বীজ দেখতে সাদা ও কালো রঙের তিলের মতো ছোট সাইজের হয়ে থাকে। অনেকেই চিয়া বীজকে তোকমা বলে ভুল করে থাকেন। দেখতে পপ্রয় একই রকম হলেও জন্মস্থান, পুষ্টিগুণ ও স্বাস্থ্যগত দিক থেকে রয়েছে কিছু পার্থক্য। চিয়া সাধারণত তিন মাসের ফসল। অক্টোবর মাসে বীজ রোপন করতে হয়। ৩৩ শতকের বিঘায় মাত্র তিন'শ গ্রাম বীজ লাগে। চাষ পদ্ধতিও খুব সহজ।

হরিণাকুন্ডু উপজেলা কৃষি অফিসার হাফিজ হাসান জানান, ঔষুধি গুন থাকায় চিয়া একটি লাভজনক চাষ। হরিণাকুন্ডুর শিতলী গ্রামের রাজিবুল ও চাঁদপুরের জিল্লুর রহমান এই চাষ শুরু করেছেন। আমাদের দেশের আবহওয়া ও মাটি চিয়া চাষের জন্য উপযোগী।

ঝিনাইদহ সদর হাসপাতালের ইউনানী মেডিকেল অফিসার ডা. আসমাউল হুসনা জানান, সুপার ফুড হিসেবে খ্যাত চিয়া সিডে রয়েছে প্রচুর পরিমানে ওমেগা থ্রি ফ্যাটি এসিড, কোয়েরসেটিন, কেম্পফেরল, ক্লোরোজেনিক এবং ক্যাফিক এসিড নামক এন্টিঅক্সিডেন্ট। রয়েছে পটাশিয়াম, ম্যাগনেশিয়াম, দ্রবনীয় এবং অদ্রবণীয় আঁশ। তিনি জানান, এক আউন্স চিয়া বীজে রয়েছে প্রায় ৬ গ্রাম প্রোটিন, ৮.৫ গ্রাম ফ্যাট, ১১ গ্রাম ফাইবার, ১৩ গ্রাম কার্বোহাইড্রেট (যার মধ্যে ১১ গ্রাম হল ফাইবার)। দৈনিক এক আউন্স চিয়া বীজ খেলে ১৮% ক্যালশিয়ামের চাহিদা, ২৭% ফসফরাসের চাহিদা এবং ৩০% ম্যাঙ্গানিজের চাহিদা পূরণ হতে পারে।



‘আহমাদ’ তিনি বহু প্রশংসিত



জাফর আহমাদ

আহমাদ শব্দের অর্থ ‘অধিক প্রশংশিত’। আরবী রূপান্তর প্রক্রিয়ায় এটি ‘ইসমে তাফযীল’ এর শব্দ। যাকে ইংলিশে সুপারলেটিভ ডিগ্রি বলা হয়। অর্থাৎ অধিক প্রশংসিত। আরো সম্মানের বিষয় হলো, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এ নামটি স্বয়ং আল্লাহ তা’আলার দেয়া অত্যন্ত সম্মানসূচক একটি নাম। আল্লাহ বলেন,“ আর স্মরণ করো, ঈসা ইবনে মারয়ামের সেই কথা যা তিনি বলেছিলেন, হে বনী ইসরাইল, আমি তোমাদের কাছে আল্লাহর প্রেরিত রাসুল। আমি সেই তাওরাতের সত্যতা প্রতিপাদনকারী যা আমার পূর্বে এসেছে এবং একজন রাসুলের সুসংবাদদাতা যিনি আমার পরে আসবেন, যা নাম ‘আহমাদ’।” (সুরা সফ:৬) নবী সা: বলেন “আমার নাম মুহাম্মাদ, আমার নাম আহমাদ, আমার নাম মাহী, যার উসিলায় কুফর, শিরক নিশ্চিহ্ন হচ্ছে। আমার নাম হাশির, আমার নাম আকিব। (মুসলিম)

অথচ অত্যন্ত দু:খের সাথে উল্লেখ করতে হয় যে, আমাদের এতদঞ্চলে এ নামটি অত্যন্ত বেশী বিকৃতি সাধন করা হয়। হৃদয় আরো ভারাক্রান্ত হয়, যখন কোন স্বনামধন্য ব্যক্তি, কবি, সাহিত্যিক, কলামিষ্ট ও ইসলামী স্কলারের নামের সাথে সংযুক্ত এ শব্দটির বিকৃতরূপ দেখা যায়। এমন কি অনেক দায়িত্বশীল দৈনিক, সাপ্তাহিক, মাসিক ও ত্রৈমাসিক পত্রিকাগুলোও এ বিকৃতরূপটিই উপস্থাপন করে থাকে। কেউ আহম্মদ, কেউ বা আহাম্মদ, কেউ কেউ আবার একটু ফ্যাশন যাহির করার জন্য ‘আহমেদ’ লিখে থাকেন। এ সব ক’টিই মারাত্মক ভূল। এর শুদ্ধ উচ্চারণ হচ্ছে “আহমাদ”।

মাত্র ক’দিন আগে দেশের বিখ্যাত এক দীনি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বিখ্যাত একজন ব্যক্তিত্বের নামের সাথে সংযুক্ত প্রিয় রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নামটি তাঁর কোন এক ভক্ত বিকৃত রূপ ‘আহমেদ’(?) লিখেছেন। একটি ইসলামী প্রতিষ্ঠানের হাই অফিসিয়ালের নামের সাথে ‘আহাম্মদ’(?) । সাহস নিয়ে দৃষ্টি আকর্ষণ করা হলো, তিনি কোন পাত্তাই দিলেন না। দেশের বহুল প্রচারিত একটি পরিশ-লিত জাতীয় দৈনিকের ইসলামী পাতায় প্রায়শই কিছু কিছু ইসলামী প্রাবন্ধিক সুন্দর সুন্দর ইসলামী জ্ঞানগর্ব প্রবন্ধ লিখেন অথচ নামের অংশে ‘আহম্মদ’ বা ‘আহমেদ’(??) অথবা প্রবন্ধের ভেতরে এ ধরণের বিকৃত শব্দগুলো পরিলক্ষিত হয়। ইসলামী ঘরণার একটি মাসিক এ ইসলামী প্রাবন্ধিক ও অন্য বেশ কয়েকজন পরিশীলিত কবি অথচ নামের সাথে ‘আহমেদ’(?) দেখে খুব কষ্ট পাই। কিছুদিন আগে বেশ ক’টি দৈনিক ও মাসিক এ “নামের বিকৃতি একটি জুলুম” প্রবন্ধ লিখে ছিলাম। প্রকাশিতও হয়েছিল। এবারের লিখাটি ভিন্ন শিরোনামে পুনরায় লিখলাম। ভাষা একটু কড়া হয়েছে। মাফ করবেন। ইসলামী পরিভাষায় এই বিকৃত তথা আহম্মদ, আহাম্মদ, আহমেদ শব্দগুলোর কোন অর্থ হয় না। আর কোন অর্থ হলেও আল্লাহর দেয়া ‘আহমাদ’ এর উদ্দেশ্যকে পরিপূর্ণ করে না।

মাত্র ক’দিন আগে দেশের বিখ্যাত এক দীনি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বিখ্যাত একজন ব্যক্তিত্বের নামের সাথে সংযুক্ত প্রিয় রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নামটি তাঁর কোন এক ভক্ত বিকৃত রূপ ‘আহমেদ’(?) লিখেছেন। একটি ইসলামী প্রতিষ্ঠানের হাই অফি-সিয়ালের নামের সাথে ‘আহাম্মদ’(?) । সাহস নিয়ে দৃষ্টি আকর্ষণ করা হলো, তিনি কোন পাত্তাই দিলেন না।

মনে রাখবেন, এটি এমন এক মহান ব্যক্তিত্বের নামকে বিকৃত করা হয়, যার সাথে সামান্য বেয়াদবী করলে দুনিয়া-আখিরাত উভয়ই বিনষ্ট হয়ে যাবে বলে আল্লাহ হুশিয়ার করেছেন। যার মর্যাদা দিতে গিয়ে স্বয়ং আল্লাহ রাব্বুল আলামীন এ ভাবে বলেছেন যে, “হে মুমিনগণ! নিজেদের আওয়াজকে রাসুলের আওয়াযের চেয়ে উঁচু করোনা, উচ্চস্বরে নবীর সাথে কথা বলোনা, যেমনি ভাবে তোমরা নিজেরা পরস্পর বলে থাকো। এমন যেন না হয় যে, তোমাদের আমলসমুহ তোমাদের অজান্তেই বরবাদ হয়ে যায়। (সুরা হুজরাত-২) যার গলার আওয়াজ থেকে আপনার আওয়াজ একটু উচ্চ হলে যদি আপনার আমলসমূহই বাতিল হয়ে যাবে, তাহলে তাঁর নামটিই যদি আপনি বিকৃত করে ফেলেন, যেই সকল বিকৃতির ফলে নামটির কোন অর্থই না হয়, তাহলে আমার আপনার অবস্থা কি হতে পারে ? আল্লাহ আমাদের মাফ করো।

হুজরাতের ২ নং আয়াতের আলোকে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নামের বিকৃতি আরো দু:সাহসিক ও মারাত্মক বেয়াদবী। আহমাদ ও মুহাম্মাদ ছাড়াও আল-কুরআনে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আরো কতগুলো সিফাতি নাম উল্লেখ পাওয়া যায় যে গুলোর অনুসারেও আমরা আমাদের নাম রেখে থাকি। যেমন: ‘নবী’ কে নবীউল্লাহ বা নবী হোসেন, ‘রাসুল’ কে মাহবুবে রাসুল, ‘আব্দুলাহ’কে সরাসরি আব্দুল্লাহ, ‘মুয্যাম্মিল’ কে মুযাম্মেল হোসেন, ‘মুদ্দাস্সির’ কে মুদ্দাসির হোসেন, ‘শাহিদ’ কে শহিদুল ইসলাম বা শাহিদ উল্লাহ, ‘বাশীর’ কে বশির উল্লাহ, বাশিরুল হক, ‘নাযীর’ কে নাযীর আহমাদ, ‘মুবাশ্শির’কে মুবাশশির হোসেন, ‘আমীন’ কে আল আমীন, ‘সিরাজুম মু-নীরা’ কে মেয়েদের না রাখা হয়। এ নাম সমুহের পঠনে এবং লিখনেও মাঝে মাঝে ভুল পরিলক্ষিত হয়। তবে এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, আমাদের এ এলাকায় একটি নাম খুব মারাত্মক। তাহলো, ‘গোলাম রাসুল বা গোলামুর রসুল’ অর্থাৎ রাসুলের গোলাম। প্রকৃতপক্ষে আমরা তো রাসুলের গোলাম নই বরং আমরা হলাম আল্লাহর গোলাম।

আল্লাহ রাব্বুল আলামীন বলেন:-“তোমরা পরস্পরকে খারাপ নামে ডেকোনা। ঈমান গ্রহণের পর গোনাহের কাজে প্রসিদ্ধি লাভ করা অত্যন্ত জঘন্য ব্যাপার। যারা এ আচরণ পরিত্যাগ করেনি তারাই জালেম।”(সুরা হুজুরাত ঃ ১১) কোন ব্যক্তিকে এমন নামে যেন ডাকা না হয় অথবা এমন উপাধি না দেয়া হয় যা তার অপছন্দ, তার অবমাননা হয় এবং তার মর্যাদায় আঘাত লাগে। আমাদের সমাজে প্রায়ই দেখা যায় যে, একজন ব্যক্তিকে বিশেষ কোন বাক্য বা বিকৃত নাম দিয়ে ক্ষ্যাপানো হয়। এটি যতই ঠাট্টাচ্ছলে কার হোক না কেন ? সংশ্লিষ্ট ব্যক্তি নির্দিষ্ট বাক্য বা বিকৃত নামটি শুনে যেহেতু মনে কষ্ট অনুভব করেন,তাই এটি উল্লেখিত আয়াতের আলোকে জঘন্য ব্যাপার।

ইসলামী নামের মাধ্যমে ব্যক্তি সামান্য হলেও ইসলামের চেতনা ফিরে পায়। এ জন্য ইসলামী নাম রাখার প্রতি ইসলাম গুরুত্বারোপ করেছে। ইদানিং অবশ্য পাশ্চাত্য সংস্কৃতির দ্বারা প্রভাবিত দু-একটি পরিবার ছাড়া মোটামোটি অধিকাংশ পরিবারগুলো তাদের আদরের সোনামনিদের নামকরণে আরবী নামের ব্যবহারকেই বেশী পছন্দ করেন। এ দেশের মুসলমানদের নামসমুহের অংশ বিশেষে আল্লাহর জাতি ও সিফাতি নামসহ নবী-রাসুলগণের নাম সমুহ জুড়ে দেয়া হয়। এবং মেয়েদের নামকে নবী-রাসুলদের স্ত্রী ও মেয়েদের নামানুসারে রাখা হয়। অনেকে আল-কুরআনের বিভিন্ন সুন্দর সুন্দর আরবী শব্দকে বাচাই করে নাম রেখে থাকেন। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় এ এলাকায় নামের বিকৃতিও এত বেশী করা হয়, যা অন্য কোন অঞ্চলে তেমনটি লক্ষ্য করা যায় না। প্রথমতঃ আমাদের এ সমস্ত জ্ঞানীদের অধিকাংশই আরবী শব্দের রূপান্তর প্রক্রিয়া ও আরবী ব্যাকরণের সাথে পরিচিত নন। দ্বিতীয়তঃ এটিকে মামুলী ব্যাপার মনে করা হয়। কিন্তু আসলে তা মামুলী ব্যাপার নয়। মাত্রাজ্ঞান দিয়ে চিন্তা করে দেখুন প্রকৃতপক্ষে আপনার নিজের নামের বিকৃতি ঘটাচ্ছেন না, বরং আল্লাহ ও তাঁর প্রেরিত নবীদের নামের বিকৃতি করছেন। আর মাঝে মধ্যে এমন ভাবে বিকৃত ঘটানো হয় যে, সে শব্দাটির কোন অর্থই হয়না।

আল্লাহর নামের ক্ষেত্রেও এ ধরনের ভুল পরিলক্ষিত হয়। যেমন রাজ্জাক আল্লাহর একটি সিফাতি নাম। এ জন্য অনেকে আব্দুর রাজ্জাক নাম রাখেন। এ নামটিকে বিকৃত করে রেজ্জাক লিখা হয়। একজনের নাম আব্দুল করিম, কামখেয়ালীপনায় তার নাম ডাকা হয় ‘করিমম্যা, এমনিভাবে রহিমম্যা, মতিয়ূরকে মত্যা, শহিদকে শহিদ্যা, রহমানকে রহমান্যা। এ গুলো আরো মারাত্বক অপরাধ। আল্লাহর নামের বিকৃতি। একজন ঈমানদার ব্যক্তি এ কাজ করতে পারে না। যারা এমনটি করেন তাদেরকে আল্লাহ রাব্বুল আলামীন জালেম বলেছেন।

কারণ যাকে খারাপ নামে ডাকা হলো অথবা যার নামের বিকৃতি করা হলো মুলতঃ তার ন্যয্য প্রাপ্যে হস্তক্ষেপ করা হলো। তার প্রাপ্য ছিল তাকে তার সুন্দর নামে ডাকা। একজন ব্যক্তি ঈমানদার হওয়া সত্বেও কটুভাষী হবে এবং অসৎ ও অন্যায় কাজের জন্য বিখ্যাত হবে এটা একজন ঈমানদারের জন্য অত্যন্ত লজ্জাজনক ব্যাপার। কোন কাফেরের জন্য ঠাট্টা-বিদ্রুপ ও উপহাস করা কিংবা বেছে বেছে বিদ্রুপাত্মক নাম দেয়া মনুষত্বের বিচারে ঠিক না হলেও কুফরীর বিচারে তা মানায়। কিন্তু কেউ ইসলাম গ্রহণ করার পর এ ধরনের আচরণ ঈমানের দৃষ্টিতে মানায় না। তাই এ ব্যাপারে মুসলমানগণ সজাগ থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করছি। আল্লাহ আমাদের সহায় হউন।

লেখক: ব্যাংকার। কথা সংস্কৃতির আছাসন-১, ২, ৩ গ্রন্থেও লেখক

RiverSpring Health Plans touches the lives of more than 15,000 New Yorkers.

ElderServe Health, Inc, doing business as RiverSpring Health Plans, contracts with both the Centers for Medicare and Medicaid Services and the New York State Department of Health to offer you personalized care coordination and help you remain in your own home and live as independently as possible.

RiverSpring Health Plans offers a care management concierge service that provides our members, their families and caregivers with truly personalized support. **We are the family that families reach out to in times of need**. RiverSpring Health Plans touches the lives of more than 15,000 New Yorkers, bringing care and compassion into the homes of our members 24 hours a day, 7 days a week.

RiverSpring Health Plans operates RiverSpring MAP (HMO-D-SNP), a dual Medicare and Medicaid plan that offers affordable prescription drug coverage, access to the best doctors and hospitals, in addition to a $155 a month over the counter benefit, and more. With RiverSpring MAP, our members will have a “one-stop shop” and receive covered Medicare and Medicaid benefits through a single plan and a trusted care team.

Call 1-800-362-2266 (TTY: 711) from 8am-8pm Eastern Time, 7 days a week and a RiverSpring MAP benefits professional will be happy to answer questions about the services available to you. RiverSpring Health Plans has several plan options and we can help you choose the right one for you.

RiverSpring MAP is an (HMO D-SNP) plan with Medicare and Medicaid contracts. Enrollment in RiverSpring MAP depends on contract renewal.

ElderServe Health, Inc. complies with applicable Federal civil rights laws and does not discriminate on the basis of race, color, national origin, age, disability, or sex.

You can get this information for free in other languages. Call 1-800-362-2266 and TTY/TDD: 711 during 8 a.m. – 8 p.m. Eastern Time, 7 days a week. The call is free.

RiverSpring Health Plans

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

অর্থ পাচার রোধে সমীক্ষা সব ছিদ্র বন্ধ করতে হবে

বাংলাদেশ থেকে যে হারে অর্থ পাচার হচ্ছে তা অত্যন্ত উদ্বেগজনক। প্রতি বছর দেশ থেকে কী পরিমাণ অর্থ পাচার হচ্ছে তা বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার গবেষণায় উঠে আসে। সম্প্রতি বাংলাদেশ অর্থনীতি সমিতির সভাপতি ড. আবুল বারকাতের প্রকাশিত এক গবেষণাগ্রন্থে অর্থ পাচারের গুরুত্বপূর্ণ তথ্য উঠে আসে। গত ৪৬ বছরে দেশ থেকে কী বিপুল পরিমাণ অর্থ বিদেশে পাচার হয়েছে তা এ গবেষণায় তুলে ধরা হয়। অর্থের পাচার রোধ করা গেলে দেশ কতটা উপকৃত হতো, এসব তথ্য থেকে তা সহজেই অনুমেয়। ওভার ইনভয়েসিং এবং আন্ডার ইনভয়েসিংসহ আরও যেসব উপায়ে অর্থ পাচার হয় তা বিভিন্ন আলোচনায় আসে। জানা গেছে, একটি চক্র বৈদেশিক মুদ্রায় প্রবাসীদের রেমিটেন্স সংগ্রহ করে তা বিদেশেই রেখে দেয়, আর দেশে দুর্নীতির মাধ্যমে অর্জিত টাকায় এর দায় শোধ করা হয়। এ অবস্থায় পাচারের ছিদ্রগুলো চিহ্নিত করে তা বন্ধের পদক্ষেপ নেওয়া গেলে রোধ হতে পারে অর্থ পাচার। দেশ থেকে কী পরিমাণ টাকা পাচার হচ্ছে, কীভাবে হচ্ছে, পাচার হয়ে কোথায় যাচ্ছে, সেসব বিষয়ে কোনো সঠিক তথ্য কারও কাছে নেই। এ কারণে বিদেশি গবেষণা প্রতিষ্ঠানগুলো যখন অর্থ পাচার নিয়ে তথ্য প্রকাশ করে সেগুলো চ্যালেঞ্জ করা কঠিন হয়ে পড়ে। রোববার (২১ মার্চ) যুগান্তরে প্রকাশিত এক প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, বাংলাদেশ আর্থিক গোয়েন্দা ইউনিট- বিএফআইইউ কর্তৃক টাকা পাচারের বিষয়ে গবেষণার উদ্যোগ নেওয়া হয়েছে। এ গবেষণার মূল লক্ষ্য অর্থ পাচারবিষয়ক প্রকৃত তথ্য জানা।

জানা গেছে, অর্থ পাচারের সমীক্ষার জন্য প্রথমে বিশ্বব্যাংকের কাছে কারিগরি সহায়তা চাওয়া হয়েছিল। করোনার কারণে তা বেশিদূর এগোয়নি। এখন ইউএনওডিসি'র সঙ্গে এ বিষয়ক আলোচনা চলছে। টাকা পাচারের সমীক্ষা করতে বিএফআইইউ একটি গাইডলাইন তৈরি করছে। এক্ষেত্রে আন্তর্জাতিক প্রতিষ্ঠানের মডেলগুলো পর্যালোচনা করা হবে। এর ভিত্তিতে বাংলাদেশের উপযোগী মডেল প্রণয়ন করে সেই আলোকে সমীক্ষা করা হবে। এটি করার সময় দৃষ্টি রাখা হবে, যাতে দেশ থেকে অর্থ পাচারের প্রকৃত পরিমাণ এবং কীভাবে অর্থ পাচার হয় সে বিষয়গুলো নিখুঁতভাবে উঠে আসে। একই সঙ্গে টাকা পাচার ঠেকানো এবং পাচার করা টাকা ফিরিয়ে আনতে সমস্যাগুলো চিহ্নিত করে সেগুলো সমাধানের উপায়ও খুঁজে বের করতে হবে। বলার অপেক্ষা রাখে না, এটি অনেক কঠিন কাজ। এ কাজে কাঙ্খিত সাফল্য এলে দেশ বিশেষভাবে উপকৃত হবে।



বিধান চন্দ্র দাস

আজ বিশ্ব পানি দিবস

পানির যথাযথ মূল্যায়ন প্রয়োজন

কোনো কিছুর মূল্য অত্যন্ত সস্তা বোঝানোর জন্য আমরা 'পানির দরে' কথাটি ব্যবহার করি। গত বছর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের প্রথম বিতর্ক অনুষ্ঠানে এক পর্যায়ে প্রেসিডেন্ট ট্রাম্প তাঁর সময়ে অতিপ্রয়োজনীয় ওষুধ ইনসুলিন 'পানির মতো সস্তা' দামে পাওয়া যায় বলে উল্লেখ করেছিলেন। আসলে পানি খুবই সস্তা জিনিস- এই ভ্রান্ত দর্শন পৃথিবীর বহু মানুষের মধ্যে কাজ করে। এসব মানুষের কাজকর্মে তার প্রকাশও ঘটে থাকে। ফলে পৃথিবীর দেশে দেশে পানির অপচয় হয়। নানা ধরনের কর্মকান্ডে বিশুদ্ধ পানিকে করা হয় দূষিত। সত্যি কথা বলতে কী, আমরা অনেকেই পানিকে সঠিকভাবে মূল্যায়ন করি না। ভুলে যাই পানির অপর নাম জীবন।

এই প্রেক্ষাপটে এ বছর জাতিসংঘ (ইউএন ওয়াটার) বিশ্ব পানি দিবসের (২২ মার্চ) প্রতিপাদ্য করেছে, পানির মূল্যায়ন (ভ্যালুয়িং ওয়াটার)। জাতিসংঘ বলছে, পানিকে শুধু অর্থ দিয়ে মূল্যায়ন করলে হবে না। এর মূল্যায়ন আমাদের পরিবার, খাদ্য, সংস্কৃতি, স্বাস্থ্য, শিক্ষা, অর্থনীতি ও অখন্ড প্রাকৃতিক পরিবেশের সার্বিক বিশাল ও জটিল প্রেক্ষাপটে করতে হবে। এর কোনো একটিকে অবহেলা করার অর্থই হচ্ছে সীমিত ও অপূরণীয় এই সম্পদের অব্যবস্থাপনা। জাতিসংঘ ঘোষিত উন্নয়ন অভীষ্টের ৬ নম্বর ক্রমিকে সবার জন্য নিরাপদ পানি ও স্যানিটেশন নিশ্চিত করার কথা বলা হয়েছে। বলা হচ্ছে, পানির বহুমাত্রিক মূল্য সঠিকভাবে বুঝতে ব্যর্থ হলে তা প্রত্যেকের পানি প্রাপ্যতাকে অনিশ্চিত করে তুলবে।

জনসংখ্যা বৃদ্ধি, অর্থনৈতিক উন্নয়ন ও ব্যবহারের ধরন পরিবর্তনজনিত কারণে পৃথিবীতে প্রতিবছর ১ শতাংশ হারে পানির ব্যবহার বাড়ছে। জাতিসংঘের হিসাবে বর্তমানে প্রায় ৪০০ কোটি মানুষকে বছরে কমপক্ষে এক মাস নিদারুণ পানির কষ্ট ভোগ করতে হচ্ছে। একজন মানুষের পান ও অন্যান্য স্বাস্থ্যবিধি পালনের জন্য প্রতিদিন ২০ থেকে ৫০ লিটার দূষণমুক্ত পানির প্রয়োজন হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসাব অনুযায়ী পৃথিবীতে প্রায় ২০০ কোটি মানুষ দূষিত পানি পান করছে। আর তার ফলে পৃথিবীতে বছরে প্রায় পাঁচ লাখ মানুষ শুধু ডায়রিয়াতেই মারা যাচ্ছে। বিগত কয়েক দশকে স্বাদু পানিতে বসবাসকারী জীবসংখ্যাও ক্রমাগতভাবে হ্রাস পাচ্ছে। পৃথিবীতে মোট পানির পরিমাণ ১৪০ কোটি ঘন কিলোমিটার। তাত্ত্বিকভাবে তার মধ্যে ব্যবহারযোগ্য পানির পরিমাণ মাত্র ০.০০৩ শতাংশ অর্থাৎ ৪৫ হাজার ঘন কিলোমিটার। একজন মানুষের দৈনিক খাদ্য জোগান দিতে (মাঠ পর্যায়ে উৎপাদন থেকে শুরু করে খাবার টেবিল পর্যন্ত পৌঁছাতে) দুই থেকে পাঁচ হাজার লিটার স্বাদু পানির প্রয়োজন হয়। জনসংখ্যা বৃদ্ধির কারণে আগামী ২০৫০ সালের মধ্যে বর্তমান সেচনির্ভর খাদ্যশস্যের উৎপাদন ৫০ শতাংশ বৃদ্ধি করার প্রয়োজন হবে। কিন্তু সেই সময়ের মধ্যে ভূগর্ভস্থ পানি উত্তোলনের পরিমাণ ১০ শতাংশের বেশি বৃদ্ধি করা সম্ভব হবে না। কাজেই চাষের জন্য পানির ঘাটতি দেখা দেবে। প্রকৃতপক্ষে অর্থনৈতিক উন্নয়ন ও জনসংখ্যা বৃদ্ধির অভিঘাতে কৃষি ও শিল্প ক্রমান্বয়ে তৃষ্ণার্ত হয়ে উঠছে। এর সঙ্গে যোগ হচ্ছে জলবায়ু পরিবর্তনের অভিঘাত। স্বাদু পানির আধারগুলো সংকুচিত হওয়াসহ পানিদূষণ এখন অতীতের সব রেকর্ড অতিক্রম করেছে। জাতিসংঘ বলছে, আগামী ২০৩০ সালের মধ্যে পৃথিবীতে ৪০ শতাংশ স্বাদু পানির ঘাটতি দেখা দিতে পারে।

আমরা পানিকে যে দৃষ্টিভঙ্গি দিয়ে মূল্যায়ন করব, সেটিই বলে দেবে যে পানি ব্যবস্থাপনা ও বিতরণ কেমন হবে। আসলে এই দৃষ্টিভঙ্গি যত বেশি বাস্তবানুগ হবে, পানি ব্যবস্থাপনা ও বিতরণ তত বেশি কার্যকর ও ফলপ্রসূ হবে। পানির মূল্যায়নে পানির উৎস, সংরক্ষণ, বিশুদ্ধকরণ, বিতরণ, পান, স্বাস্থ্যসেবা, খাদ্যশস্য তৈরি, আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক কার্যক্রম বিষয়গুলোকে বিবেচনায় নেওয়া প্রয়োজন। জাতিসংঘের সাম্প্রতিক প্রতিবেদনে (২০২০) পানি ব্যবস্থাপনায় 'প্রকৃতিনির্ভর সমাধান' সম্পর্কে বলা হয়েছে। উন্নততর এই পানি ব্যবস্থাপনা জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজন, প্রশমন ও সহনশীলতার জন্য কার্যকর। যেমন- একটি জলাভূমি ভালোভাবে সংরক্ষণ করতে পারলে তা কার্বন জমা করা ছাড়াও বন্যার ঝুঁকি, পানির মান উন্নতকরণ, ভূগর্ভস্থ পানি পুনর্নবীকরণ, জলচর জীবদের আশ্রয়দানসহ বাস্তুতান্ত্রিক সেবা অব্যাহত রাখার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। শহর এলাকায় সবুজ অবকাঠামো (ভেদ্য কংক্রিট, বৃষ্টির পানি সংগ্রহ ও ব্যবহার ব্যবস্থা ইত্যাদি) ও নীল অবকাঠামো (নদী, পুকুর, লেক ইত্যাদি থাকার ব্যবস্থা) কৌশল গ্রহণের মাধ্যমে ভূগর্ভস্থ পানির ভারসাম্য রক্ষাসহ জলবায়ু পরিবর্তনজনিত অবস্থা মোকাবেলায় তা সহায়ক বলে বিশেষজ্ঞরা অভিমত দিয়েছেন।

বাংলাদেশের অনেক জায়গায় ভূ-উপরিস্থ ও ভূগর্ভস্থ পানির গুণগত মান ভালো নয় বলে জানা গেছে। শিল্পায়ন, কৃষি, নগরায়ণ ও লবণাক্ততা দেশের ভূ-উপরিস্থ পানির গুণগত মানের আরো অবনতি ঘটাতে পারে বলে বিশেষজ্ঞরা আশঙ্কা প্রকাশ করেছেন। একসময়ের বাংলাদেশে বিশাল জলাভূমি এখন সংকুচিত। স্থানীয় ভূসংস্থানিক অবস্থা ও প্রাকৃতিক পানিপ্রবাহের বিষয়টি অগ্রাহ্য করে জলাভূমির অনেক জায়গায় রাস্তাঘাট থেকে শুরু করে নানা ধরনের অবকাঠামো তৈরি করা হয়েছে। ফলে অনেক জলাভূমি নিশ্চিহ্ন কিংবা রুগ্ন হয়ে গেছে। অতি আহরণের ফলে দেশের কিছু জায়গায় ভূগর্ভস্থ পানির সংকট দেখা দিয়েছে। শুকনো মৌসুমে বেশির ভাগ নদীতে প্রয়োজনীয় পানিপ্রবাহ থাকছে না। বাংলাদেশে কৃষিজনিত খরা প্রকট হতে চলেছে। উপকূলীয় অঞ্চলে লবণাক্ততার বিস্তৃতি ঘটছে। জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাতে এই সমস্যাগুলো আরো বৃদ্ধি পাবে।

এই সমস্যাগুলোর সমাধানে বাংলাদেশ বদ্বীপ পরিকল্পনা ২১০০-তে বেশ কিছু কৌশলের কথা বলা হয়েছে। বিশেষ করে স্বাদু পানি বিষয়ক কৌশলে বর্ণিত স্থানীয় পর্যায়ে জলাধার (খাল, পুকুর, বাঁওড়) পুনঃখনন ও সংরক্ষণ, বৃষ্টির পানি সংরক্ষণ, নদ-নদীর প্রবাহ বৃদ্ধি, নদী ও জলাভূমি পুনরুদ্ধার, জীববৈচিত্র্য সংরক্ষণ, ভূগর্ভস্থ পানি ব্যবহারে কড়াকড়ি আরোপ ও সংরক্ষণ, নগর ও গ্রামীণ নদীতে স্বাদু পানির প্রবাহ বৃদ্ধি ও সার্বিকভাবে দূষণমুক্ত রাখা প্রস্তাবগুলোর যথাযথভাবে বাস্তবায়ন হওয়া জরুরি। ভারতের সঙ্গে সংযুক্ত নদীগুলোর প্রবাহ ঠিক রাখার জন্য চলমান উদ্যোগকে আরো গতিশীল করার কৌশল নির্ধারণ করা প্রয়োজন।

পানি সংরক্ষণে ব্যক্তির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। একজন ব্যক্তি ইচ্ছা করলেই পানি ব্যবহারের পরিমাণ কম করতে পারেন। যেমন- বাড়িতে ট্যাপ বা শাওয়ার কতক্ষণ খোলা থাকবে, তা নির্ভর করে ব্যক্তির বিবেচনার ওপর। আমাদের এই উপমহাদেশে খ্রিস্টপূর্ব চতুর্থ শতকে মৌর্যযুগের শুরুতে জলাশয় সংরক্ষণ বিষয়টি কঠোরভাবে মানা হতো। কৌটিল্যের অর্থশাস্ত্রে জলাশয় সংরক্ষণের বিস্তারিত বিবরণ পাওয়া যায়। এমনকি সেই সময়ে পরিত্যক্ত জলাশয়ের ক্ষতি করাটাও অপরাধ হিসেবে বিবেচিত হতো। পরিত্যক্ত জলাশয়কে ব্যবহারযোগ্য করে তোলার দর্শন তখনকার সমাজে পাওয়া যায়। অথচ এখন আমরা পুকুর, খাল, বিল-নদী ভরাট করে সেসব জায়গায় স্থাপনা তৈরিতে ঝাঁপিয়ে পড়ছি। জলাশয়গুলো বাংলাদেশের জন্য আশীর্বাদ বিবেচনা করে এগুলো সংরক্ষণে আরো কঠোর হওয়া প্রয়োজন। জলাশয় কিংবা ভূগর্ভস্থ পানি আমাদের ও আগামী প্রজন্মের জন্য যে অতি মূল্যবান, তা সঠিকভাবে অনুধাবন করতে হবে।

লেখক : অধ্যাপক, প্রাণিবিজ্ঞান বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

আমরা পানিকে যে দৃষ্টিভঙ্গি দিয়ে মূল্যায়ন করব, সেটিই বলে দেবে যে পানি ব্যবস্থাপনা ও বিতরণ কেমন হবে। আসলে এই দৃষ্টিভঙ্গি যত বেশি বাস্তবানুগ হবে, পানি ব্যবস্থাপনা ও বিতরণ তত বেশি কার্যকর ও ফলপ্রসূ হবে। পানির মূল্যায়নে পানির উৎস, সংরক্ষণ, বিশুদ্ধকরণ, বিতরণ, পান, স্বাস্থ্যসেবা, খাদ্যশস্য তৈরি, আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক কার্যক্রম বিষয়গুলোকে বিবেচনায় নেওয়া প্রয়োজন।

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৪ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৫ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

নামাজের সময়-সূচী

মার্চ	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮
ফজর	৫.৩৯	৫.৩৮	৫.৩৬	৫.৩৪	৫.৩২	৫.৩১	৫.২৯
সূর্যোদয়	৬.৫৬	৬.৫৪	৬.৫৩	৬.৫১	৬.৪৯	৬.৪৮	৬.৪৬
জোহর	১.০৩	১.০৩	১.০২	১.০২	১.০২	১.০১	১.০১
আসর	৫.২২	৫.২২	৫.২৩	৫.২৪	৫.২৫	৫.২৬	৫.২৬
মাগরিব	৭.১০	৭.১১	৭.১২	৭.১৩	৭.১৪	৭.১৬	৭.১৭
এশা	৮.২৫	৮.২৬	৮.২৮	৮.২৯	৮.৩০	৮.৩১	৮.৩২

সমাজ কতটা এগোল



সিরাজুল ইসলাম চৌধুরী

নারী নির্যাতনের মতোই শিশু নির্যাতন অবশ্য নতুন কোনো ঘটনা নয়। উন্নতির স্তরে স্তরে শিশুশ্রমের ক্রন্দন ও ঘাম চাপা দেওয়া রয়েছে। কিন্তু নতুন যা যোগ হয়েছে তা হলো শিশু ধর্ষণ। ধর্ষণ করছে এবং সাক্ষী না রাখার জন্য ধর্ষিত শিশুটিকে হত্যা করছে। বাংলাদেশে এ জিনিস কিছুদিন আগেও অজানা ছিল; এখন এটা নিত্যদিন যখন-তখন, যেখানে-সেখানে ঘটছে। এই লেখাটি তৈরি করতে করতেই খবর দেখলাম টাঙ্গাইলে ১০ বছরের একটি শিশুকে প্রথমে ধর্ষণ ও পরে হত্যা করে ঝোপের মধ্যে ফেলে দেওয়া হয়েছে। এরই মধ্যে সেপ্টেম্বরের ১০ তারিখে কাগজে খবর এসেছে যে কিশোরগঞ্জে রাতের বেলা সিঁধ কেটে একটি শিশুকে অপহরণ ও ধর্ষণ করা হয়েছে। এই দরিদ্র দেশে সাহসী চোরদের টাকা-পয়সা, সোনা-গয়না অপহরণের জন্য সিঁধ কাটাটা অপরিচিত ঘটনা নয়, দিনাজপুরের ঘোড়াঘাটে যুবলীগ নেতা নাকি সিঁধ কেটে উপজেলা নির্বাহী অফিসারের ঘরে ঢুকেছিল চুরির উদ্দেশ্যে, চুরি কিছুই করেনি, মোবাইল ফোনটাও নয়, নিদ্রিত অফিসারকে হত্যা করার জন্য শুধু হাতুড়ি ব্যবহার করেছে; তবে সিঁধ কেটে ধর্ষণের জন্য শিশু অপহরণের রোমাঞ্চকর অ্যাডভেঞ্চারের খবর এর আগে শুনিনি। উন্নতি ঘটছে বৈকি। বাংলাদেশে মানুষের জন্য নিরাপত্তা আজ কোথাও নেই। পথে-ঘাটে সড়ক দুর্ঘটনা নিত্যনৈমিত্তিক, অনেক মানুষেরই ঘর নেই, যারা ঘরে থাকে তারাও নিরাপদে ঘুমাতে পারে না। ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকায় ফুল বিক্রি করত গৃহহীন যে শিশুটি তাকে পাচারের জন্য যে সুশিক্ষিত মহিলা তৎপর হয়েছিলেন, তিনিও তাঁর কাজের মধ্য দিয়ে জানিয়ে দিয়েছেন যে উপার্জনের জন্য শিশু নির্যাতন খারাপ পন্থা নয়।

যে শিশুরা কোনো মতে বেঁচেবর্তে কিশোর হয়, তাদের অবস্থাটা কী? কোথায় তাদের খেলার মাঠ, নাটকের মঞ্চ, বই পড়বার পাঠাগার, চলবার-ফিরবার পরিসর? এসব জিনিস এককালে অল্পস্বল্প যা কিছু ছিল এখন তা অতীতের সুখস্মৃতিতে পরিণত। কিশোর আন্দোলনও ছিল। ছিল মুকুল ফৌজ, খেলাঘর, কচি-কাঁচার মেলা, চাঁদের হাট–সেসব কোথায় গেছে চলে! একালের ছেলে-মেয়েরা শুনলে মনে করবে গালগল্প। তা কোথায় গেল ওই সব আন্দোলন? কেন গেল চলে? গেল কিন্তু উন্নতির কারণে। উন্নতি মাঠ-ময়দান সব দখল করে নিয়েছে। উন্নতি শিশুকে সমাজবিচ্ছিন্ন করেছে। উন্নতির সাম্প্রতিক সময়ে আওয়াজ আইসোলেশন। উন্নতির চূড়ান্ত প্রকাশ ও প্রকোপ করোনাভাইরাস, যার হাত থেকে বাঁচবার একমাত্র উপায় ঘরের (যদি থাকে) ভেতর লুকিয়ে থাকা। মুখে মুখোশ পরে থাকা। আগে চোর-ডাকাত-খুনিরা ওই জিনিস পরত।

কিশোররা এখন কী করে? হতাশায় ঝিমায়, স্বপ্ন দেখার লোভে মাদক সেবন করে, কে সিনিয়র, কে জুনিয়র বিতর্কে মত্ত হয়ে খুনাখুনি করে, গুরুজনদের নির্দেশে হত্যা করে নারায়ণগঞ্জের কিশোর তুকীকে। আর কী করে? তাদের বিনোদন কী? তার একটি নমুনা করোনাকালেই পাওয়া গেছে। মদ খেয়ে মারা যায়। ঘটনা পাবনা অঞ্চলের, ব্রিটিশ আমলে যে অঞ্চল কৃষক আন্দোলনের জন্য বিখ্যাত ছিল বলে উল্লেখ আছে বঙ্কিমচন্দ্রের বঙ্গদর্শন পত্রিকায়, সেখানে বোনের জন্মদিনের উৎসবে আনন্দ-ফুর্তি উপলক্ষে অতিরিক্ত মদ্যপানে দুই কিশোর প্রাণ হারিয়েছে। ওই এলাকায় মাদক অবাধে বিলিবিক্রি হয়, যেমন হয় অন্য অনেক এলাকায়ও। হতে পারে এই দুই কিশোরও ওই ব্যবসায় যুক্ত ছিল; এমন খবর হামেশাই পাওয়া যাচ্ছে। তুলনামূলকভাবে এগুলো তত ভয়ংকর নয়, যত ভয়ংকর কিশোর গ্যাংয়ের তৎপরতা। কিশোর আন্দোলন নিশ্চিহ্ন হলেও পাড়ায়-মহল্লায় কিশোর গ্যাং গড়ে উঠেছে। তাদের তৎপরতা কমছে না, বাড়ছে। কিশোর গ্যাং কী করে? নিজেদের মধ্যে ছুরি চালাচালি করে, খুন হয়। সংঘর্ষ বাধলে শীতলক্ষ্যায় ঝাঁপ দেয়, পরে লাশ হয়ে ভেসে ওঠে। আরো কাজ আছে তাদের। যেমন–দিনাজপুরে শালবনে 'বন্ধুকে বেঁধে কলেজছাত্রীকে ধর্ষণ।' অথবা কিশোরগঞ্জে 'প্রেমের প্রস্তাব প্রত্যাখ্যান করায় স্কুলছাত্রীকে ছুরিকাঘাত।' কোনো খবরই নতুন নয়। তবে করোনাকালে অন্য অনেক কিছু কমলেও এগুলো একটুকুও যে কমেনি সে ব্যাপারটাই তাৎপর্যপূর্ণ। মামলা-মোকদ্দমাও চলছে। যেমন–'কিশোর গ্যাংয়ের ১৬ নেতার ঘাড়ে খুনসহ শতাধিক মামলা।' সংবাদপত্রেরই সংবাদ। তবে এদের ঘাড় এরই মধ্যে যথেষ্ট পোক্ত ও প্রশস্ত হয়ে গেছে। ফলে পরোয়া করে না। জামিনে থেকে অথবা জেল খাটা শেষে আবারও তৎপর হয় এবং তৎপর থাকে যতক্ষণ না মৃত্যু ঘটে। আমৃত্যু সাধনা। কিশোররা কি ভালো কাজ করে না? অনেকেই করে, কিন্তু সেসব প্রচার পায় না। ভালো কাজগুলো আলো-বাতাসের মতো, তারা মিশে যায়, মিশে থাকে; খারাপ কাজগুলো গুচ্ছ গুচ্ছ অন্ধকার, তারা দুষ্ট বাতাস, তারা নাড়িয়ে দেয়। তারা সংক্রামক। আমরা টের পাই। অন্যের অপকর্মে বাধা দিয়েছে কিশোর, দিতে গিয়ে প্রাণ হারিয়েছে, এমন ঘটনাও ঘটে। ঘটেছে এই করোনার সময়েই। কিশোররা যে ভালো কাজ কতটা করতে পারে দেখেছি তা অতীতের ছাত্র আন্দোলনে। দেখেছি মুক্তিযুদ্ধে। দেখেছি কিছুদিন আগে ঢাকা শহরে নিরাপদ সড়ক ব্যবস্থাপনায় তারা যখন রাস্তায় এসে দাঁড়িয়েছিল তখনো। স্বেচ্ছাসেবী কিশোররা যান চলাচলে এমন শৃঙ্খলা এনে দিয়েছিল যেমনটা বেতনভুক ও সুবিধাপ্রাপ্ত আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর জন্য দুঃসাধ্য। আর সে জন্যই ওই ভালো কাজটিতে তারা টিকে থাকতে পারেনি। তাদের সরে পড়তে হয়েছে। এমনকি হয়রানির শিকার পর্যন্ত হতে হয়েছে। নীরবে এমন উচিত শিক্ষা দিয়ে দেওয়া হয়েছে, যেন আর কখনো ওমুখো না হয়। তোমরা মাদক খাও ঠিক আছে, অল্প বয়স এদিক-সেদিক তো করবেই; তোমরা দাঙ্গাফ্যাসাদ করো তা-ও সহ্য, কিন্তু পুলিশের কার্যে হস্তক্ষেপ? তাহলে পুলিশ কী করবে?

আমরা যখন কিছুটা কম উন্নত ছিলাম তখন আমাদের বিশ্ববিদ্যালয়গুলোতে ছাত্রসংসদ নামে একটি পরিসর ছিল। ছাত্রসংসদের কার্যক্রমে অংশ নিয়ে ছেলে-মেয়েরা অনুশীলনের মধ্য দিয়ে সাংস্কৃতিক, রাজনৈতিক ও সামাজিকভাবে গড়ে উঠবার সুযোগ পেত, পরে উন্নয়নের জোয়ার যখন চলে এলো তখন দেখা গেল তার প্রপাতে বিশ্ববিদ্যালয়ের প্রাণ শুকিয়ে যাওয়া শুরু হয়েছে। পরিণামে দেখা গেল অপরাধ ও সহিংসতার মারাত্মক বৃদ্ধি এবং সরকারদলীয় ছাত্রসংগঠনের দোর্দন্ড প্রতাপ। যার সাক্ষী সহপাঠীদের হাতে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্র আবরারের করুণ মৃত্যু। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে উন্নয়নকাজে ছাত্রলীগের স্থানীয় ও কেন্দ্রীয় নেতাদের থাবা বসানোর প্রচেষ্টাও জানিয়ে দেয় যে সরকারি দলের সঙ্গে থাকলে কী কী সুযোগ-সুবিধা হস্তগত করা সম্ভবপর।

বহু আলোচনা-সমালোচনা ও ক্রমবর্ধমান দাবির মুখে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শেষ পর্যন্ত দায়সারা গোছের ছাত্রসংসদের একটি নির্বাচন হয়েছে। তবে কারচুপির অভিযোগ উঠেছিল।



কেন্দ্রীয় ছাত্রসংসদে (ডাকসু) সাধারণ সম্পাদক ছিলেন সরকার সমর্থক ছাত্রসংগঠনের সদস্য। দেখা গেল দুর্নীতির সঙ্গে যুক্ত থাকার অভিযোগে তিনি তাঁর নিজের সংগঠন থেকেই বহিষ্কৃত হয়েছেন। ভিপি হয়েছিলেন কোটা আন্দোলনের নেতা নুরুল হক। নির্বাচনের আগে, নির্বাচনের সময়ে এবং নির্বাচনের পরে তিনি শারীরিকভাবে প্রহৃত হয়েছেন। তাঁর কার্যকাল শেষ হয়েছে; কিন্তু তিনি যেহেতু রাজনৈতিক দল খাড়া করবেন বলে ঘোষণা দিয়েছেন সে কারণেই হবে, তাঁর বিপদ কাটেনি। যুবকটি মামলা ও পুলিশি হয়রানির মুখে পড়েছেন। নতুন মামলা ধর্ষণে সহযোগিতার। এ নিয়ে একটি জাতীয় দৈনিকের সংবাদ শিরোনামটি মনে হয় অযথার্থ নয়: 'বিরোধী দলহীন মাঠে নুরই প্রতিপক্ষ'। (কালের কণ্ঠ, ২৩-০৯-২০)। সম্প্রতি একটি প্রতিবাদ মিছিল থেকে তাঁকে তুলে নিয়ে যাওয়া হয়। এরশাদ আমলে ছাত্র আন্দোলনের মুখে ডাকসুর এক সাধারণ সম্পাদককে দলে ভেড়াবার জন্য টানাটানি করা হয়েছিল। সরকার তাতে সফলও হয়েছিল। এখন চলে এসেছে নিবারণের আরো উন্নত পন্থা।

কৈশোর ছাড়িয়ে যারা যুবক হয়, তারা রাজনীতিমনস্ক হোক এটা রাষ্ট্রক্ষমতার মালিকরা চান না। তাদের সেই রাজনীতিটা কী? বিরোধীদলীয়দের দমন-পীড়ন করা, দলীয় সভায় শোভাযাত্রায় অংশ নেওয়া, বিভিন্ন দিবস পালন উপলক্ষে চাঁদা তোলা–এসব তাদের রাজনৈতিক কর্মসূচির অংশ হওয়ার কথা, হয়ও নিশ্চয়ই; কিন্তু এখন তো আর বিরোধী দলের লোকরা দৃশ্যমান নয়, অদৃশ্য শত্রুকে কতই আর ধাওয়া করা যায়? তাদের প্রধান রাজনৈতিক কাজ এখন তাই অন্য ধরনের। উচ্চতর নেতারা কেউ কেউ ক্যাসিনো ব্যবসা করেন, নেত্রীরাও কেউ কেউ কম যান না। কাজ আরো আছে। টেন্ডারবাজি, চাঁদাবাজি চলে। মাদকের ব্যবসা, নদী, বালুমহাল, খাল-বিল, সরকারি জমি দখল–এসব রাজনৈতিকভাবে চলে। নেতা হওয়াটা সহজ কাজ নয়, বড় ভাইদের হাত ধরতে হয়, বড় ভাইরা উঁচুতে থাকেন, পৌঁছতে হলে মই চাই, সেই মই কাঠের নয়, টাকার বটে। তারপর পদ পেলে যা ইচ্ছা তা-ই করা যায়। প্রশাসন সাধারণত দেখেও না দেখার ভান করে। তাদের জন্য ভয় থাকে অপদস্থ হওয়ার কিংবা দুর্গম স্থানে বদলির। তবে মাঠ পর্যায়ের কেউ যদি 'বেয়াদবি' করেন, তবে তিনি শুধু হুমকি নয়, প্রাণনাশের শঙ্কাতেও পড়েন। কখনো কখনো বিপত্তি ঘটে, ধরা পড়ে যান, তবে তাঁকে নিয়ম না বলে ব্যতিক্রম বলাই ভালো। তাতে বুঝতে সুবিধা হবে।

হতদরিদ্র এই দেশ আমাদের। এখানে নেতাদের কত না ছোট ছোট ঝগড়া-ফ্যাসাদে জড়িয়ে পড়তে হয়। ঘটনা ত্রিশালের। সেখানে দুই পরিবারের মধ্যে ঝগড়া হয়েছে একটি ছাগল নিয়ে। প্রতিবেশী এক পরিবারের ছাগল অপর পরিবারের সীমানা এলাকায় প্রবেশ করেছে, ছাড়া পেলে নির্বোধ ছাগলরা যেমনটা করেই থাকে; সে ঘটনা নিয়ে ঝগড়াঝাঁটি হতেই পারে, এমনকি ছাগলটির ঠ্যাঙ ভেঙে দেওয়াও বিচিত্র নয়, যেমনটা এ ক্ষেত্রে ঘটেছে। কিন্তু এমনই তপ্ত এখন ঘরবন্দি মানুষজন যে দুই পরিবারই লাঠিসোঁটা নিয়ে বের হয়ে পড়েছে। তাতে পাঁচজন আহত হয়ে হাসপাতালে গেছেন, একজন নিহত হয়েছেন অকুস্থলেই। যিনি নিহত হয়েছেন তিনি স্থানীয় যুবলীগের একজন নেতা। সে জন্যই এই খবরটা সাধারণ মৃত্যুর তুলনায় অতিরিক্ত মূল্য পেয়েছে। সংবাদে উল্লেখ করা হয়েছে, এলাকাটি শোকে স্তব্ধ এবং পরিবারটিতে আহাজারি চলছে। অতি উন্নত ভারতে যখন গো হত্যার অপরাধে, এমনকি সন্দেহেও, মানুষ হত্যা চলে, তখন আমরাই বা পিছিয়ে থাকি কোন দুঃখে? গরু না হোক ছাগল নিপীড়নের শাস্তি তো দিতে পারি। নিকট-প্রতিবেশী, ভ্রাতৃপ্রতিম সম্পর্ক! আমাদের ছাগলযুগে পৌঁছে যাওয়ার আরো নিদর্শন রয়েছে। রাজশাহীর এক উপজেলায় চলন্ত ট্রাকের সামনে দুটি ছাগল দৌড়ে এসে পড়েছিল, তাতে তারা নিহত হয়। ছাগলের মালিক ছাড়বেন কেন? ১০-১২টি মোটরসাইকেল হাঁকিয়ে তাঁর লোকরা ধাওয়া করেছে, ১৪ কিলোমিটার পার হয়ে ট্রাকচালককে ধরতে পেরেছে তারা। এবং সেখানেই তাঁকে পিটিয়ে মেরে ফেলে তবে ছেড়েছে।

তবে আমরা অবশ্যই এগিয়েছি। পাকিস্তান আমলে আমরা মনে হয় হাঁস-মুরগির যুগে ছিলাম। কমিউনিস্ট হওয়ার অভিযোগে কমরেড আবদুশ শহীদ গ্রেপ্তার হয়েছিলেন ১৯৪৮ সালে। পিরোজপুরের সাব-জেলে গিয়ে দেখেন অপরাধী উপচে পড়ছে। একজন জেলহাজতি এক বছর ধরে বিনা বিচারে আটক আছেন, জামা-কাপড় ছেঁড়াফাটা, সারা গায়ে অসুখের চিহ্ন। তাঁর অপরাধ হাঁস চুরির। অপরাধীর ভাষায়, 'আমি নাকি অন্যের বাড়ির হাঁস তাড়িয়ে নিজের বাড়িতে নিয়ে এসেছি।' উকিল-মোক্তার কোথায় পাবেন? জেলে থেকেছেন। (কারা-স্মৃতি, ১৯৭৭, পৃষ্ঠা ৩০) আমাদের ভয় নেই, উন্নতি অব্যাহত রয়েছে। হাঁস-মুরগির যুগ পেরিয়ে ছাগলের যুগে এলাম। এরপর? গরুর? না, না, গরু বেশ বোকা এবং খুবই উপকারী। মনে হয় শিয়ালের যুগটাই অবধারিত। শিয়াল অন্য কিছু জানে না অপহরণ ভিন্ন। কে জানে এরই মধ্যে সেখানে পৌঁছে গেছি কি না। ছাগল নিয়ে খুনাখুনি চলবে; কিন্তু কর্তৃত্ব থাকবে শিয়ালের। বিশ্বজুড়েই।

লেখক : ইমেরিটাস অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়



আজকাল'র বিরুদ্ধে রানার'র মামলা

(শেষের পাতার পর)

রানার কর্তৃপক্ষ। সম্প্রতি জ্যাকসন হাইটসে আয়োজিত এক সংবাদ সম্মেলনে উল্লেখিত মামলার বিষয়ে জ্যাকব মিলটন বাদীর পক্ষে আজকাল-এ প্রকাশিত খবরে তার প্রতিবাদ ও বক্তব্য তুলে ধরেন। এর আগে ভিডিও কনফারেন্সে রানার পত্রিকার প্রকাশক আবু এম হক তার পক্ষে বক্তব্য রাখার জন্য জ্যাকব মিল্টনকে অনুমতি প্রদান করেন। এব্যাপারে আজকাল-এর বিরুদ্ধে সুপ্রীম কোর্ট ষ্টেট অব নিউইয়র্ক কাউন্সি অব কুইন্স-এর আদালতে দায়ের করা মামলার ইনডেক্স নম্বর ৭২৪১৪৫/২০২০, তারিখ ১১ জানুয়ারী ২০২১। মামলার বাদী আবু এম হক এবং উইকলি রানার নিউজ।

সংবাদ সম্মেলনে জ্যাকব মিল্টন জানান, বিগত ২৩ অক্টোবর আজকাল-এর প্রকাশিত একটি খবরে মাধ্যমে কমিউনিটির একজন স্বনামধন্য ডাক্তারের মানহানি করা হয়েছে। প্রকাশিত ঐ সংবাদের সাথে আর কারো ছবি প্রকাশ না করে ডা. আবু এম হক-এর ছবি প্রকাশ করায় এই মানহানি হয়েছে। পাশাপাশি যে সাংবাদিকের অভিযোগের প্রেক্ষিতে রিপোর্টটি প্রকাশ করা হয়েছে তা নিয়ে লেবার কোর্টে মামলা চলছে। একটি মামলার চূড়ান্ত রায় না হওয়া পর্যন্ত সে ব্যাপারে কোন সিদ্ধান্ত নেয়ার সুযোগ নেই। সংবাদ সম্মেলনে তিনি অভিযোগ করেন যে, আজকাল-এ প্রকাশিত খবরের প্রতিবাদ জানালেও আজকাল কর্তৃপক্ষ তা প্রকাশ করেননি।

এব্যাপারে আজকাল-এর প্রকাশক ও সম্পাদক জাকারিয়া মাসুদ জিকো'র সাথে রোববার সন্ধ্যায় ফোনে যোগাযোগ করা হলে তিনি কোন মন্তব্য করতে রাজী হননি।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS القطرية

Emirates

TURKISH AIRLINES

السعودية SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

Digital Travel Astoria

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

We are on Facebook

website: www.digitaltraveltour.com

বঙ্গবন্ধু ছিলেন সব দলের নেতা



ড. কামাল হোসেন

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী, বিশ্বরাজনীতির অবিসংবাদিত কিংবদন্তি তথা বাংলা ও বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে জানাই বিনম্র শ্রদ্ধা। আমরা শুনেছি, মানুষটি ছোটকাল থেকেই ছিলেন পরোপকারী। রাজনৈতিক জীবন শুরু হওয়ার আগেই গ্রামের হতদরিদ্র মানুষের দুঃখ-কষ্ট দেখে তার নিজের মধ্যেই তা প্রকটভাবে নাড়া দিত। তিনি শীতার্তদের নিজের চাদর দান করতে কুণ্ঠা বোধ করেননি। আজীবন সত্যনিষ্ঠ একজন ন্যায়পরায়ণ মানুষ ছিলেন তিনি। তার রাজনৈতিক জীবন পর্যবেক্ষণ করলে দেখতে পাই তার সততা, নিষ্ঠা ও একাগ্রতা। তিনি বক্তৃতা করতেন সহজ-সরল ভাষায়, সাধারণ মানুষের মুখের কথা তিনি তার বক্তৃতায় তুলে ধরতেন। তিনি সাধারণ মানুষকে ভালোবাসতেন। তিনি যেখানে গেছেন সাধারণ মানুষ তার আপনজন হয়ে যেত। আমি যখন রাজনীতিতে ঢুকি, তখন মুজিব ভাই আমাকে যে পথ দেখিয়েছিলেন তা কখনো ভোলার নয়। তিনি বলতেন, 'রাজনীতি করলে মানুষের কাছে যেতে হবে, বারবার যেতে হবে।'



আমার রাজনৈতিক জীবনে একবার উত্তরবঙ্গে যাই। সেখানে গিয়ে মানুষের মুখে শুনতে পাই, সেই যে মুজিব ভাই এসেছিলেন আর তো কাউকে দেখিনি আমাদের কাছে আসতে। এতদিন পর আপনাকে দেখলাম। সত্যি আমার মনে জাগ্রত হয়েছিল–যারা রাজনীতি করেন তাদের অবশ্যই সাধারণ মানুষের মনে ঢুকতে হবে, সাধারণ মানুষের চিন্তা করতে হবে। যদিও এখন সে রাজনীতি নেই, আর নেই বলেই এরকম নেতা পাওয়া বিরল।

তার সম্মোহনী শক্তি খুব প্রখর ছিল। যার কারণে তিনি সমাদৃত। পৃথিবীতে সম্মোহিনী শক্তিসম্পন্ন ব্যক্তিত্ব কয়েক যুগে জন্মায় আর এসব ব্যক্তিত্বের আঙুলের ইশারায় পৃথিবীর বুকে মহাবিপ্লব সংঘটিত হয়। তেমনি সম্মোহিনী শক্তি ছিল বঙ্গবন্ধুর মধ্যে। তার সততা, নিষ্ঠা তাকে করেছে কিংবদন্তি। যেখানেই তিনি গেছেন মনে হয় সবাই তার আপন, খুব কাছের মানুষ।

তাই তো বঙ্গবন্ধু শুধু একটি নাম নয়, একটি ইতিহাস। যার নাম বাংলাদেশ। বাংলাদেশ আর বঙ্গবন্ধু অবিচ্ছেদ্য। বাংলাদেশকে জানতে হলে বঙ্গবন্ধুকেও জানতে হবে। কীভাবে একজন নেতা হিসেবে নিজেকে গড়ে তুলতে হয় তার প্রকৃষ্ট উদাহরণ বঙ্গবন্ধু। তার দীর্ঘ সংগ্রাম ছিল বহু বিচিত্র। বারবার মৃত্যুর মুখোমুখি হয়েছেন কিন্তু আপস করেননি। সেই যে রাজনৈতিক জীবন, যে লক্ষ্য নিয়ে রাজনীতি করেছেন সেই লক্ষ্যে পৌঁছাতে হলে কত ষড়যন্ত্রের ঘেরাটোপে পার হতে হয়! তিনি তা জেনেশুনেই নিজেকে উতরেছেন। আর উতরেছেন বলেই দীর্ঘসময় জেল-জুলুম-অত্যাচার সবকিছু মাথায় তুলে নিয়েছিলেন। একটাই লক্ষ্য–দেশের সাধারণ মানুষের মুক্তি। মানুষ যেন দুমুঠো ভাত খেতে পারে; শান্তিতে, স্বস্তিতে ঘুমাতে পারে–এ ছিল তার সার্বক্ষণিক চিন্তা।

যে মানুষটি সারাটা জীবন কাটিয়েছেন দেশকে পরাধীনতার হাত থেকে মুক্ত করার জন্য, একটা স্বাধীন সার্বভৌম দেশ দেখবার জন্য, স্বাধীনতার চার বছরের মাথায় সেই মানুষটিকে হত্যা করল বিপথগামী কিছু সেনা কর্মকর্তা।

আর একটি কথা বলেই শেষ করছি। বঙ্গবন্ধু কোনো দলীয় নেতা ছিলেন না। দলমতনির্বিশেষে তিনি সবার জাতীয় নেতা। তিনি একটি দলের প্রধান হলেও সব দল নিয়ে জাতীয় ঐক্য গড়েছিলেন দেশ মুক্ত করার জন্য। তিনি জানতেন, ঐক্য ছাড়া দেশ স্বাধীন করা যাবে না। সব দলের মানুষও তাকে শ্রদ্ধার আসনে অলংকৃত করেছিল। তাই তিনি একটি দলের হলেও সব দলের নেতা। তার যে দিকটা বড় ছিল, জাতীয় ঐক্য। দলের প্রধান হিসেবে নয়, দেশের জনগণের নেতা হিসেবে বিভিন্ন দলের নেতারা তাকে মেনেছেন, শ্রদ্ধা করেছেন।

লেখক: রাজনীতিক ও আইন বিশেষজ্ঞ

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন



DR. MAHFUJUL HASAN D.D.S



DR. BORNALI HASAN MD

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন।
প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'

For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার খ ঠরংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SHARIF TAX SERVICE



IRS Authorize e-file provider
37-47 77th Street,
Jackson Heights, NY 11372
PH: 917-547-7298
917-858-4249
e-mail: shariftaxservice@gmail.com

SHARIF Q. ALAM (HIRA)
B.Sc. (Hons), MS, DU
20 Years experience
Tax Prepare
NYS-Lic! Real Estate Sale agent

SERVICES:
● Tax Service
● Immigration
● Real Estate

বঙ্গবন্ধুর পূর্বপুরুষ

সাপ্তাহিক ২৫ বছরে বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika

মো: জোবায়ের আলী জুয়েল

বাংলাদেশের ইতিহাসে এক ক্ষণজন্মা মহান মানুষ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তার নেতৃত্বে বাঙালী জাতি পেয়েছে একটি নতুন রাষ্ট্র, বাংলাদেশ। যার হাত ধরে আমাদের এই গৌরবময় অর্জন, সঙ্গত কারণে তার ও তার পরিবার সম্বন্ধে জানার আগ্রহ আমাদের অনেকের। অষ্টাদশ শতাব্দীতে এবং তারও আগে অনেক ধর্মপ্রচারক সুদূর আরব থেকে বাংলাদেশে আসেন মহান ইসলাম ধর্মের বাণী নিয়ে। বঙ্গবন্ধুর পরিবার সূত্রে জানা যায়, অষ্টাদশ শতাব্দীর প্রথমভাবে বঙ্গবন্ধুর পূর্ব পুরুষরা বাগদাদ থেকে এই অঞ্চলে আসেন। মূল উদ্দেশ্য ধর্মপ্রচার হলেও এদের কেউ কেউ ব্যবসায় মনোযোগী ছিলেন। কলকাতা ছিল সে সময়ে ব্যবসার মূল কেন্দ্র। অল্পদিনের মধ্যে শেখ পরিবারের সদস্যরা বিরাট ভূ-সম্পত্তির মালিক হন। সে আমলে শেখ পরিবারের পূর্ব পুরুষরা মকিমপুর পরগনা এস্টেটের জমিদারের অধীনে ছিলেন।

সে সময় মকিমপুর পরগনা এস্টেটের জমিদার থাকতেন কলকাতায়। তবে পাঠগাতী বন্দরে (বর্তমান টুঙ্গিপাড়া উপজেলার একটি গ্রাম) জমিদারদের একটি বিরাট কাচারী ছিল। শেখ পরিবার তাদের প্রদত্ত ভূ-সম্পত্তির জন্য নির্ধারিত খাজনা এই কাচারী বাড়িতেই জমা দিতেন। জমিদারদের অনুমতি নিয়ে বঙ্গবন্ধুর পূর্ব-পুরুষরা বসবাসের জন্য এখানে বাড়ি নির্মাণ করেন। তখন ফরিদপুর, মাদারীপুরের মধ্যে সর্বপ্রথম এই ভবনটিই নির্মিত হয়।

শেখ পরিবারের প্রদত্ত তথ্যানুযায়ী, বঙ্গবন্ধুর পিতামহের পিতামহ এর নামের উল্লেখ পাওয়া যায়। পারিবারিক সূত্রগুলো বঙ্গবন্ধুর পিতামহের পিতামহ (একরামুল্লাহ শেখ) পূর্ব পুরুষের নাম জানাতে পারেননি। সূত্রগুলো থেকে জানতে পারা যায়, একরামুল্লাহ শেখের পিতামহ সর্বপ্রথম এ দেশে আসেন।

শেখ একরামুল্লাহরা ছিলেন দুই ভাই। শেখ একরামুল্লাহ ও শেখ কুদরতুল্লাহ। বঙ্গবন্ধুর পিতামহের পিতামহ ছিলেন শেখ একরামুল্লাহ। শেখ কুদরতুল্লাহ ছিলেন বড়। শেখ কুদরতুল্লাহর চার ছেলে। তাঁরা হলেন যথাক্রমে, শেখ আব্দুল গফুর, শেখ আব্দুল জব্বার, শেখ আব্দুল রহিম, শেখ আব্দুল খালেক। এদের মধ্যে শেখ আব্দুল খালেক ও শেখ আব্দুল গফুর শিশু বয়সেই মারা যায়।

শেখ আব্দুল জব্বারের ছয় ছেলে হলেন, শেখ সৈয়দুল হক, শেখ অহিদুল হক, শেখ নিজামুল হক, শেখ শামসুল হক, শেখ সুলতানুল হক ও শেখ নূরল হক। সেই ছয়জনের ঔরসজাত ছেলে-মেয়েরা হলেন-

শেখ সৈয়দুল হক: এক মেয়ে, হোসনেয়ারা বেগম। হোসনেয়ারার দুই মেয়ে, জিন্নাতুন্নেছা বেগম (সাবেক শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের মা) ও ফজিলাতুন্নেছা বেগম (বঙ্গবন্ধুর স্ত্রী)।



শেখ অহিদুল হক: এক ছেলে শেখ আশরাফুল হক।

শেখ নিজামুল হক: এক ছেলে শেখ ফরিদ

শেখ শামসুল হক: পাঁচ ছেলে- শেখ রিয়াজুল হক, শেখ রবিউল হক, শেখ মমিনুল হক, শেখ ইমামুল হক, শেখ শামিমুল হক।

শেখ সুলতানুল হক: এক ছেলে মারা গেছেন।

শেখ নুরুল হক: তিন ছেলে, তিন মেয়ে। শেখ ফজলুল হক মনি, শেখ ফজলুল করিম সেলিম, শেখ মারুফ, ফিরোজা (বাংলার বাণী সম্পাদকমন্ডলীর সভাপতি ইলিয়াস আহমেদ চৌধুরীর স্ত্রী), রেবা (সাবেক মন্ত্রী নাজিউর রহমান মঞ্জুর স্ত্রী) ও রেখা (চট্টগ্রামে স্বামীর সঙ্গে আছেন)।

শেখ আব্দুর রহিমেরও তিন ছেলে। তারা হলেন– শেখ আব্দুল হক, শেখ আব্দুল মান্নান ও শেখ আব্দুল হান্নান। শেখ আব্দুল কদ্দুস এর দুই ছেলে। শেখ মুহম্মদ মুসা (সাবেক মন্ত্রী শেখ শহীদুল ইসলামের পিতা) ও শেখ মুহম্মদ ইয়াহিয়া। শেখ মুহম্মদ মুসার দুই ছেলে দুই মেয়ে। শেখ শহীদুল ইসলাম (সাবেক শিক্ষামন্ত্রী), শেখ সাহিদুল ইসলাম (জন্ম টুঙ্গিপাড়ার বাড়ীতে), ফরিদা বেগম, সাহিদা বেগম।

বঙ্গবন্ধুর পিতামহের পিতামহ ছিলেন শেখ একরামুল্লাহ। শেখ একরামুল্লাহর দুই ছেলে, তারা হলেন শেখ মোহাম্মদ জাকের ও শেখ মোহাম্মদ ওসিম উদ্দিন।

শেখ মোহাম্মদ জাকেরের তিন ছেলে। শেখ আব্দুল হামিদ (বঙ্গবন্ধুর দাদা), আব্দুর রশীদ ও শেখ আব্দুল মজিদ।

শেখ আব্দুল মজিদ: এক মেয়ে সাহেরা খাতুন (বঙ্গবন্ধুর মাতা)।

শেখ আব্দুল হামিদ: তিন ছেলে। শেখ লুৎফর রহমান (বঙ্গবন্ধুর পিতা), শেখ সফিউর রহমান (মরহুম), শেখ হাবিবুর রহমান (মরহুম)।

শেখ আব্দুর রশিদ: এক ছেলে শেখ মোশারফ হোসেন। প্রাক্তন প্রাদেশিক পরিষদের সদস্য। এক মেয়ে তার নিঃসন্তান অবস্থায় মারা গেছেন।

শেখ লুৎফর রহমান: দুই ছেলে চার মেয়ে। শেখ আবু নাসের (খোঁড়া নাসের) ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, মরহুম ফাতেমা বেগম (ইলিয়াস আহমদ চৌধুরীর মা), আসমা বেগম (শেখ ফজলুল করিম সেলিমের মা), হেলেন (আব্দুর রব সেরনিয়াবাতের স্ত্রী) ও খাদেজা বেগম।

শেখ সফিউর রহমান: নিঃসন্তান অবস্থায় মারা গেছেন।

শেখ হাবিবুর রহমান: এক ছেলে এক মেয়ে। হাফিজুর রহমান (ব্যবসায়ী) ও মেয়ে লুলু।

শেখ মুজিবুর রহমান: তিন ছেলে, দুই মেয়ে। শেখ কামাল, শেখ জামাল, শেখ রাসেল, শেখ হাসিনা (বর্তমান প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগের সভানেত্রী), শেখ রেহানা।

শেখ আবু নাসের: পাঁচ ছেলে তিন মেয়ে। সবাই খুলনায় বসবাস করেন। বঙ্গবন্ধুর ছোট ভাই শেখ আবু নাসেরের পত্নী শেখ রাজিয়া নাসের ১৬ নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দে ইন্তেকাল করেন। তিনি বাগেরহাট-১ আসনের এমপি শেখ হেলাল উদ্দীনের মা।

শেখ মোহাম্মদ ওসম উদ্দিনের দুই ছেলে- মোহাম্মদ কাসেম ও মোহাম্মদ হাতেম।

শেখ মোহাম্মদ কাসেম: এক ছেলে জহুরুল হক (বঙ্গবন্ধুর শ্বশুর)।

শেখ জহুরুল হকের দুই মেয়ে, জিন্নাতুন্নেসা, ফজিলাতুন্নেছা (বঙ্গবন্ধুর স্ত্রী)।

শেখ মোহাম্মদ হাতেম: নিঃসন্তান অবস্থায় মারা গেছেন।

বর্তমানে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধু পরিবারের উল্লেখযোগ্য কেউ থাকেন না।

ব্রিটিশ আমলে মুসলমানরা যখন শিক্ষা-দীক্ষায় পিছিয়ে ছিল তখনও শেখ পরিবারের সদস্যরা শিক্ষায় নিজেদের আদর্শ স্থানীয় করে গড়ে তোলেন। শেখ পরিবারের কয়েকজন সদস্য নিজ যোগ্যতা বলে ব্রিটিশ আমলে সরকারি বড় বড় পদে অধিষ্ঠিত ছিলেন। শেখ মুহম্মদ মুসা বঙ্গবন্ধুর ভায়রা ও শেখ শহীদুল ইসলামের পিতা ১৯৩৭ সালে কলকাতা ইবি রেলওয়েতে চাকরিতে যোগ দেন। শেখ মোশারফ হোসেন খান সাহেব পাকিস্তান আমলে প্রাদেশিক পরিষদের সদস্য ছিলেন।

শেখ পরিবারের সদস্য যারা বেঁচে আছেন তারা আজ সমাজের বিভিন্ন স্তরেও প্রতিষ্ঠিত।

লেখক: কলামিস্ট

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং



আমরা বাংলায় কথা বলি

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

ইমিগেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে শুভেচ্ছা ও অভিনন্দন

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের শুভেচ্ছা ও ধন্যবাদ।

আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনার এতটুকু হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

হাউজ অব রিপ্রেজেন্টেটিভগণ ১৮ মার্চ বৃহস্পতিবার ২টি ইমিগ্রেশন বিল পাশ করেছেনঃ

এ সংখ্যায় আমরা ইমিগ্রেশনের খুব ভাল একটি সংবাদ জানাচ্ছি। হাউজ প্রতিনিধিগণ বৃহস্পতিবার ১৮ মার্চ ভোট দিয়ে ২টি ইমিগ্রেশন বিল পাশ করেছে। প্রথম বিলটি হচ্ছেঃ আমেরিকান ড্রিম এন্ড প্রমিজ এ্যাক্ট। বিলটি ২২৮-১৯৭ ভোটে পাশ হয়েছে। এ বিলটি পাশের ফলে প্রায় ২৫ লাখ আনডকুমেন্টেড ইমিগ্র্যান্ট যারা শিশুকালে আমেরিকা এসেছিল-যারা 'ড্রিমার' বলে পরিচিত তাদের সিটিজেনশীপ লাভে পথ সৃষ্টি করবে। এ ছাড়াও প্রায় ৪ লাখ ইমিগ্র্যান্ট যারা ১০টি নির্দিষ্ট দেশের সাময়িক অস্থায়ী এটকটিভ স্ট্যাটাস লাভ করেছিলো তাদের জন্যও সিটিজেনশীপ লাভের সুযোগ থাকবে। ৯ জন রিপাবলিকান সদস্য দলীয় লাইন ভেঙ্গে ডেমোক্র্যাটকদের সমর্থন করেন। পক্ষে ভোটদানকারী হাউজ প্রতিনধরা হচ্ছেনঃ ডন বেকন (নেব্রাস্কা), ডেভিড জি, ভ্যালডাও (ক্যালিফোর্নিয়া), ফ্রেড আপটন (মিশিগান), মারিয়া এলভিরা সালাজার (ফ্লোরিডা), ড্যান নিউহাউজ (ওয়াশিংটন), ব্রায়ান ফিজ প্যাট্রিক (ফিলাডেলফিয়া), ক্রিস্টোফার এইচ, স্মিথ (নিউজার্সী), কার্লোস এ, সিমিনেজ (ফ্লোরিডা) এবং ম্যারিও ডায়াস ব্যালাট (ফ্লোরিডা)। দ্বিতীয় বিলটি হচ্ছেঃ এইচ, আর, ১৬০৩, কৃষি শ্রমশক্তি আধুনিকায়ন



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

এ্যাক্ট। এই বিলটি পাশ হওয়ার ফলে কৃষি শ্রমিক ইমিগ্র্যান্টদের জন্য গ্রিনকার্ড লাভের পথ উন্মুক্ত হবে। এই বিলটি হাউজে ২৪৭-১৭৪ ভোটে পাশ হয়। এই বিলের পক্ষে ৩০ জান রিপাবলিকান প্রতিনিধি ভোট দেন। তবে একজন ডেমোক্র্যাট প্রতিনিধি বিপক্ষে ভোট দিয়েছেন।

নিম্নে বিল ২টি সম্পর্কে বিস্তারিত উল্লেখ করা হলো।

কৃষি 'শ্রমশক্তি আধুনিকায়ন এ্যাক্ট'ঃ

প্রথমে কৃষি শ্রমশক্তি আধুনিকায়ন এ্যাক্ট নিয়ে আলোচনা করা যাক। বিলটি কংগ্রেস ওম্যান জো লাফ গ্রেন (ডি-ক্যালি) এবং কংগ্রেসওম্যান ড্যান নিউহাউজ ৩ মার্চ হাউজে পুনরায় উত্থাপন করেন। এটা সেই একই রকম কৃষি ইমিগ্রেশন বিল যা ২০১৯ সালে প্রতিনিধি পরিষদে পাশ হয়েছিল। এটি আইনে পরিণত হলে কৃষি শ্রমকিদের জন্য ওয়র্ক অথরাইজেশন লাভের প্রক্রিয়া শুরু হবে। নিচে বিলটির গুরুত্বপূর্ণ বৈশিষ্টগুলো তুলে ধরা হলো।

অব্যাহত কৃষি কর্মসংস্থানের মাধ্যমে বৈধ স্ট্যাটাস লাভের উদ্দেশ্যে বিলটি একটি প্রোগ্রাম প্রতিষ্ঠা করবে।

কৃষি শ্রমিকরা যারা গত ২ বছরে কমপক্ষে ১৮০ দিন কাজ করেছেন তারা যাতে অস্থায়ী স্ট্যাটাস লাভে সার্টিফায়েড কৃষি শ্রমিকের মর্যাদা পায় তার প্রক্রিয়া শুরু হবে। সার্টিফায়েড কৃষি শ্রমিক (এসএ-ডব্লিউ) স্ট্যাটাস অব্যাহত কৃষি কাজের (কমপক্ষে প্রতিবছর ১০০ দিন) জন্য অনির্দিষ্টকাল স্ট্যাটাস নবায়ন করতে পারবেন।

আবেদনকারীদের (স্বামী-স্ত্রী এবং সন্তান) অবশ্যই ব্যাকগ্রাউন্ড চেক করা হবে এবং তাদের কঠোর ক্রিমিনাল এবং জাতীয় নিরাপত্তা পরীক্ষায় পাশ করতে হবে।

কৃষি কাজ ব্যতিত যারা আর কোন কাজ করেননি, দীর্ঘ দিনের শ্রমিক যারা এই কাজে থাকতে আগ্রহী তারা ১ হাজার ডলার জরিমানা দিয়ে গ্রিনকার্ড পেয়ে অতিরিক্ত কাজে নিয়োজিত হতে পারবেন। যেমনঃ

এ ধরনের অতিরিক্ত কাজ করার আগে ১০ বছর কাজ করতে হবে এবং এর রকম কাজ অতিরিক্ত আরও ৪ বছর করতে হবে।

যারা এই আইন হওয়ার আগে ১০ বছরের কমসময় কাজ করেছেন তাদের এই কাজের জন্য অবশ্যই



আরো ৮ বছর পূর্ণ করতে হবে।

আমেরিকান ড্রিম এন্ড প্রমিক এ্যাক্টঃ

এই বিলের কারণে নির্দিষ্ট বিদেশিদের বিরুদ্ধে রিমুব্যাল প্রক্রিয়া বাতিল এবং বন্ধ হবে এবং তাদের স্থায়ী রেসিডেন্ট স্ট্যাটাস লাভের সুযোগ হবে।

হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট (ডিএইচএস) বা ডিপার্টমেন্ট অব জাস্টিস (ডিওজে) যারা শৈশবে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছে এমন বিদেশীদের বিরুদ্ধে রিমুভ্যাল প্রক্রিয়া বাতিল করে তাদের শর্তসাপেক্ষ পার্মানেন্ট রেসিডেন্ট স্ট্যাটাস মঞ্জুর করবে।

তবে বিলটিতে স্থায়ী স্ট্যাটাস লাভে জন্য বিভিন্ন শর্ত পূরণ করতে হবে। যেমনঃ

এরকম বিদেশীদের শারীরিকভাবে এদেশে অব্যাহতভাবে এবং কতিপয় শিক্ষা কর্মসূচিতে অংশ নিতে হবে যা ইতোমধ্যে সম্পন্ন করেছেন।

যারা ডেফার্ড এ্যাকশন ফর চাইল্ডহুড এ্যারাইভালস (ঢাকা) এর জন্যে শর্তসাপেক্ষে স্থায়ী রেসিডেন্ট স্ট্যাটাসের আবেদন রেছেন, তাদের আবেদন দ্রুত শেষ করার প্রক্রিয়া নেবে এবং তারা স্ট্যাটাস রিনিউয়ালের জন্য অযোগ বিবেচিত হবে না।

কোন বিদেশী যদি স্থায়ী রেসিডেন্টের জন্য আবেদন করেন, তারা যদি কোন শিক্ষা প্রতিষ্ঠানে নির্দিষ্ট কর্মসূচি সম্পন্ন করেন অথবা কমপক্ষে ২ বছর ইউনিফর্মড সার্ভিস সম্মানের সঙ্গে শেষ করেন তবে ডিএইচএস তার শর্তসাপেক্ষে স্থায়ী রেসিডেন্ট স্ট্যাটাস প্রত্যাহার করবে।

যে সেব এ্যালিয়েন অস্থায়ী রেসিডেন্ট স্ট্যাটাসের জন্য উপযুক্ত প্রমাণিত হবে ডিএইচএস অথবা ডিও জে তাদের রিমুভ্যাল প্রক্রিয়া বাতিল করে দেবে। এসব এ্যালিয়েন যারা স্থায়ী রেডিডেন্টের জন্য আবেদন করে প্রয়োজনীয় ব্যাকগ্রাউন্ড চেকিং এ পাশ করেছেন, ডিএইচএস তাদের পারমানেন্ট রেসিডেন্ট স্ট্যাটাস মঞ্জুর করবে।

সিনেটে অবশ্য ২টি বিলই পাশ হতে কঠিন পথ পাড়ি দিতে হবে। সিনেটে বিলটি পাশের জন্য সকল ডেমেক্র্যাট সিনেটরদের সঙ্গে কমপক্ষে ১০ জন সিনেটরের ভোট প্রয়োজন হবে। আমরা বিল ২টির ওপর নজর রাখবো এবং ইউএস সিনেটে এর অগ্রগতি এবং ভোটের ফলাফল জানিয়ে দেব। লক্ষ্যণীয় যে, হোয়াইট হাউজ ২টি বিলই সমর্থন করেছে। প্রেসিডেন্ট বাইডেন বৃহত্তর সীমান্ত সংস্কারের লক্ষ্যে তার ইউএস সিটিজেনশীপ এ্যাক্ট ২০২১ বিলটি সমর্থনের জন্য আইন প্রনেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন। বিলটি গত মাসে উত্থাপন করা হয়েছে।

প্রেসিডেন্ট বাইডেন আরো বলেছেন যে, প্রস্তাবিত আইনটি সীমান্ত নিরাপদ করবে এবং ইমিগ্রেশন সংকটের মূল যে কারণ সেন্ট্রাল আমেরিকা থেকে আসা ইমিগ্র্যান্ট, তার অবসান হবে। প্রেসিডেন্ট বাইডেন তার টুইটারে লিখেছেন, "আমি কংগ্রেসের প্রতি আহ্বান জানাচ্ছি তারা ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসবেন আমাদের দীর্ঘ দিনের ইমিগ্রেশন সংকট সমাধানে। যাতে আমরা যুক্তরাষ্ট্রে আসা ইমিগ্র্যান্টদের সমস্যা নিরাপদ, শৃঙ্খলার সঙ্গে এবং মানবিকভাবে সমাধান করে আমেরিকার ইমিগ্রেশন ব্যবস্থার সংকটের মূল কারণ সমাধান করতে সক্ষম হই।" প্রেসিডেন্ট বাইডেনের ব্যাপক-ভিত্তিক ইমিগ্রেশন সংস্কার পরিকল্পনা কংগ্রেসে পাশ হলে যুক্তরাষ্ট্রে অবস্থানকারী ১ কোটি ১০ লাভ অবৈধ ইমিগ্রান্টের সিটিজেনশীপ লাভে পথ তৈরি হবে।

নিউইয়র্ক থেকে ম, চৌধুরীর প্রশ্নঃ

আমি একজন গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে বসবাস করছি। বাংলাদেশে আমার স্ত্রী সন্তান এবং মা-বাবা থাকে।

আমি এখন আমার স্ত্রী-সন্তানের জন্য আবেদন করতে চাই। আমি এই বিভাগের মাধ্যমে জানতে চাচ্ছি যে আমি আমার স্ত্রী সন্তানের জন্যে আবেদন করার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হবো কিনা?

আইম এই বিবাগের একজন নিয়মিত পাঠক, আমার প্রশ্নের মতো প্রায় একইরকম প্রশ্ন দেখেছি। তাই আজ আমি পরামর্শেও জন্য লিখলাম।

ম. চৌধুরীর প্রশ্নের উত্তরঃ

একজন গ্রিনকার্ডধারী হিসেবে আপনি আপনার স্ত্রী সন্তানের জন্যে আবেদন করতে পারেন। আপনি আই-১৩ পিটিশন ফাইল করতে পারেন। আপনি যখন পিটিশন ফাইল করবেন তখন আপনার স্ত্রী সন্তানের জন্যে আলাদা করে পিটিশন ফাইল করবেন। আই-১৩০ পিটিশন ফাইল করার জন্যে দরকারঃ

ম্যারেজ সার্টিফিকেট; ২) সন্তানের বার্থ সার্টিফিকেট ও ৩) স্ত্রীর ২ কপি ছবি।

আপনি এ বিষয়ে চূড়ান্ত পদক্ষেপ নেবার আগে প্রয়োজবোধে একজন অভিজ্ঞ ও ইমিগ্রেশন এটর্নীর সাথে আলোচনা করলে তিনি আপনার জন্যে যথাযথ পরামর্শ দিতে পারবেন। আপনার প্রশ্নের জন্যে উত্তর দিতে আপনার সম্পর্কে আরো কিছ তথ্য জানা দরকার।

সর্বশেষ আবারো আপনাদের করোনামুক্ত সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল:

kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।



স্বাধীনতার সুবর্ণজয়ন্তী

বাঙালীর জাতীয় উল্লম্ফনে চার মাত্রার সংগ্রাম

হাসানুল হক ইনু

উনিশশ সাতচল্লিশ সালে ব্রিটিশ ঔপনিবেশিক শক্তির কূটচক্রে হিন্দু জাতীয়তাবাদ ও মুসলিম জাতীয়তাবাদের ভিত্তিতে যে বিকৃত দেশ পাকিস্তান গঠন হয়, ২৩ বছরের মধ্যে বাঙালী তা ধূলিসাৎ করে দেয়। ইতিহাসের আস্তাকুঁড়ে নিক্ষেপ করে ইসলামভিত্তিক পাকিস্তানকে; ভাষা-সংস্কৃতিভিত্তিক বাঙালি জাতীয়তাবাদী আন্দোলনের মাধ্যমে একাত্তরে প্রতিষ্ঠিত হয় বাংলাদেশ। এর আলোকোজ্জ্বল উদ্ভাস তাড়িয়ে দেয় দ্বিজাতিতত্ত্বের ভূত। বিশ্ব রাজনীতির মোড়লদের প্রতিনিধি হেনরি কিসিঞ্জার স্বাধীন বাংলাদেশের কোনো সম্ভাবনা দেখেননি; এ দেশকে তিনি বলেছিলেন তলাবিহীন ঝুড়ি। সে মোড়ল কিসিঞ্জার ও দ্বিজাতিতত্ত্বের প্রেতাত্মাদের দৃষ্টিতে সুবর্ণজয়ন্তীর বাংলাদেশ আজ নিশ্চয়ই চোখের বালির মতোই বেদনাদায়ী! কারণ, ৫০ বছরে বাংলাদেশ উঠে দাঁড়িয়েছে স্বমহিমায়।

সুবর্ণজয়ন্তীর বাংলাদেশের অর্জন একেবারে কম নয়। প্রথমত, বাংলাদেশের স্বাধীনতা ও স্বাধীনভাবে টিকে থাকা নিঃসন্দেহে সবচেয়ে বড় অর্জন। দ্বিতীয়ত, স্বাধীন দেশে জাতীয় মুক্তি আন্দোলনের অপূরিত প্রত্যাশার অর্জনে জাতির রাজনৈতিক প্রয়াস থেমে থাকেনি, জাতি হয়েছে শোষণমুক্তির স্বপ্নবিভোর। তৃতীয়ত, মোট জাতীয় আয়, মাথাপিছু গড় আয় ও মোট অভ্যন্তরীণ উৎপাদনসহ বাংলাদেশের পুঁজিবাদী অর্থনৈতিক প্রবৃদ্ধি বিশ্ব পরিসরে আজ বিস্ময়কর হিসেবে বিবেচ্য। চতুর্থত, অর্থনৈতিক প্রবৃদ্ধির পাশাপাশি দারিদ্র্য বিমোচন, গড় আয়ু বৃদ্ধি, মাতৃমৃত্যু-শিশুমৃত্যু হ্রাস, স্কুলগামী শিশুর বৃদ্ধি, নারীর ক্ষমতায়ন ইত্যাদি বিবিধ সামাজিক সূচকেও বাংলাদেশের সাফল্য অনেক বড় বড় দেশের রাজনীতিকদের ব্যর্থতার লজ্জার কারণ হয়ে দাঁড়িয়েছে। পঞ্চমত, বঙ্গবন্ধু হত্যার বিচার, খুনি জিয়া কর্তৃক তাহের হত্যা বিষয়ে আদালতের রায়, যুদ্ধাপরাধের অব্যাহত বিচার ও সংবিধান ও প্রশাসন বিষয়ে আদালতের বিবিধ নির্দেশনা দেশ থেকে বিচারহীনতার সংস্কৃতি দূর করার বলিষ্ঠ পদক্ষেপ হিসেবে বিবেচিত হয়েছে। ষষ্ঠত, বাংলাদেশ ৩৫ বছর ধরে টিকে থাকা বিশ্বব্যাংক-আইএমএফের কাঠামোগত সমন্বয় কর্মসূচির বিভিন্ন মোড়কের নীতি-আধিপত্য ছুড়ে ফেলে ২০১০ সাল



থেকে চালু করেছে জাতীয় ভিশন, আউটলাইন পারস্পেকটিভ প্ল্যান ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন আর সে সবের বাস্তবায়ন; একধাপ এগিয়েছে অর্থনৈতিক সার্বভৌমত্বের দিকে। সপ্তমত, বাংলাদেশ প্রতিরোধ করেছে সামরিকতন্ত্র ও জঙ্গিতন্ত্র আর এদের সমন্বিতরূপ পাকিস্তানপন্থা এবং এ রকম আরও অনেক কিছুই।

পঞ্চাশ বছরে বাংলাদেশের কিছু অনার্জন ও পশ্চাৎপসরণও রয়েছে। প্রথমত, অর্থনৈতিক প্রবৃদ্ধি সত্ত্বেও দেশে ১৯৭৪ সালের তুলনায় নাগরিকদের মধ্যে আয়বৈষম্য বেড়েছে দ্বিগুণেরও বেশি, সূচক অনুসারে তা এখন চরম ও অসহনীয় পর্যায়ে পতিত হয়েছে। দ্বিতীয়ত, মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে পরাজিত সাম্প্রদায়িকতা গত ৫০ বছরে এক ভয়াবহ সর্বগ্রাসী সাংস্কৃতিক সাম্প্রদায়িকতার বিষবৃক্ষে পরিণত হয়েছে- তেঁতুলতত্ত্ব আজ লালায়িত করছে প্রায় সবার মানসজগৎ। তৃতীয়ত, আমরা সাংবিধানিক নির্দেশনা উপেক্ষা করে এখনও স্থানীয় সরকারের ওপর আমলা কর্তৃত্ব ও কেন্দ্রীয় সরকারের নগ্ন থাবা বিস্তার করে রেখেছি। চতুর্থত, রাজনীতিতে সামরিকতন্ত্র-জঙ্গি-যুদ্ধাপরাধীদের আপাতত পরাজিত করা গেলেও ১৪ দলের অন্তর্গত বামপন্থি দলগুলো ছাড়া এ জোটের ভেতরে-বাইরের সব রাজনৈতিক দল-মত কৌশলের নামে আর আওয়ামী লীগ ও বিএনপি থেকে দূরে থাকার নামে সাম্প্রদায়িক-মৌলবাদী-তেঁতুল হুজুরদের সঙ্গে আপস করছে, রাজনীতিতে তাদের স্পেস দিচ্ছে ও তাদের পুনরুত্থানের শক্তি জোগাচ্ছে।

এ রকম অর্জন-অনার্জন-পশ্চাৎপসরণের প্রেক্ষাপটে একুশ শতকের চতুর্থ শিল্পবিপ্লবের নববাস্তবতার পৃথিবীতে প্রতিযোগিতায় টিকে থাকতে ও এগিয়ে যেতে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীকালে বাংলাদেশকে একটি জাতীয় উল্লম্ফন সূচনা করতে হবে।

একুশ শতকে আমরা প্রবেশ করেছি চতুর্থ শিল্পবিপ্লব যুগে- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বা ডিজিটাল প্রযুক্তি এ যুগের প্রধান চারিত্র্য-বৈশিষ্ট্য; বিগডাটা, কৃত্রিম বুদ্ধিমত্তা ও যান্ত্রিক-শিখন, জৈবপ্রযুক্তি-বংশানুবিদ্যা-যথৌষধ, ন্যানোপ্রযুক্তি-ড্রোন-আকাশসীমা, ইন্টারনেট অব থিংস ও রোবোটিক্স, ব্লকচেইন ও ডিস্ট্রিবিউটেড লেজার টেকনোলোজি আর অপরাপর প্রযুক্তিশানিত চতুর্থ শিল্পবিপ্লবের সব উদ্ভাবন সমন্বিতভাবে পাল্টে দিচ্ছে দেখা-শোনা-জানা দুনিয়ার সবকিছু।

এ অবস্থায় রাজনৈতিক আন্দোলন-সংগ্রাম ও সংগঠনকে নতুনভাবে বিন্যস্ত করার আর কোনো বিকল্প নেই। আমরা মনে করি, করোনাকাল গোটা বিশ্বের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছে যে কেবল সমাজতান্ত্রিক ব্যবস্থাই জনগণের জীবন ও জীবিকার নিশ্চয়তা দিতে পারে; আমেরিকার মতো শক্তিমান দেশও তার জনগণকে রক্ষা করতে পারে না। সুতরাং বর্ণিত চতুর্থ শিল্পবিপ্লব যুগের গ্রহগত ও বৈশ্বিক বাস্তবতা, করোনাকালীন অভিজ্ঞতা আর বাংলাদেশের সুবর্ণজয়ন্তীকালের জাতীয় বাস্তবতা আমাদের মার্কসবাদের সৃজনশীল বিকাশের মাধ্যমে রাজনীতি পরিচালনার নির্দেশনা দেয়। সেটা আমাদের করতে হবে। একুশ শতকে আমাদের জাতীয় উত্থানের জন্য যা গুরুত্বপূর্ণ তা হলো-

ক. দুর্নীতি, লুটপাট ও ক্ষমতার অপব্যবহারের চক্র ধ্বংস করে সুশাসন ও আইনের শাসন নিশ্চিত করা।

খ. রাজনৈতিক শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখতে মুক্তিযুদ্ধ ও অতীতের সব ঐতিহাসিক গণআন্দোলনে মীমাংসিত বিষয়গুলো অমীমাংসিত করার সব অপচেষ্টা রোধ। পাকিস্তানপন্থার রাজনীতি তথা সাম্প্রদায়িক-মৌলবাদী-জঙ্গিবাদী-সন্ত্রাসবাদী রাজনীতি ও তাদের পৃষ্ঠপোষক জামায়াত-বিএনপিকে রাজনীতির মাঠ থেকে চিরতরে বিদায় করা।

গ. সংবিধান পর্যালোচনা করে সংবিধানের অসংগতি ও গোঁজামিল দূর করতে হবে। শাসন-প্রশাসনে গুণগত পরিবর্তন, রাজনীতিতে ভারসাম্য তৈরি, ক্ষমতার বিকেন্দ্রীকরণ, আরও গণতন্ত্র অর্জন, অংশগ্রহণমূলক গণতন্ত্র কায়েম আর জনগণের ক্ষমতায়ন করতে শ্রমজীবী-কর্মজীবী-পেশাজীবী জনগণ, নারী, ক্ষুদ্র জাতিসত্তা, আদিবাসীদের প্রতিনিধি এবং স্থানীয় সরকারের প্রতিনিধিদের নিয়ে জাতীয় সংসদে উচ্চকক্ষ গঠন করে দ্বিকক্ষবিশিষ্ট সংসদীয় ব্যবস্থা ও সংখ্যানুপাতিক নির্বাচন চালু করা।

ঘ. মুক্তবাজার অর্থনীতির ভ্রান্ত ও ব্যর্থ ধারণা থেকে বেরিয়ে এসে সমাজের চাহিদা, বাজার শক্তির চাহিদা, উদ্যোক্তার উদ্যোগ ও সৃজনশীলতার সঙ্গে রাষ্ট্রের ভূমিকা সমন্বিত করে সংবিধান নির্দেশিত সমাজতন্ত্র লক্ষ্যাভিমুখী অর্থনৈতিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।

ঙ. বিদ্যমান শিক্ষাব্যবস্থার নৈরাজ্য-বিশৃঙ্খলা, দুর্নীতি ও দলবাজিমুক্ত করা এবং জনশক্তি গড়ে তুলতে শিক্ষাব্যবস্থাকে ঢেলে সাজাতে হবে। শিক্ষিত যুবকদের জন্যও দেশে-বিদেশে কর্মসংস্থানের ক্ষেত্র সম্প্রসারিত করা।

চ. তথ্যপ্রযুক্তির সর্বব্যাপক উত্থান ও আধিপত্য গোটা দুনিয়ায় যে নতুন ভার্চুয়াল-বাস্তবতা তৈরি করেছে, তার সঙ্গে খাপ খাইয়ে ও তাকে রেগুলেট করে এগিয়ে যেতে সমন্বিত জাতীয় ডিজিটাল ও সাইবার ব্যবস্থাপনা গড়ে তোলা।

ছ. পৃথিবী ও প্রতিবেশ-ব্যবস্থার সঙ্গে খাপ খাইয়ে টেকসই উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।

জ. ক্ষুদ্রায়তন বাংলাদেশে জনসংখ্যা বিস্ফোরণের ঝুঁকি ও চাপ মোকাবিলা করে জনসম্পদ ব্যবস্থাপনায় সমন্বিত নীতি ও পদক্ষেপ গ্রহণ।

ঝ. বিশ্বায়ন-আঞ্চলিকায়ন-বাণিজ্যায়ন-যোগাযোগায়নের দ্রুত পরিবর্তনশীল পরিস্থিতির সঙ্গে খাপ খাইয়ে দেশের স্বার্থ সমুন্নত রাখতে বহুমাত্রিক কৌশলের ভিত্তিতে জোরালো কূটনীতি অনুসরণ করা।

বাংলাদেশ প্রতিষ্ঠার সুবর্ণজয়ন্তীকালে এসব বিষয় বিবেচনা করে জাতীয় উল্লম্ফন নিশ্চিত করতে আমাদের আবারও বায়ান্ন-একাত্তর-নব্বইয়ের মতো ঐক্যবদ্ধ হতে হবে; জাতীয় আত্মপরিচয়ের পুনর্জাগরণভিত্তিক আত্মশক্তির পুনরুত্থান করতে হবে; বাঙালিয়ানায় উদ্ভাসিত হতে হবে। আজ প্রয়োজন জঙ্গিতন্ত্র ও সামরিকতন্ত্রের পাকিস্তানপন্থা নির্মূল, বাঙালিয়ানা চর্চার মাধ্যমে সাংস্কৃতিক-সাম্প্রদায়িকতা প্রতিরোধ, দলবাজি-দলীয়করণ-দুর্নীতি-লুটপাটের অবসানে সুশাসন কায়েম এবং ভেদ-বিভেদ-অসমতা-বৈষম্য নিরসনের সমাজতন্ত্রের আন্দোলন পরিচালনার এক চতুর্মাত্রিক সংগ্রামের।

লেখক: সভাপতি, জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ। সংসদ সদস্য। সভাপতি, তথ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ।

MITU DISABILITY CENTER

ROMJAN (Consultant)
646-730-8416

JABBAR SHARIFF
Attomey & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 686 McDonald Ave, Brooklyn, NY 11218
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Alam Podiatry, P.C.

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

জো বাইডেনের আর্থিক প্রণোদনা প্রসঙ্গে

সাপ্তাহিক ২৫ বছরে বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika



অনলাইন থেকে: মহামারি শুরু হওয়ার পর ভয় পাওয়াটাই স্বাভাবিক ছিল যে বিশ্ব অর্থনীতি স্থবিরাবস্থা বা মন্দাবস্থায় থাকবে কয়েক বছর। আমেরিকা এ ধরনের হতাশাকে চ্যালেঞ্জ জানাচ্ছে। গত গ্রীষ্ম থেকে অর্থনৈতিক প্রবৃদ্ধি বিষয়ক বিষণ্ন ভবিষ্যদ্বাণীকে এড়িয়ে দেশটি এরই মধ্যে বিদ্যমান ইকোনমিক পলিসি মিক্সে যেন রকেটগতি যুক্ত করছে। প্রেসিডেন্ট জো বাইডেন ১.৯ টিলিয়ন ডলারের প্রণোদনা (স্টিমুলাস) বিল দিয়েছিলেন, তিনি তাতে সই করার প্রস্তুতিও নিয়েছিলেন। বর্তমান পরিকল্পনা অনুযায়ী এ বছর যুক্তরাষ্ট্র ফেডারেল রিজার্ভে এবং ট্রেজারি ব্যাংকিং সিস্টেমে আরো ২.৫ ট্রিলিয়ন ডলার জোগান দেবে। এ অর্থের সুদের হার শূন্যের কাছাকাছি থাকবে। ২০০৭-০৮-এর বৈশ্বিক আর্থিক সংকটের এক দশক পর আমেরিকার অর্থনৈতিক নীতিনির্ধারকরা সাহস ও আত্মবিশ্বাসের অভাবে ভুগছিলেন। এখন তাঁরা সাহসের সঙ্গে এবং নিয়ন্ত্রণ আরোপের চেষ্টা ছাড়াই তা করছেন।

এর সম্ভাব্য ফলাফল হচ্ছে একটা বাউন্স-ব্যাক ঘটতে পারে, যা ২০২০ সালের বসন্তে অচিন্তনীয় বিষয় ছিল। জানুয়ারিতে আমেরিকার রিটেইল সেলস এক বছর আগের চেয়ে ৭.৪ শতাংশ বেশি ছিল। বেশির ভাগ আমেরিকান পূর্ববর্তী রাউন্ডের প্রণোদনার অংশ হিসেবে সরকার থেকে ৬০০ ডলারের চেক গ্রহণ করেছে। গৃহবন্দি থাকার কারণে ও রেস্তোরাঁয়, পানশালায়, সিনেমায় সাধারণত যে ব্যয় তারা করে তা করতে অক্ষম হওয়ার কারণে ভোক্তারা গত বছর ১.৬ ট্রিলিয়ন ডলার বাড়তি সঞ্চয় করেছে। বাইডেনের প্রণোদনা বেশির ভাগ আমেরিকানকে আরো এক হাজার ৪০০ ডলার পাইয়ে দেওয়ার ব্যবস্থা করেছে। কোনো ধনী দেশের জন্য বিষয়টা অস্বাভাবিক। এ অর্থের বড় একটা অংশ দরিদ্র পরিবারগুলোর জমার খাতায় আছে, যদি একবার অর্থনীতি পুরোদমে চালু হয়ে যায়, তারা এ টাকা হয়তো খরচ করবে। যদি ভ্যাকসিন নাগালের মধ্যে আসতে শুরু করে এবং আমেরিকা যদি নতুন ভেরিয়েন্টের সংক্রমণ এড়াতে পারে, তাহলে বেকারত্বের হার বছরের শেষ নাগাদ ৫ শতাংশের নেমে আসবে মসৃণভাবে।

ভালো খবর শুধু আমেরিকাতেই আটকে নেই। ম্যানুফ্যাকচারিং বিষয়ক জরিপে দেখা গেছে, ইউরো জোনেও পরিস্থিতি বেশ স্বাস্থ্যকর, তবে তারা ভ্যাকসিনেশন এবং নতুন ভেরিয়েন্টের সঙ্গে লড়াইয়ে পেছনে পড়ে আছে। তারা প্রণোদনার মাত্রা নিচের দিকে রেখেছে। বাইডেনের অর্থব্যয় পণ্যের, উৎপাদের বৈশ্বিক চাহিদাকে আরো চাঙ্গা করবে। আমেরিকার বাণিজ্য ঘাটতির পরিমাণ মহামারির আগে যা ছিল তার চেয়ে ৫০ শতাংশেরও বেশি। কারণ আমেরিকান অর্থনীতি আমদানিতে নিমগ্ন। কিন্তু বাকি বিশ্ব আংকেল স্যামের বেধড়ক রকমের বিপজ্জনক গতির সঙ্গে তাল মিলিয়ে উঠতে পারবে না। মার্চের ৯ তারিখে ধনী দেশগুলোর ক্লাব 'ওইসিডি' বলেছে যে আমেরিকার অর্থনীতি ২০২২ সালে মহামারির আগের সময়ের চেয়ে আরো বড় হবে। এপ্রিল থেকে সেপ্টেম্বরের মধ্যে আমেরিকা চীনকেও ছাড়িয়ে যেতে পারে।

সংকট থেকে বেরিয়ে আসার বিষয়টি (যে সংকট তার সবচেয়ে খারাপ সময়ে কর্মক্ষেত্রে নিয়োজিত লোকের সংখ্যা ১৫ শতাংশ পর্যন্ত কমিয়ে দিতে পারে) আমেরিকার জন্য একটা বড় বিজয় হবে এবং তা মন্দা-পরবর্তী সময়ের ক্ষুদ্র ও দুর্বল পুনরুদ্ধারের (রিকভারি) ঠিক উল্টো হবে। বাইডেনের ব্যয় সেই সব লোকের স্বস্তি জোগাবে, যাদের জীবন একবারে পাল্টে গেছে–আমেরিকাতে এখন ৯.৫ মিলিয়ন চাকরি নাই হয়ে আছে। বেশির ভাগ অভিভাবককে বাড়তি অর্থ জোগানো হচ্ছে। এর ফলে দেশটিতে ব্যাপক এবং দীর্ঘদিন ধরে বিরাজমান শিশুদারিদ্র্য নাটকীয়ভাবে কমবে।

যদিও বর্তমানের নীতিনির্ধারকরা অর্থনীতির ইতিহাসে নিজেদের জায়গা নিশ্চিত করে নিয়েছেন, তবু তাঁদের হয়তো 'বীরপুরুষ' হিসেবে দেখা হবে না। এর কারণ আমেরিকা যে ইকোনমিক এক্সপেরিমেন্ট চালাচ্ছে তাতে আর্থিক প্রণোদনা 'হিস্টরিক লেভেল'-এ রয়েছে; দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর এ এক্সপেরিমেন্টের সমতুল্য কোনো কিছু দেখা যায়নি। বিশ্ব এবং আমেরিকার জন্য বিপদ হচ্ছে অর্থনীতি মাত্রাতিরিক্ত চাঙ্গা (ওভারহিটেড) হওয়ার দশায় রয়েছে। এটা একটা ঝুঁকি, যা বিনিয়োগকারীরা বিবেচনা করে দেখছে।

যুক্তরাষ্ট্রের ১০ বছরব্যাপী বন্ড হিসাব করে দেখা গেছে, গত গ্রীষ্মে তা (উচ্চ মূল্যস্ফীতি ও উচ্চ সুদের হারের আশায়) ১ শতাংশ বেড়েছে। বিশ্ব অর্থনীতিতে আমেরিকার নিয়ামক ভূমিকা রয়েছে। এর মুদ্রানীতি বিষয়ক দৃষ্টিভঙ্গি সীমানা ছাড়িয়ে অন্যত্র বিস্তৃত হয়েছে অর্থাৎ প্রভাব ফেলেছে। সাম্প্রতিক সময়ে অস্ট্রেলিয়ার সেন্ট্রাল ব্যাংক বন্ড কেনা বাড়িয়েছে, যাতে বন্ড-ইল্ড বেশি বাড়তে না পারে। একই রকম ব্যবস্থা নেওয়ার কথা ভাবছে ইউরোপিয়ান সেন্ট্রাল ব্যাংকও। বড় ঘাটতিসহ উদীয়মান মার্কেটগুলো, যেমন–ব্রাজিল অথবা যাদের বড় ডলার প্রাধান্যের ঋণ রয়েছে, যেমন আর্জেন্টিনা, তাদের ভয় পাওয়ার কারণ রয়েছে। আমেরিকার মুদ্রানীতির পরিবর্তনের ফলে বৈশ্বিক আর্থিক ব্যবস্থায় কড়াকড়ি আরোপ থেকেই এ ভয়ের উদ্রেক হয়েছে।

ফেডারেল রিজার্ভ দৃঢ়প্রতিজ্ঞ, তারা সুদের হার কম রাখবে এবং অর্থনীতি যথেষ্ট স্বাস্থ্যবান হওয়া পর্যন্ত সম্পদ (অ্যাসেট) কেনা অব্যাহত রাখবে। ফেডারেল রিজার্ভের পরিকল্পনা সম্পর্কে সন্দেহ করার কারণ নেই, কিন্তু ফেডারেল রিজার্ভ বা মার্কেট বলতে পারে না যে আমেরিকার এ এক্সপেরিমেন্টের কী ফল হবে। ফেডারেল রিজার্ভকে সুদের হার বাড়ানোর জন্য চেপে কথা বলতে হবে, যাতে মূল্যস্ফীতি নিচে থাকে।

বাইডেনের প্রণোদনা বড় একটা বাজি। ঠিকমতো তা করতে পারলে আমেরিকা কষ্টকর নিম্ন মূল্যস্ফীতি এড়াতে পারবে, নিম্ন সুদের হারের ফাঁদ এড়াতে পারবে; এ বিষয়টিতে জাপান ও ইউরোপ আটকা পড়েছে। ব্যাপক আর্থিক প্রণোদনা হয়তো মন্দাভাব কাটানোর জন্য স্বাভাবিক একটা প্রতিক্রিয়া। সংবাদমাধ্যম স্বল্প আকারের প্রণোদনার কথা বলছে, তারা সেটাই চায়; কিন্তু গোলমেলে মার্কিন রাজনীতি কোনো সুষ্ঠু নীতি প্রণয়নে নারাজ।

সূত্র: দি ইকোনমিস্ট অনলাইন

ভাষান্তর ও সংক্ষেপণ: সাইফুর রহমান তারিক

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ

কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা

গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে

বিকলাঙ্গ শিশুর জন্ম

ফেডারেল ডিজএবিলিটি

(কোন অগ্রিম ফি নেয়া হয় না)

Immigration



Timothy Bompart
Attorney at Law

(To Schedule Appointment Only)

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com

Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.





ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সার্পোট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

চট্টগ্রাম সমিতির অবৈধ বিশেষ সাধারণ সভার প্রতিবাদ

নিউইয়র্ক: আমরা বর্তমান কার্যকরী পরিষদ বিভিন্ন মিডিয়ার মাধ্যমে জানতে পারলাম যে, কতিপয় সাধারণ সদস্য আগামী ২৭ শে মার্চ ২০২১ শনিবার চট্টগ্রাম সমিতির কার্যালয়ে এক বিশেষ সাধারণ সভার আহ্বান করেন যা সম্পূর্ণ অবৈধ ও অসাংবিধানিক। আমরা কার্যকরী পরিষদ সম্মানিত চট্টগ্রামবাসীর কাছে আকুল আবেদন আপনারা দয়া করে এই অবৈধ ও অসাংবিধানিক বিশেষ সভাটি বর্জন করবেন নিম্নলিখিত কারণেঃ

(১) আহ্বানকারীদের মধ্যে বেশি সংখ্যক গত ০৩/০৯/২০১৮ তারিখে নোটারী কর্তৃক পদত্যাগপত্র প্রদান করেন। (কপি সংযুক্ত)

(২) সম্মানিত সভাপতি কর্তৃক উক্ত পদত্যাগপত্রগুলো যথাযথ ভাবে ০৩/২৬/২০১৮ তারিখে গৃহীত হয়। (কপি সংযুক্ত)

(৩) কার্যকরী পরিষদের অবশিষ্ট কর্মকর্তাবৃন্দ ০৪/২১/২০১৮ তারিখে একটি সিদ্ধান্তের মাধ্যমে সমিতির বৃহত্তর স্বার্থে উক্ত পদগুলো কোঅপ্টের মাধ্যমে প্রতিস্থাপন করা হয়। এখানে উল্লেখ্য যে, যেহেতু উক্ত কমিটি ৩০ হাজার ডলার নির্বাচনী খরচ এবং প্রায় ২০ হাজার ডলার উকিল ফিসহ প্রায় ৫০ হাজার ডলার খরচ করে, দায়িত্ব গ্রহণ করে। তাই ছয়মাসের মধ্যে পুনরায় ব্যয়বহুল আরো একটি নির্বাচন করা সমিতির জন্য মারাত্মক ক্ষতি বিধায় আমরা কোঅপ্টের সিদ্ধান্ত নিই। যাতে আমরা দুই বছরের মেয়াদপূর্ণ করতে পারি।

(৪) উক্ত কমিটি দুই বছর মেয়াদ পূর্ণ করার পর আমরা একটি নির্বাচন কমিশন গঠনের জন্য বিভিন্ন পক্ষের সাথে দফায় দফায় বৈঠক করার পরও বারে বারে তাদের পক্ষ থেকে বাধার সম্মুখীন হই। পরবর্তীতে ভয়াবহ কোভিড-১৯ মহামারীর কারণে সবকিছু স্থবির হয়ে যায়।

(৫) পরবর্তীতে কোভিড-১৯ কিছুটা স্বাভাবিক হওয়ার সাথে সাথে সাংবিধানিকভাবে একটি পাঁচ সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠণ করি।

(৬) কমিশন গঠন করার পরও একটি কুচক্রীমহল অবৈধভাবে পাঁচ সদস্য বিশিষ্ট আরও একটি কমিশন গঠন করে। পরবর্তীতে আমরা কার্যকরী পরিষদ একটি সমিতির বৃহত্তর স্বার্থে দ্রুত নির্বাচনের লক্ষ্যে তাদের অসাংবিধানিক দাবির মুখে আরও অতিরিক্ত চারজন কমিশন সংযুক্ত করি, গঠণতন্ত্রের ১৫ ধারা সাময়িকভাবে স্থগিত করে।

(৭) কমিশন গঠনের পর এই কুচক্রীমহল কমিশনকে বিভিন্নভাবে (মিডিয়া, ফোন, জুম মিটিং, ট্যাক্স ম্যাসেজ, বাসার সামনে অবস্থান) ব্যাঘাত সৃষ্টি করে। উদ্দেশ্য কমিশনকে তাদের পক্ষে কাজ করানো।

(৮) যার কারণে উক্ত কমিশন তাদের সন্তুষ্টির জন্য দফায় দফায় সময়সীমা বৃদ্ধি করে। দূভাগ্যবশত তারাই এখন কমিশনকে দায়ী করে নির্বাচন প্রক্রিয়াা দীর্ঘায়িত করার জন্য।

(৯) তাদের সব দাবীর পরও এখন তারা নতুন দাবী তুলে কমিশন এবং কার্যকরী পরিষদ বহিঃভূত তাদের মদদপুষ্ট দুইজন সাধারণ সদস্যদের দিয়ে নির্বাচন পরিচালনার জন্য আলাদা ব্যক্তিগত অথবা অন্য একটি কর্পোরেশন এর মাধ্যমে (যাহা সমিতির সাথে সম্পূর্ণভাবে সাংঘার্ষিক) ব্যাংক একাউন্ট করার জন্য। সংবিধানের ১২ঃ৩ ধারা মোতাবেক ও ১২ঃ৫ ধারা মোতাবেক।

(১০) আমরা কার্যকরী পরিষদ এত ছাড় দেওয়ার পরও উক্ত কুচক্রীমহলটি নির্বাচন বানচালের উদ্দেশ্যে অবৈধ ও অসাংবিধানিক বিশেষ সভার আহ্বন করে। যাহা ভবিষ্যতে সমিতি ভয়াবহ পরিস্থিতির স্বীকার হবে। যেমন: মামলা, অর্থের অপচয়, নির্বাচন বিলম্ব ইত্যাদি।

উদ্ভূত পরিস্থিতিতে আসুন আমরা সবাই মিলে সমিতির স্বার্থে সাংগঠনিক এবং গঠণতন্ত্র মোতাবেক সব সমস্যা সমাধানের জন্য জরুরী ভিত্তিতে সব মতবেধ ভুলে সবকিছুর সমাধান করি। তা না হলে আমরা কার্যকরী পরিষদ ভবিষ্যত কোন খারাপ পরিস্থিতির জন্য কোনভাবে দায়ী থাকব না। অর্থ অপচয়, মামলা এবং নির্বাচন প্রক্রিয়া ব্যাহত সবকিছুর জন্য উক্ত কুচক্রীমহলটি দায়ী থাকবে।

বিঃদ্রঃ যদি ৪৮ ঘন্টার মধ্যে এই অবৈধ বিশেষ সাধারণ সভা প্রত্যাহার না করেন তাহলে আমরা আইনগত ব্যবস্থা নিতে বাধ্য হব।

খোকন কে চৌধুরী
সভাপতি
৯১৭-৬০৫-৫৮৬৩

মতিউর চৌধুরী
কোষাধ্যক্ষ
৩৪৭-৩২৩-৩২৯৮

আশরাফ আলী খান লিটন
সাধারণ সম্পাদক
৯১৭-৪৯৭-২৮৩৯



Chittagong Association of North America Inc.
545 McDonald Ave, Brooklyn, NY 11218

Date: March 26, 2018

Mohammed Salim
269 Dahill Road
Brooklyn, NY 11218

Subject: Acceptance of Resignation

Dear Mohammed Salim


This is to confirm receipt and acceptance of your letter of resignation, received on March 22, 2018 for the position of General Secretary in the Executive Committee of Chittagong Association of NA Inc., which is to be effective immediately.

Please return any Association property that you still have in your possession, e.g., keys, resolution book, letterhead, voucher, forms, laptop, etc., on or before April 15, 2018.
It is necessary to mention here that there is no such an example or proof that your allegation of violation of article of the constitution is on me as per your resignation letter. I will be continuing my executive committee either by co-opt or as per article of the constitution until another elected committee is formed.

Thank you.

Sincerely,

Abdul Hai Zia
President



Chittagong Association of North America Inc.
545 McDonald Ave, Brooklyn, NY 11218

Date: March 26, 2018

Mohammed S Noor
545 McDonald Ave
Brooklyn NY 11218

Subject: Acceptance of Resignation

Dear Mohammed S Noor

This is to confirm receipt and acceptance of your letter of resignation, received on March 22, 2018 for the position of Vice President in the Executive Committee of Chittagong Association of NA Inc., which is to be effective immediately.

Please return any Association property that you still have in your possession, e.g., keys, resolution book, letterhead, voucher, forms, laptop, etc., on or before April 15, 2018.
It is necessary to mention here that there is no such an example or proof that your allegation of violation of article of the constitution is on me as per your resignation letter. I will be continuing my executive committee either by co-opt or as per article of the constitution until another elected committee is formed.

Thank you.

Sincerely,

Abdul Hai Zia
President



Chittagong Association of North America Inc.
545 McDonald Ave, Brooklyn, NY 11218

Date: March 26, 2018

Mazha Uddin
206 E4th St
Brooklyn NY 11218

Subject: Acceptance of Resignation

Dear Mazha Uddin

This is to confirm receipt and acceptance of your letter of resignation, received on March 22, 2018 for the position of Executive Member in the Executive Committee of Chittagong Association of NA Inc., which is to be effective immediately.

Please return any Association property that you still have in your possession, e.g., keys, resolution book, letterhead, voucher, forms, laptop, etc., on or before April 15, 2018.
It is necessary to mention here that there is no such an example or proof that your allegation of violation of article of the constitution is on me as per your resignation letter. I will be continuing my executive committee either by co-opt or as per article of the constitution until another elected committee is formed.

Thank you.

Sincerely,

Abdul Hai Zia
President



Chittagong Association of North America Inc.
545 McDonald Ave, Brooklyn, NY 11218

Date: March 26, 2018

Mohammed M Chowdhury (Khokon)
110 Caton Ave
Brooklyn NY 11218

Subject: Acceptance of Resignation

Dear Mohammed M Chowdhury (Khokon)


This is to confirm receipt and acceptance of your letter of resignation, received on March 22, 2018 for the position of Joint General Secretary in the Executive Committee of Chittagong Association of NA Inc., which is to be effective immediately.

Please return any Association property that you still have in your possession, e.g., keys, resolution book, letterhead, voucher, forms, laptop, etc., on or before April 15, 2018.
It is necessary to mention here that there is no such an example or proof that your allegation of violation of article of the constitution is on me as per your resignation letter. I will be continuing my executive committee either by co-opt or as per article of the constitution until another elected committee is formed.

Thank you.

Sincerely,

Abdul Hai Zia
President



Chittagong Association of North America Inc.
545 McDonald Ave, Brooklyn, NY 11218

Date: March 26, 2018

Md. Ariful Islam
333 McDonald Ave, Apt 2P
Brooklyn NY 11218

Subject: Acceptance of Resignation

Dear Md. Ariful Islam


This is to confirm receipt and acceptance of your letter of resignation, received on March 22, 2018 for the position of Organization Secretary in the Executive Committee of Chittagong Association of NA Inc., which is to be effective immediately.

Please return any Association property that you still have in your possession, e.g., keys, resolution book, letterhead, voucher, forms, laptop, etc., on or before April 15, 2018.
It is necessary to mention here that there is no such an example or proof that your allegation of violation of article of the constitution is on me as per your resignation letter. I will be continuing my executive committee either by co-opt or as per article of the constitution until another elected committee is formed.

Thank you.

Sincerely,

Abdul Hai Zia
President



Chittagong Association of North America Inc.
545 McDonald Ave, Brooklyn, NY 11218

Date: March 26, 2018

Kamal Hossain Mithu
545 McDonald Ave
Brooklyn NY 11218

Subject: Acceptance of Resignation

Dear Kamal Hossain Mithu

This is to confirm receipt and acceptance of your letter of resignation, received on March 22, 2018 for the position of Executive Member in the Executive Committee of Chittagong Association of NA Inc., which is to be effective immediately.

Please return any Association property that you still have in your possession, e.g., keys, resolution book, letterhead, voucher, forms, laptop, etc., on or before April 15, 2018.
It is necessary to mention here that there is no such an example or proof that your allegation of violation of article of the constitution is on me as per your resignation letter. I will be continuing my executive committee either by co-opt or as per article of the constitution until another elected committee is formed.

Thank you.

Sincerely,

Abdul Hai Zia
President

চট্টগ্রাম সমিতির অবৈধ বিশেষ সাধারণ সভার প্রতিবাদ

Chittagong Association of North America Inc.
545 McDonald Ave, Brooklyn, NY 11218

Date: March 26, 2018

Mohammed Harunar Rashid
1275 Grant Ave, Apt 7D
Bronx NY 10456

Subject: Acceptance of Resignation.

Dear Mohammed Harunar Rashid

This is to confirm receipt and acceptance of your letter of resignation, received on March 22, 2018 for the position of Executive Committee in the Executive Committee of Chittagong Association of NA Inc., which is to be effective immediately.

Please return any Association property that you still have in your possession, e.g., keys, resolution book, letterhead, voucher, forms, laptop, etc., on or before April 15, 2018.
It is necessary to mention here that there is no such an example or proof that your allegation of violation of article of the constitution is on me as per your resignation letter. I will be continuing my executive committee either by co-opt or as per article of the constitution until another elected committee is formed.

Thank you.

Sincerely,

Abdul Hai Zia
President

Chittagong Association of North America Inc.
545 McDonald Ave, Brooklyn, NY 11218

Date: March 26, 2018

M A Latif
545 McDonald Ave
Brooklyn, NY 11218

Subject: Acceptance of Resignation.

Dear M A Latif

This is to confirm receipt and acceptance of your letter of resignation, received on March 22, 2018 for the position of Office Secretary in the Executive Committee of Chittagong Association of NA Inc., which is to be effective immediately.

Please return any Association property that you still have in your possession, e.g., keys, resolution book, letterhead, voucher, forms, laptop, etc., on or before April 15, 2018.
It is necessary to mention here that there is no such an example or proof that your allegation of violation of article of the constitution is on me as per your resignation letter. I will be continuing my executive committee either by co-opt or as per article of the constitution until another elected committee is formed.

Thank you.

Sincerely,

Abdul Hai Zia
President

Chittagong Association of North America Inc.
545 McDonald Ave, Brooklyn, NY 11218

Date: March 26, 2018

Mohammed Iqbal Hossain
1143 43rd Ave
Brooklyn NY 11219

Subject: Acceptance of Resignation.

Dear Mohammed Iqbal Hossain

This is to confirm receipt and acceptance of your letter of resignation, received on March 22, 2018 for the position of Assistant Joint General Secretary in the Executive Committee of Chittagong Association of NA Inc., which is to be effective immediately.

Please return any Association property that you still have in your possession, e.g., keys, resolution book, letterhead, voucher, forms, laptop, etc., on or before April 15, 2018.
It is necessary to mention here that there is no such an example or proof that your allegation of violation of article of the constitution is on me as per your resignation letter. I will be continuing my executive committee either by co-opt or as per article of the constitution until another elected committee is formed.

Thank you.

Sincerely,

Abdul Hai Zia
President

Chittagong Association of North America Inc.
545 McDonald Ave, Brooklyn, NY 11218

Date: March 26, 2018

Mir Quader
3608 Avenue M
Brooklyn, NY 11234

Subject: Acceptance of Resignation.

Dear Mir Quader

This is to confirm receipt and acceptance of your letter of resignation, received on March 22, 2018 for the position of Treasurer in the Executive Committee of Chittagong Association of NA Inc., which is to be effective immediately.

Please return any Association property that you still have in your possession, e.g., keys, resolution book, letterhead, voucher, forms, laptop, etc., on or before April 15, 2018.
It is necessary to mention here that there is no such an example or proof that your allegation of violation of article of the constitution is on me as per your resignation letter. I will be continuing my executive committee either by co-opt or as per article of the constitution until another elected committee is formed.

Thank you.

Sincerely,

Abdul Hai Zia
President

Chittagong Association of North America Inc.
545 McDonald Ave, Brooklyn, NY 11218

Date: March 26, 2018

Mohammed Shikder
545 McDonald Ave
Brooklyn, NY 11218

Subject: Acceptance of Resignation.

Dear Mohammed Shikder

অনুষ্ঠানে পরিবারের পক্ষ থেকে বক্তব্য রাখেন মরহুম মাহমুদুস সামাদ চৌধুরী (কয়েছ) এমপি'র ভাই জালালাবাদ এসোসিয়েশন অব ইউকের প্রধান উপদেষ্টা এবং চ্যানেল এস-এর চেয়ারম্যান আহমেদ উস সামাদ চৌধুরী জেপি, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সহসভাপতি আহবাব চৌধুরী খোকন। এরপর পর্যায়ক্রমে বহি-ঃবিশ্ব জালালাবাদের কর্মকর্তাগণের মধ্যে জালালাবাদ এসোসিয়েশন অব ইউকে সভাপতি মু-হিবুর রহমান মুহিব, সাধারণ সম্পাদক আমিনুল হক জিল্লু, সহসাধারণ সম্পাদক মুহিব উদ্দীন চৌধুরী, জালালাবাদ এসোসিয়েশনের ঢাকার সহসভাপতি আব্দুল মজিদ চৌধুরী, জালালাবাদ এসোসিয়েশন ইটালীর সভাপতি অলি উদ্দীন শামীম, প্রচার সম্পাদক মিনহাজ হোসেন, জালালাবাদ এসোসিয়েশন সৌদি আরব সভাপতি কাপ্তান হোসেন, জালালাবাদ এসোসিয়েশন বাহরাইন সভাপতি কয়েছ আহমদ, সহসভাপতি মানিক মিয়া, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম সম্রাট, অনুপম নিউজ সম্পাদক ও পীর হাবিবুর রহমান ফাউন্ডেশন সম্পাদক মুহিব উদ্দীন চৌধুরী, ইউকে বিটিভির চেয়ারম্যান মকিস মনসুর, ইউকে প্রবাস টিভির পরিচালক হান্নান মিয়া, ইউকে সিলটর টিভির পরিচালক সেবুল চৌধুরী, জালালাবাদ বার্তা কানাডার সম্পাদক রুহুল কুদ্দুস চৌধুরী, ইউকে স্বাধীন বাংলা টিভির পরিচালক নিপু কোরেশী, জালালাবাদ সোসাইটির মি-শিগানের সাধারণ সম্পাদক সোলেমান আহমদ, সাংগঠনিক সম্পাদক আব্দুল মুকিত, সাবেক সাধারণ সম্পাদক জাবেদ চৌধুরী, ইংলান্ড থেকে নাসির উদ্দিন, ফারুক খান, পিলাডেলপিয়া থেকে জাহেদ চৌধুরী প্রমুখ বক্তব্য রাখেন। আলোচকবৃন্দ তাঁদের বর্ণাঢ্য গৌরবময় সাফল্য এবং বিভিন্ন অজানা চমকপ্রদ জীবনালেখ্য উপস্থাপনার মাধ্যমে একটি প্রাণবন্ত আলোচনা উপহার দেন।

আলোচনায় আরো যারা অংশগ্রহন করেন সাবেক এমপি এম এম শাহীন, বাংলাদেশ সোসাইটি ও জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাবেক সভাপতি আজমল হোসেন কুনু, এডভোকেট নাসির উদ্দীন, বীর মুক্তিযোদ্ধা তোফায়েল আহমদ চৌধুরী, বিশিষ্ট রাজনীতিক এম এ সালাম, বাংলাদেশ সোসাইটির ট্রাষ্টি আব্দুল হাসিম হাসনু, সিলেট সদর সমিতির সভাপতি দেওয়ান শাহেদ চৌধুরী ও সাধারণ সম্পাদক হুমায়ুন চৌধুরী, হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক আকবর হোসেন স্বপন, সিলেট বিভাগ উন্নয়ন পরিষদের সাধারণ সম্পাদক আব্দুল হাই, মৌলভীবাজার ডিষ্টিক সোসাইটির সাধারণ সম্পাদক জাবেদ উদ্দীন, সাবেক সভাপতি সোহান আহমেদ টুটুল, ফাউন্ডেশন অব গ্রেটার জৈন্তা নিউইয়র্ক সভাপতি রসিদ আহমদ ও সাধারণ সম্পাদক জামিল আনসারী, শ্রীমঙ্গল সমিতির সভাপতি মামুনুর রসিদ শিপু, বিশিষ্ট রাজনীতিক শেখ আতিকুল ইসলাম, কুলাউড়া সমিতির সাধারণ সম্পাদক এনায়েত হোসেন জালাল, ওসমানী নগর এসোসিয়েশনের সভাপতি বসির উদ্দীন, বাংলাদেশ কালচারাল এসোসিয়েশনে সাধারণ সম্পাদক সারোয়ার চৌধুরী, বৃন্দাবন কলেজ এলামনাইর সভাপতি সৈয়দ মুজিবুর রহমান, ব্রঙ্কস বাংলাদেশ সোসাইটির সভাপতি সামাদ মিয়া ,বিয়ানিবাজার সামাজিক ও সাংকৃতিক সমিতির সাবেক সভাপতি মাসুদুল হক ছানু, জলালাবাদ এসোসিয়েশনের সহসভাপতি মনজুর চৌধুরী জগলু, সহ-সভাপতি মো: জুসেফ চৌধুরী, সাবেক সাংগঠনিক সম্পাদক শেখ আতিকুল ইসলাম, বিশিষ্ট রাজনীতিবিদ ফারুক চৌধুরী, জালালাবাদ এসোসিয়েশনের সাবেক প্রচার সম্পাদক আব্দুল করিম, সাবেক কর্মকর্তা জাবেদ আহমেদ, বিশিষ্ট রাজনিতীক কপিল আহমেদ চৌধুরী, সিলেট সদর সমিতির সহিদুল হক রাসেল, জালালাবদ এসোসিয়েশন এর মহিলা সম্পাদিকা সুতিপা চৌধুরী, প্রচার সম্পাদক বু-রহান উদ্দিন, কার্যকরী সদস্য হেলিম উদ্দিন, নিউজার্সী থেকে দেওয়ান বজলু চৌধুরী, দক্ষিণ সুরমা এসোসিয়েশন এর শ্যমল কান্তি চন্দ, ব্রঙ্কস সোসাইটির সভাপতি সামাদ মিয়া প্রমুখ। এছাড়াও যুক্তরাষ্ট্র ও বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে বিভিন্ন সামাজিক সংগঠনের অনেক নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।

আলোচনা শেষে সদ্য প্রয়াতদের এবং সকল মুসলিম উম্মার মাগফেরাত কামনায় মুনাজাত করা হয়। মুনাজাত পরিচালনা করেন জালালাবদ এসোসিয়েশন এর সাবেক সহসভাপতি মাওলানা সাইফুল আলম সিদ্দীকি। -প্রেস বিজ্ঞপ্তি।



নিউইয়র্কস্থ বাংলাদেশ ও ভারতের কনস্যুলেটের উদ্যোগে

‘জয় বাংলা, জয় বঙ্গবন্ধু’ ধ্বনিতে নিউজার্সীতে বঙ্গবন্ধু’র ১০১তম জন্মদিন উদযাপন





নিউইয়র্ক: নিউইয়র্কস্থ বাংলাদেশ ও ভারতের কনস্যুলেট জেনারেল এর যৌথ অংশগ্রহণে নিউজার্সীর আনন্দ মন্দির প্রাঙ্গনে বুধবার (১৭ মার্চ) ‘জয় বাংলা, জয় বঙ্গবন্ধু’ স্লোগানের মধ্য দিয়ে ‘জাতির পিতা’ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মদিন এবং ‘মুজিববর্ষ’ উদযাপিত হয়। অনুষ্ঠানের শুরুতে কনসাল জেনারেল সাদিয়া ফয়জুননেসা এবং ভারতের কনসাল জেনারেল রনধীর জশওয়াল যৌথভাবে জাতির পিতার প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করেন। এরপর বাংলাদেশ, ভারত ও যুক্তরাষ্ট্রের জাতীয় সংগীত পরিবেশন করা হয়। অনুষ্ঠানে জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে বাংলাদেশ ও ভারতের কনসাল জেনারেল আনন্দ মন্দির প্রাঙ্গনে যৌথভাবে একটি চেরী গাছ রোপন করেন।

১৭ মার্চ-কে একটি ঐতিহাসিক দিন হিসেবে অভিহিত করে কনসাল জেনারেল সাদিয়া ফয়জুননেসা তাঁর বক্তব্যে বলেন যে, ১৯২০ সালের এই দিনে টুঙ্গীপাড়ায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম হয়েছিল বলেই আজ আমরা স্বাধীন সার্বভৌম বাংলাদেশের নাগরিক হিসেবে এখানে উপস্থিত হতে পেরেছি। “বঙ্গবন্ধু” ও “বাংলাদেশ” আজ সমার্থক এবং একে অপরের পরিপূরক উল্লেখ করে তিনি বলেন বিশ্বের নিপীড়িত ও নির্যাতিত মানুষের অধিকার আদায়ে বঙ্গবন্ধুর অবিচল সংগ্রাম ও মানবদরদী নেতৃত্ব তাঁকে “বিশ্ববন্ধু”-তে পরিণত করেছে। তিনি আরো বলেন যুদ্ধবিধ্বস্ত দেশকে ‘সোনার বাংলা” হিসাবে গড়ে তোলার প্রস্তুতি গ্রহণের জন্য বঙ্গবন্ধু সময় পান মাত্র সাড়ে ৩ বছর। স্বাধীনতাবিরোধী ঘাতকচক্র ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধুকে সপরিবারে নৃশংসভাবে হত্যার মাধ্যমে বঙ্গবন্ধুর “সোনার বাংলা” বাস্তবায়নের স্বপ্নপূরণ হতে দেয়নি।

সাদিয়া ফয়জুননেসা বলেন, ২০২১ সালে জাতির পিতার জন্মশতবার্ষিকী এবং বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর এই আনন্দঘন মুহূর্তে জাতিসংঘ বাংলাদেশকে স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের চূড়ান্ত সুপারিশ করেছে যা আমাদের সকলের জন্য অত্যন্ত গৌরবের বিষয়। নিউইয়র্ক টাইমস-এ সম্প্রতি প্রকাশিত প্রতিবেদনে যুক্তরাষ্ট্রের দারিদ্র দূরীকরণে বাংলাদেশকে অনুসরণ করার পরামর্শ অথবা ওয়ালস্ট্রীট জার্নালে বাংলাদেশকে দক্ষিণ এশিয়ার “ইকোনোমিক বুল” হিসেবে অভিহিত করার বিষয়সমূহ বঙ্গবন্ধুর এই শুভ জন্মদিনে বাংলাদেশের আনন্দের মাত্রাকে অনেকগুণ বাড়িয়ে দিয়েছে বলে কনসাল জেনারেল মন্তব্য করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী রাজনৈতিক নেতৃত্বের ফলশ্রুতিতে বাংলাদেশ আজ বিশ্বের প্রথম পাঁচটি দ্রুতবর্ধনশীল অর্থনীতির একটি উল্লেখ করে কনসাল জেনারেল বলেন অর্থনীতিসহ উন্নয়নের সকল সূচকে বাংলাদেশ অভূতপূর্ব উন্নতি লাভ করেছে। শিক্ষা, স্বাস্থ্য, নারীর ক্ষমতায়ণ, দারিদ্র বিমোচন, গড়আয়ু বৃদ্ধি ও চলমান মেগাপ্রকল্পসহ অবকাঠামোর উন্নয়ন, তথ্য প্রযুক্তি ক্ষেত্রে উন্নয়ন এবং আর্থ-সামাজিক উন্নয়নে বাংলাদেশের সামগ্রিক চিত্র তুলে ধরে কনসাল জেনারেল সাদিয়া ফয়জুননেসা বলেন বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অদম্যগতিতে বাংলাদেশ এগিয়ে চলেছে।

ভারতের কনসাল জেনারেল রনধীর জশওয়াল জাতির জনকের ১০১তম জন্ম দিবস এবং ‘মুজিববর্ষ’ উপলক্ষ্যে জাতির পিতার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বাংলাদেশের সাম্প্রতিক আর্থ-সামাজিক উন্নয়নের ভূয়সী প্রশংসা করেন। তিনি বাংলাদেশে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপন উৎসবে ভারতসহ দক্ষিণ এশিয়ার দেশগুলোর রাষ্ট্র/সরকার প্রধানদের সাম্প্রতিক ঢাকা সফরের বিষয়টি গুরুত্বের সঙ্গে উল্লেখ করেন। বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে এবং বাংলাদেশ-ভারত দ্বিপাক্ষিক সম্পর্কের ৫০ বছর পূর্তিতে ভারতীয় কনসাল জেনারেল উষ্ণ অভিনন্দন জানান। তিনি তাঁর বক্তব্য শেষ করেন “জয় বাংলা, জয় বঙ্গবন্ধু” স্লোগানের মধ্য দিয়ে।

বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা এবং ‘Secret Documents of Intelligence Branch on Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman’ Volume – 1, 2, & 3 বইসমূহ আনন্দ মন্দির কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করেন কনসাল জেনারেল সাদিয়া ফয়জুননেসা।

মুজিববর্ষে জাতির পিতার ১০১তম জন্মদিনের এই তাৎপর্যপূর্ণ অনুষ্ঠানটিতে করোনাজনিত স্বাস্থ্যবিধি মেনে সীমিত সংখ্যায় বাংলাদেশ ও ভারতের বিভিন্ন ব্যক্তিবর্গ, বীর মুক্তিযোদ্ধা এবং বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব উপস্থিত ছিলেন। নিউজার্সীতে বসবাসরত বাংলাদেশ এবং ভারতের শিল্পীগণ বঙ্গবন্ধু ও বাংলাদেশকে উপজীব্য করে দেশাত্ববোধক গান পরিবেশন করেন। অত্যন্ত হৃদয়গ্রাহী ও উষ্ণ আন্তরিকতায় পরিপূর্ণ এই অনুষ্ঠানটিতে বঙ্গবন্ধুর স্মৃতি চারণকালে বাংলাদেশ ও ভারতের অতিথিবৃন্দ আবেগে আপ্লুত হয়ে পড়েন। -প্রেস বিজ্ঞপ্তি।





সাহিত্য সাময়িকী

অপরিচিত হয়ে গেছে

শাহীন ইবনে দিলওয়ার

সময়ের জল প্রপাতে ফসল সূষম
দেরীতে খরায় নাশ মুদিত শিকড়
তারপর কতো টানাটানি নিষ্ফলা
শারীরিক খাটুনি আহাজারি।

ভালোবাসতে চেয়ে যিনি
অপয়া দৈববাণী শোনেন
যাকে প্রভাবিত করে নির্বোধ তান্ত্রিক
তার পরাজয় অবধারিত
কেউ পূর্ণ ভালোবাসায় তত্ত্বকে
অসত্য মনে করে চিরজয়ী হয়েছেন।

শরীর মন সব ক্ষয়ে গেলে
তাতে আরোগ্য লাভ দুরূহ
পিছনের দূরবর্তী ল্যাম্পপোষ্টের
বাতি সেই কবে নিভে গেছে
অপরিচিত হয়ে গেছে
চেনা মানুষগুলো।

একটি অসমাপ্ত স্বপ্ন

মনসুর আজিজ

পাতা
ঝরে যায়
কান্নার ধ্বনি রেখে
গুঞ্জরিত আওয়াজ প্রতিধ্বনিত হয়
ভাঙা দালানের ফাঁক-ফোঁকড়ে বাতাশের আলিঙ্গনে
কতিপয় পেঁচার আওয়াজ কোরাস গায় তার সাথে
শীতের শিৎকার ধ্বনি কি শোনা যায়?
নড়বড়ে খাটের আওয়াজ?
শোনে সে, এবং
আমি

ইচ্ছে

পলি শাহীনা

আমার একটা কুয়াশাচ্ছন্ন ভোর চাই, শিশিরে পা ভিজিয়ে, ছাতিমের মৌ মৌ সুবাসে, আনন্দ-বিহ্বলতায় ডুবে, মুখ লুকাতে চাই তার উষ্ণ বুকে।

আমার একটা মিঠে রোদের চন্দ্রপ্রভা দুপুর চাই, স্নিগ্ধ স্নান শেষে, অবসন্ন শরীরে তার কোলে চুল শুকানোর ছল করে, পরম প্রশান্তিতে সুখনিদ্রা যেতে চাই।

আমার একটা সোনালু রঙের শান্ত বিকেল চাই, গোধুলি বেলায় গল্প-কবিতা অনর্গল আড্ডায়, অকারণ বাচ্চাসুলভ খুনসুটি তার সঙ্গে, চায়ের পেয়ালা হাতে।

আমার একটা বৃষ্টিস্নাত নিঝুম রাত্রি চাই, শিউলির ঘ্রাণ মাখা গাঢ় অন্ধকার রাত্রি। তার হাতটি ধরে গভীর প্রণয়ে, মিলবো দুজনে আনন্দের স্বর্গপুরে।

আমার একটা লাল রঙ্গন মনোহর জীবন চাই, তার চোখে চোখ রেখে অতল সুখে, ভালোলাগার সমস্ত সৌরভ জড়িয়ে তলিয়ে যেতে চাই ভালোবাসার সমুদ্রে।

জ্বালো জ্বলো জ্বলছি

মোখলেসুর রহমান

স্মৃতির জমিনে বিষন্নতার পটগুলো জ্বলে।
করোটিতে নবজাত আলোর সৃষ্টির স্বরলিপি
আলোর কার্নিশে আলো বৃষ্টির সোলার
সময়ের নিখুঁত দৃশ্যে জ্বলে।

জ্বালো জ্বলো জ্বলছি
দৃশ্যপটে আমি আমাকে জ্বালাই
আমি জ্বলতে জ্বলতে হই ছাইভস্ম
শেষ বিন্দুতে আলো হই
কালের সাক্ষী হই। দ্যুতিময় আলোতে অস্তিত্ব।
আমিতে আলো মাখি, হৃদয়ে রাখি ছাইভস্মের আলো।
আলোয় আলোয় ফরসা হয়
আমার ডান বাম সামনে পেছনে
মাথার উপর ও পায়ের নীচ।
আলোয় আলোয় আমি দেখি দশ দিগন্ত।
খন্ডিত বোধে আমি ডানে নই আমি বামে ও নই।

সমাজবিদ্যার সংসারে আমি একজন জ্বলে ওঠি
প্রাজ্ঞ চেতনার আলোয় হেরার দীপ্তিই মানবিক।

আমার স্বাধীনতা

আহমেদ ছহুল

হেঁটে যাচ্ছিলাম কোন এক মৃত লোকালয়ের
পরিত্যক্ত পথে
তোমার আঙুলে আঙুল ছিলো আমার।

হঠাৎ পুরাপুরি হাতটা-ই টেনে নিলে হাতে
বললে আমাকে কিছু না কিছু মুখে মুখে
লিখতে বলো, লিখে রাখি অই স্তব্ধ আঙিনায়।

তখনও বিস্ময়ে অবাক, তারপরও বললাম ঠিক আছে
লিখো যুদ্ধ, তুমি লিখলে- প্রেম
ঘোর কাটার আগে আবার বলি লিখো, মা
তুমি লিখলে, দেশ
মাথা উঠিয়ে আমাকে দেখার আগে-ই বলি লিখো, ভাষা
তুমি লিখলে অভাগী মায়ের বকুনী।
বললাম লিখ বন্ধু প্রেম, তুমি ঝমঝম বৃষ্টির মতন কেঁদে উঠলে
চিৎকার করে বললে স্বাধীনতা আমার স্বাধীনতা।

জীবনের গান

আদিল মাহমুদ

একটি ঘরে, বিপদজনক শূন্যতা-নির্লজ্জ একাকিত্ব নিয়ে, আবদ্ধ আছি বহুবছর থেকে। আলগোছে অভ্যাসের জোনাকপোকারা, হেঁটে বেড়ায় মস্তিকের আনাচেকানাচে। বালিশের উপর আমার জন্য অপেক্ষা করে অনিদ্রা। অন্তরে শব্দ খোঁজা সুরে বাজে এক মায়া। প্রার্থনার বোঁটায় চিকচিক করে জল।

জীবন যুদ্ধে হাঁপিয়ে ওঠে হতাশ হয়ে দক্ষিণের জানালাটা কিঞ্চিৎ খুলে দিই, যেন এক ফালি আলো স্নিগ্ধ বাতাস নিয়ে ঘরে ঢোকে। কিন্তু দুরন্ত আঁধারের নৈরাজ্যে দুর্দম্য আস্ফালনে, বিলিন হয় শরীর। দেখি বরফের উপর উপুড় হয়ে শুয়ে থাকা জোছনা, ভেংচি কেটে মিটিমিটি হাসে আমার দিকে তাকিয়ে।

যত দূর চোখ যায় তত দূর কুয়াশায় ঘেরা। ধোঁয়ার তোপে ঘোর ঘোলাটে হয় দিন-রাত্রি। দৈনন্দিন আলোকসজ্জায় বিদ্যুৎহীনতার অভিযোগ আসে। রোমকুপ থেকে পাঁজরে পৌঁছায় একটি আলো। অলাতচক্রে সমস্ত ইচ্ছেরা জেগে ওঠে, আগুন লাগে স্মৃতির কোষে কোষে!

যে দিন মাবুদ আমাকে ডাকবে, ফেরেশতা খুঁজে নেবে। সে দিন জীবনকে বুড়ো আঙুল দেখিয়ে, হাসিমুখে লুকিয়ে রইবো মাটির ভাঁজে!

প্রত্যাশা

বীরেন পাল

তোমার চোখের উষ্ণ স্রোতের ধারায়
ক্যাকটাস জন্মায়নি,ফুটেছে অশোক পলাশ,
লাবণ্য ফাগুন, অনবদ্য অশেষ।

পাশের ঘরে চলছে দেখো অক্ষর দিয়ে শব্দ গড়ার খেলা
সন্ধি, সমাসের নান্দনিক বিজ্ঞান বিচার ।

ভেজা চোখ ফ্যাসিয়েল টিস্যুতে মুছে
চলে এসো, চলে এসো তুমি ভালোবাসার মুক্তাঙ্গনে।

পিতার খুনীর ঝান্ডা হাতে সন্তানেরা হাঁটে

মামুন জামিল

ওদের হাতে অস্ত্র ছিল, মোদের বুকে বারূদ
চেতনার এক মশাল ছিল মুক্ত অবরোধ!
বজ্রকথার মন্ত্র ছিল পিতার উপদেশড়
'শৃংঙ্খলিত থাকব না আর মুক্ত কর দেশ'
স্বাধিকারের দাবী নিয়ে ভেঙ্গে মৌনতা
রক্তক্ষয়ী যুদ্ধে নামে কোটি জনতা!!
লক্ষপ্রাণের রক্তেধুয়ে স্বাধীন হলো দেশ
একটি জাতির জন্ম হলো, জন্ম বাংলাদেশ!
যুদ্ধে ক্ষত দেশটাকে আজ সোনায় গড়া চাই
দোসরদেরে এদেশটাতে দেবো নাকো ঠাঁই!
এমনতরো শপথ নিয়ে স্বাধীন বাংলাদেশ
চলার পথে হোঁচট খেলো, হারিয়ে গেল রেশ!
ক্ষমতার এক হিংস্র-লোভী কুলাঙ্গারের দল
জাতির জনক হত্যা করে ভাংতে মনোবল!
সেদিন থেকে বাজনা শুরু স্বৈরচারের ঢোল
ইতিহাসের সত্য ঢাকে মিথ্যা কথার বোল!
অবিশ্বাসী মিথ্যাবাদী দেশদ্রোহীর সাথে
স্বার্থলোভী অন্ধ কিছু হাত মেলালো হাতে!
স্বদেশ জুড়ে বসলো যেন স্বৈরচারী মেলা
ক্ষমতার এক হিংস্র রূপী অন্যরকম খেলা!
আমজনতার সময় কাটে হতাশ উদাসীন
কেউবা এসে স্বপ্ন দেখায় ঝলমলে রঙিন!
স্বপ্নঘোরে এই দশকে দেখলো সবে ভাই
নেত্রী-নেতার কোর্তা আছে আদর্শটা নাই!
ক্ষমতার এক মধুলোভে এমন অবক্ষয়
আদর্শটাও খুচরা দামে বেচা-কেনা হয়!
জমজমাট এক বাজার বসে রাজনীতিরঐ মাঠে
পিতার খুনীর ঝান্ডা হাতে সন্তানেরা হাঁটে!!

সভাপতি-সম্পাদকের বিরুদ্ধে গঠনতন্ত্র লংঘনের অভিযোগ

(শেষের পাতার পর)

অস্বীকার করে সভাপতি মইনুল হক চৌধুরী হেলাল বলেছেন, অভিযোগটি সঠিক নয়, এসোসিয়েশনের গঠনতন্ত্রও লংঘিত হয়নি। তিনি বলেন, এসোসিয়েশনের গঠনতন্ত্রে বলা আছে যে, জালালাবাদ এসোসিয়েশনের সাথে সাংঘর্ষিক অন্য কোন সংগঠনে নেতৃত্বদানকারী কেউ এই সংগঠনের সভাপতি অথবা সাধারণ সম্পাদকের পদে দায়িত্ব পালন করতে পারবেন না।

এব্যাপারে জালালাবাদ এসোসিয়েশনের সাবেক সিনিয়র সহ সভাপতি আজিমুর রহমানবুরহান বলেন, আমি যতদূও জানি এই সংগঠনের গঠনতন্ত্রে এব্যাপারে কোন বাধ্যবাধকতা নেই।

এসোসিয়েশনের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক মো: ফখরুল ইসলাম দেলোয়ার বলেন, আমি গঠনতন্ত্র সম্পর্কে বিশেষজ্ঞ নই। তবে জনাব মইনুল হক চৌধুরী হেলাল ও মিজানুর রহমান চৌধুরী শেফাজ দীর্ঘদিন ধরে এসোসিয়েশনের সাথে জড়িত। তারা উভয়েই এব্যাপারে অভিজ্ঞ। তারা যদি গঠনতন্ত্র লংঘন করে থাকেন তবে তারা নিজ দায়িত্বই পদ থেকে সরে যাবেন।

উল্লেখ্য, তিন বছরের জন গঠিত এসোসিয়েশনের বর্তমান কমিটির মেয়াদ চলতি বছরেই শেষ হয়ে যাচ্ছে। আগামী বছর নতুন কমিটির ত্রিবার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হবে। সেই লক্ষ্য ছাড়াও একটি স্থায়ী ভবন নির্মানের জন্য কাজ করে যাচ্ছে বর্তমান কমিটি।

কমিউনিটির পরিচিত মুখ আমিনুল হক আর নেই

(শেষের পাতার পর)



তিনি শনিবার (২০ মার্চ) রাতে হাসপাতালে চিকিৎসাধীন থাকাবস্থায় ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন। তিনি প্রায় একমাসেরও অধিক সময় ধরে মাউনসিনাই হাসপাতালে করোনা পজিটিভ নিয়ে চিকিৎ-সাধীন ছিলেন। তার বাড়ী ময়মনসিংহের গফরগাঁও। তার মৃত্যুত কমিউনিটিতে শোকের ছায়া নেমে এসেছে।



বঙ্গবন্ধু স্মরণে নাইজেরিয়ার শিল্পী গাইলেন বাংলা গান

আবুজা (নাইজেরিয়া): জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মরণে নাইজেরিয়ার পেশাদার কণ্ঠ শিল্পী মিসেস প্রিন্সেস বোলাইজেজি গাইলেন বাংলা গান (যদি রাত পোহালে শোনা যেত বঙ্গবন্ধু মরেনাই...)। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বছরব্যাপী গৃহীত কর্মসূচির অংশ হিসেবে নাইজেরিয়ায় বাংলাদেশ হাইকমিশন এ উদ্যোগ গ্রহণ করে। হাসান মতিউর রহমানের কথায় ও মলয় গাঙ্গুলির সুরে সাবিনা ইয়াসমিনের গাওয়া বিখ্যাত গানটি বিদেশি এ শিল্পীর সুললিত কণ্ঠে এক বিশেষ দ্যোতনা তৈরি করে। এ গানের মধ্য দিয়ে দুদেশের জনগণের মধ্যে বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে ঘনিষ্ঠতর করবে বলে আশা করা যায়। গানের ভিডিওটি মিশনের ইউটিউব চ্যানেলে দেখতে পাওয়া যাবে (https://youtu.be/NuU7k0g-29E)।

উল্লেখ্য, সম্প্রতি 'মুজিববর্ষ' উপলক্ষ্যে নাইজেরিয়া পোস্টাল সার্ভিস (নাইপোস্ট) একটি স্মারক ডাকটিকেট প্রকাশ করে। উক্ত ডাক টিকেটটি বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রী ড. এ.কে.আব্দুল মোমেন এমপি এবং নাইজেরিয়ার পররাষ্ট্র মন্ত্রী জেফ্রি ওনেয়ামা গত বছরের ২৭ আগস্ট ভার্চুয়াল মাধ্যমে যৌথভাবে অবমুক্ত করেন। -প্রেস বিজ্ঞপ্তি।

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা • বার্ণ ইনজুরি
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল • নির্মাণ কাজে দুর্ঘটনা
• ব্রেইন ইনজুরি • পিছলে পড়ে গেলে
• এলিভেটর একসিডেন্ট • লেড পয়জনিং
• স্কুল লায়াবিলিটি • কুকুর কামড়ালে
• খেলার মাঠে দুর্ঘটনা • ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
www.surdezperezlaw.com

জ্যাকসন হাইট্স কাজী অফিস
সম্পূর্ণ নিরিবিলি পরিবেশে নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্টার্ড কাজীর মাধ্যমে শরিয়ত সম্মতভাবে বিবাহ সম্পন্ন সহ নিউইয়র্ক সিটি'র 'ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়।
বিস্তারিত তথ্যের জন্য ঃ ৭১৮-৬১৮-৪০৯৩
৪১-২২ ৭৫ স্ট্রিট, ১ম তলা, এলমহার্স্ট, নিউইয়র্ক ১১৩৭৩

গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এষ্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

মুসলিম কাজী অফিস
ISLAMIC MARRIAGE SOLEMNIZER (NYC/S. REGISTERED)
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো ও নিউইয়র্ক সিটির 'ল' অনুযায়ী ম্যারেজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।
মাওলানা ক্বারী মোহাম্মদ রহমতউল্লাহ মজিদী
এম, এম, বিএস-সি (অনার্স) এম,এস-সি (ভূগোল)
খতিব : ম্যানহাটন ডাউনটাউন ক্যানাল স্ট্রীট জুমা মসজিদ
ইমাম : বায়তুল ইসলাম মসজিদ এন্ড কমিউনিটি সেন্টার, ব্রঙ্কস
ম্যারেজ রেজিস্ট্রার : নিউইয়র্ক স্টেট, ইউএসএ।
পরিচালক : এম, সেতারা ট্রেড ইন্টারন্যাশনাল লিঃ (বাংলাদেশ)। বাংলাদেশ থেকে হজ্ব ও ওমরার বুকিং চলছে।
গ্রুপ ভিত্তিক/বাসায় গিয়ে 'বিশুদ্ধ কোরআন শিক্ষা' দেওয়া হয়।
যোগাযোগঃ ৬৮-১৫, ৩৮ এভিনিউ, ২য় তলা, উডসাইড, নিউইয়র্ক ১১৩৭৭ (৭- ট্রেন, ৬৯ সাবওয়ে-এর অর্ধরুক উত্তরে)
ফোনঃ 347-612-7397, 718-565-8219

যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত

(শেষের পাতার পর)

সবচেয়ে দক্ষ হতে পারেন-তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটে বিক্রি হয়ে যাবে। এ দলনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া সত্যিই স্মার্ট কাজ।

কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তরাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে পরিণত করতে পারেন না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত যেসব কথা বলে থাকেন তা নিম্নরূপ:

যোগাযোগ কম: আপনি আশা করেন যে আপনার এজেন্ট আপনার বাড়ি বিক্রির কাজে ব্যস্ত থাকবেন। তার অর্থ হচ্ছে, সে অনেক সময় তার এই ব্যস্ততার জন্য হয়ত আপনার ফোন ধরতে পারবেন না। কিন্তু একজন বাজে রিয়েল এস্টেট এজেন্ট ভদ্রতার খাতিওে হয়ত আপনাকে কল ব্যক করবেন কিন্তু আপনার জন্য যে সসব বিষয় গুরুত্বপূর্ণ তা হয়ত আপনাকে বলতে ভুলে যাবেন, এবং সত্যিকার অর্থেই তারা গুরুত্বপূর্ণ যোগাযোগে ব্যর্থ।

আপনাকে বারবার আশ্বাস দেবে কিন্তু সে আশ্বাস কাজে পরিণত করতে পারবে না: এটা ঘটতে পারে আপনার বাড়ির লিস্টিং অথবা বিক্রির চুক্তি সাক্ষরের ক্ষেত্রে। একজন রিয়েল এস্টেট এজেন্ট আপনাকে সহজেই আপনার বাড়িটি বিক্রে করে দেওয়ার আশ্বাস দেবে। এজন্য তিনি ওয়েবসাইট, স্যোসাল মিডিয়া, ভিডিও ট্যুরস, প্রফেশনাল ফটোগ্রাফি-ইত্যাদিও মাধ্যমে বাড়িটি বাজারজাত করার উদ্যোগের কথা বলবেন। কিন্তু দেখা যাবে তিনি যেসব উদ্যোগ নেওয়ার কথা বলেছিলেন তার খুব কমই করতে পেরেছেন।

উদ্ভট ফটোগ্রাফি ও ভিডিও: ইদানিং ক্রেতারা বাড়ি ক্রয় করার কাজটি শুরু করেন, বাড়ির ছবি বা ভিডিও দেখে। ফলে বিক্রিত বাড়ির ছবি বা ভিডিও-এর ক্ষেত্রে প্রফেশনাল ছোঁয়া না থাকলে ক্রেতা আকর্ষন করা কঠিন। কিন্ত্র বাড়ি বিক্রেতার এজেন্ট হয়ত বলবেন যে তিনি এক্ষেত্রে সেরা কাজটি করবেন কিন্তু দেখা গেল তিনি যে ছবি ও ভিডিও দিয়েছেন তা কোন মতে করা হয়েছে এবং দায় সারা গোছের।

আপনার বাড়িটি যে বাজাওে বিক্রি হবে সে বাজার সম্পর্কে অজ্ঞ: আপনি অবশ্যয় চাইবেন আপনার বাড়িটি যে এলাকার আপনার এজেন্ট সে এলাকায় বাড়ি বিক্রি সম্পর্কে অভিজ্ঞ হবেন।

উপরোক্ত বিষয়সমূহে একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট ভাল হলে সে হবে আপনার বাড়ির জন্য প্রকৃত এজেন্ট। আপনি যখন আপনার বিক্রি করার সিদ্ধান্ত নেবেন, আাপনি ভাল কওে জেনে নিন আপনি যে এজেন্ট নিয়োগ দিচ্ছেন ওপওে উল্লেখিত বিষয়গুলোতে আপনার এজেন্টের যোগ্যতা কেমন। এ বিষয়ে আপনি একটি চেক লিস্ট করতে পারেন এবং তার ভিত্তিতে আপনার জন্য যোগ্য এজেন্ট নিয়োগ দিন।

এ বিষয়গুলোতে চিন্তা কওে আপনি নিশ্চিত হন যে আপনি এমন কোন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দিচ্ছেন না যিনি আপনার স্বার্থ দেখার চেয়ে তার ওয়ালেট ভারী করার কাজে বেশী মনোযোগী।

কি করবেন? যখন আপনি বাড়ি বিক্রি করবেন তখন একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া আপনার সফলতার জন্য খুবই গুরুত্বপূর্ণ। আপনার উচিত হবে এমন একজনের প্রতি নজর দেওয়া যে আপনার বাড়ি বিক্রির সকল পর্যায়ে আপনার সাথেই থাকবেন এবং আপনার স্বার্থ দেখবেন। রিয়েল এস্টেট বাজারে ভাল যোগাযোগ আছে একই সাথে আপনার সাথে ভালভাবে যোগাযোগ রক্ষা করতে পারে তেমন রিয়েল এস্টেট এজেন্ট বাড়ি বিক্রির জন্য মুল্যবান। সত্যিকার ভাল রিয়েল এস্টেট এজেন্ট এই বিষয়গুলো জানেন এবং তারা আপনার জন্য যথাসাধ্য করতে পিছুপা হন না। নিম্নে উল্লেখিত কাজগুলো খেয়াল করুন এবং যে আপনাকে প্রতারিত করতে পারে এমন যে কোন রিয়েল এস্টেট এজেন্টকে বর্জন করুন:

কখনো ডুয়েল এজেন্সী গ্রহণ করবেন না।

এমন রিয়েল এস্টেট এজেন্টকে মনোনীত করবেন না যে শুধু ওপেন হাউজকে প্রাধান্য দেয়।

এমন কোন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেবেন না, যে শুধু বাড়ি বিক্রয় করাকে শুধু তার মূল্যের ওপর গুরুত্ব দেয়।

গব সময় আপনার রিয়েল এস্টেট এজেন্টকে বাড়ির ইন্সপেকশনের সময় উপস্থিত থাকতে তাগাদা দিন।

আপনার আশেপাশের এমন একজন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দিন যার বিশেষ সুনাম রয়েছে এবং ভাল ট্রাক রেকর্ড আছে।

উপরে উল্লেখিত টিপসগুলো ব্যবহার করে আপনি আপনার বাড়ি বিক্রয়ে সেরা সফলতা লাভ করতে পারেন।

বাড়ী ক্রয়-বিক্রয় বা মর্টগেজ সংক্রান্ত যে কোনো সমস্যায় আমরাও আপনাকে পরামর্শ দিতে পারি। লোন অপশন আপনার জন্য প্রযোজ্য হবে- এ ব্যাপারে আমাদের পর্যবেক্ষণ ও পরামর্শ আপনার জন্য উপকারী হতে পারে।

আপনি, আপনার পরিবার অথবা বন্ধু-বান্ধব যদি বাড়ি ক্রয় করার সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন, আপনার যোগ্য মর্টগেজ খুঁজে নিতে চান তাহলে ফ্রি কনসালটেন্টের জন্য এম কামাল সিপিএর সাথে যোগাযোগ করতে পারেন। অথবা wwwkamalmortgagetips.com লগ অন করে বিস্তারিত জেনে নিন। এ ছাড়াও এ বিষয়ে বিস্তারিত জানার জন্য ৭১৮-৫০৭-লোন (৫৬২৬) এই নাম্বারে যোগাযোগ করতে পারেন।

আবার নির্বাচনী মাঠে একাধিক

(শেষের পাতার পর)

অপরদিকে কুইন্স কাউন্টি ওমেন্স বার এসোসিয়েশনের প্রেসিডেন্ট এটর্নী সোমা সাঈদ কুইন্স সিভিল কোর্ট জজ পদে নির্বাচন করার ঘোষণা দিয়েছেন। এ পদে তিনিই হবেন প্রথম একজন বাঙলাদেশী প্রার্থী। আগামী ২২ জুন অন্যান্য প্রাইমারির সাথে এ পদের নির্বাচনও অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, এটর্নী সোমা সাঈদ সিটি কাউন্সিল ডিষ্ট্রিক্ট-২৪ এর বিশেষ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে হেরে যান।

জানা গেছে, জ্যামাইকা থেকে প্রতিদ্বন্দ্বিতাকারী মৌমিতা আহমেদ মূলধারায় নতুন প্রজন্মের প্রতিনিধিদের অন্যতম সংগঠন বাপ-অন্যত সংগঠক। অপরদিকে সাবুল উদ্দিন অ্যাসল-এর কর্মকর্তা ছাড়াও ডেমোক্যাট দলীয় জুডিশিয়াল ডেলিগেট।

মিসবা আবদীন বাগডিস নামক প্রতিষ্ঠানের মাধ্যমে দীর্ঘদিন ধরে প্রবাসী বাংলাদেশী সহ অন্যান্য কমিউনিটির সেবা দিয় চলেছেন। এছাড়াও বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকার অন্যতম সহ সভাপতির দায়িত্ব পালন করছেন। ইতিপূর্বে এই সংগঠনের সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করেন। সিলেটর সন্তান মিসবা আবদীন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ও বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক সাংস্কৃতিক সমিতি ইউএসএ-এ সহ আলো অনেক সংগঠনের মাধ্যমে সামাজিক কর্মকান্ড করছেন।

অপরদিকে কমিউনিটির পরিচিত মুখ, চট্টগ্রাম সমিতি ইউএসএ'র সাবেক সভাপতি মোহাম্মদ হানিফের কন্যা শাহানা হানিফ। একজন নাগরিক সংগঠক হিসেবে দীর্ঘদিন থেকে সক্রিয় শাহানা হানিফ কমিউনিটির পরিচিত মুখ। ব্রুকলীন কমিউনিটি বোর্ড ছাড়াও নানা নাগরিক কাজে নিজের সম্পৃক্ততায় নিউইয়র্কের মুসলমান নারী অ্যাকটিভিস্টদের মধ্যে শাহানা হানিফ এরই মধ্যে পরিচিত হয়ে উঠেছেন।

বিয়ে ও পরিবার গঠনের মৌলিক

(শেষের পাতার পর)

আধুনিক সমাজে মানবজীবন যে নৈরাজ্যকর অবস্থার মুখোমুখি হয়েছে তাতে পরিবার ব্যবস্থা টিকিয়ে রাখার জোর দাবি উঠেছে। তবে পরিবার গঠনে ইসলামী দৃষ্টিকোণ অপরাপর ধর্ম ও মতাদর্শ থেকে ভিন্ন। ইসলাম ব্যক্তিগত এই সম্পর্ককে বৃহৎ ও মহৎ একটি দৃষ্টিকোণ থেকে বিবেচনা করে।

ব্যক্তিগত জীবনে শৃঙ্খলা: সৃষ্টিগতভাবে মানুষের ভেতর যে জৈবিক চাহিদা রয়েছে তা যদি বৈধভাবে পূরণের সুযোগ না থাকে, তবে মানুষের ব্যক্তিগত জীবনে নানা নৈরাজ্য ও বিকৃতি দেখা দেয়। বিকৃত যৌনাচার ও চাহিদা বহু জাতি ও সম্প্রদায়কে ধ্বংস করে দিয়েছে। ইসলাম অবৈধ ও বিকৃত যৌন জীবনকে নিষিদ্ধ ঘোষণা করে তার পরিবর্তে বিয়ে ও পরিবারের প্রতি মানুষকে উৎসাহিত করেছে। এমনকি বিকৃতির ভয় আছে- এমন বিষয় থেকেও দূরে থাকতে বলেছে। রাসুলুল্লাহ (সা.) বলেন, 'কোনো ব্যভিচারী ব্যভিচার করার সময় মুমিন থাকে না, কোনো চোর চুরি করার সময় মুমিন থাকে না, কোনো মদ পানকারী তা পান করার সময় মুমিন থাকে না। তবে এর পরও তাওবার দুয়ার খোলা থাকে।' (সহিহ বুখারি, হাদিস : ৬৮১০)। অন্য হাদিসে ইরশাদ হয়েছে, 'নারীদের কাছে একাকী যাওয়া থেকে বিরত থেকো। এক আনসার জিজ্ঞেস করল, হে আল্লাহর রাসুল, দেবরের ব্যাপারে কী হুকুম? তিনি জবাব দিলেন দেবর হচ্ছে মৃত্যুতুল্য।' (সহিহ বুখারি, হাদিস : ৫২৩২)

বংশধারা রক্ষা: মালিক ইবনে ইয়াসার (রা.) বলেন, 'তোমরা বেশি সন্তান প্রসবা মমতাময়ী নারীকে বিয়ে করবে। কেননা আমি তোমাদের দ্বারা সংখ্যাধিক্যের প্রতিযোগিতা করব।' (সুনানে নাসায়ি, হাদিস : ৩২২৭)। উল্লিখিত হাদিসের আলোকে ধর্মতাত্ত্বিক আলেমরা বলেন, বংশধারা সংরক্ষণ ও তার বিস্তার বিয়ের অন্যতম প্রধান লক্ষ্য। এ জন্যই কোরআনে নির্দেশ দেওয়া হয়েছে, 'তোমরা সন্তানদের দারিদ্র্যের ভয়ে হত্যা কোরো না। তাদেরকে আমিই রিজিক দিই এবং তোমাদেরও। নিশ্চয়ই তাদের হত্যা করা মহাপাপ।' (সুরা বনি ইসরাঈল, আয়াত : ৩১)

চরিত্র রক্ষা: চরিত্র রক্ষা বিয়ের অন্যতম উদ্দেশ্য। রাসুলুল্লাহ (সা.) বলেন, 'হে যুবকরা, তোমাদের জন্য বিয়ে আবশ্যক (যদি সামর্থ্য থাকে)। কেননা তা দৃষ্টিকে বেশি অবনতকারী এবং লজ্জাস্থান হেফাজতকারী।' (সুনানে নাসায়ি, হাদিস : ২২৩৯)

বিয়েকে ইসলাম চরিত্র রক্ষার অন্যতম মাধ্যম মনে করে বলেই বিবাহিত কোনো নারী-পুরুষ ব্যভিচারে লিপ্ত হলে তাকে হত্যার নির্দেশ দেওয়া হয়েছে এবং কোনো অবিবাহিত নারী-পুরুষ ব্যভিচার করলে তাকে এক শ বেত্রাঘাতের নির্দেশ দিয়েছে। **সম্পদ রক্ষা:** বিয়ে মানুষের জীবনে শৃঙ্খলা আনে। ফলে মানুষের সময় ও চরিত্রের পাশাপাশি তার অর্থ-সম্পদেও প্রাচুর্য আসে। তা রক্ষা করা সহজ হয়। এ ছাড়া স্বামীর সম্পদ রক্ষাকে ইসলাম স্ত্রীর দায়িত্ব বলে আখ্যা দিয়েছে। রাসুলুল্লাহ (সা.) বলেন, 'কোনো মুমিন ব্যক্তি আল্লাহভীতির পর উত্তম যা লাভ করে তা হলো পুণ্যময়ী স্ত্রী। স্বামী তাকে কোনো নির্দেশ দিলে সে তা পালন করে; সে তার দিকে তাকালে (তার হাস্যোজ্জ্বল চেহারা ও প্রফুল্লতা) তাকে আনন্দিত করে এবং সে তাকে শপথ করে কিছু বললে সে তা পূর্ণ করে। আর স্বামীর অনুপস্থিতিতে সে তার সম্ভ্রম ও সম্পদের সংরক্ষণ করে।' (সুনানে ইবনে মাজাহ, হাদিস : ১৮৫৭)। পারস্পরিক ভালোবাসার বন্ধন: ভালোবাসা বা বিপরীত লিঙ্গের প্রতি বিশেষ আকর্ষণবোধ একটি মানবিক বিষয়। ইসলাম ভালোবাসার মানবিক চাহিদা পূরণে বিয়ের নির্দেশ দিয়েছে। পবিত্র কোরআনে ইরশাদ হয়েছে, 'আর তাঁর নিদর্শনাবলির মধ্যে রয়েছে যে তিনি তোমাদের জন্য তোমাদের মধ্য থেকে সৃষ্টি করেছেন তোমাদের স্ত্রীদের, যাতে তোমরা তাদের কাছে শান্তি পাও এবং তোমাদের মধ্যে পারস্পরিক ভালোবাসা ও দয়া সৃষ্টি করেছেন। চিন্তাশীল সম্প্রদায়ের জন্য তাতে অবশ্যই বহু নিদর্শন রয়েছে।' (সুরা রুম, আয়াত : ২১)। আবদুল্লাহ ইবনে আব্বাস (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'দুজনের পারস্পরিক ভালোবাসা স্থাপনের জন্য বিয়ের বিকল্প নেই।' (সুনানে ইবনে মাজাহ, হাদিস : ১৮৪৭)

পরিবারের ধার্মিকতা রক্ষা: পরিবারের দ্বিনচর্চা ও চরিত্র সংরক্ষণ পরিবার গঠনের অন্যতম উদ্দেশ্য। রাসুলুল্লাহ (সা.) বলেন, 'প্রতিটি নবজাতকই জন্মলাভ করে ফিতরাতের (একত্ববাদের) ওপর। অতঃপর তার মা-বাবা তাকে ইহুদি বা খ্রিস্টান বা অগ্নিপূজারীরূপে গড়ে তোলে। যেমন- চতুষ্পদ পশু নিখুঁত বাচ্চা জন্ম দেয়। তোমরা কি তাদের মধ্যে কোন কান কাটা দেখতে পাও? (বরং মানুষরাই তার নাক কান কেটে দিয়ে বা ছিদ্র করে তাকে বিকৃত করে থাকে। অনুরূপ ইসলামের ফিতরাতে ভূমিষ্ঠ সন্তানকে মা-বাবা তাদের শিক্ষা-দীক্ষা ও জীবন ধারায় প্রবাহিত করে খ্রান্তধর্মী বানিয়ে ফেলে)। (সহিহ বুখারি, হাদিস : ১৩৫৮)। আল্লাহ সবাইকে উত্তম পরিবার দান করুন। আমিন।

লেখক: সাবেক প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা।

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

উইকেন্ড মাক্তাব ও আফটার স্কুল

আল্লাহর অশেষ মেহেরবাণীতে নিউইয়র্কের সাউথ জ্যামাইকায় আপনার সন্তানের ধর্মীয় শিক্ষার জন্য আল-মানসুর কালরচারাল সেন্টারে সুব্যবস্থা হয়েছে, তাই পাবলিক স্কুলগামী ৯৮ভাগ মুসলিম শিক্ষার্থীকে আফটার স্কুল ও উইকেন্ড মাক্তাবের মাধ্যমে প্রয়োজনীয় জাগতিক শিক্ষার পাশাপাশি অত্যাবশ্যকীয় ধর্মীয় শিক্ষালাভের সুযোগ করে দেয়াই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য।

ফুলটাইম হিফ্জুল কোরআন ক্লাস

ইহা একটি পূর্ণাঙ্গ সিলেবাস সম্বলিত ৫ বছরের কোর্স যেখানে কায়দা-কোর্আন শিক্ষার পাশাপাশি দোয়া, আক্বীদা, আখ্লাক, ফিক্হ ও হাদীস এবং ইসলামিক ইতিহাস শিক্ষা দেয়া হয়।

সামার ক্লাস
সামার ভ্যাকেশনের সাথে সামঞ্জস্য রেখে সম্পূর্ণ একটি সিলেবাস।
সপ্তাহে ৪ দিন, জুলাই ০২-আগস্ট ৩০।
সকাল ১০:৩০ - দুপুর ১:৩০

বৈশিষ্ট্য সমূহঃ
বিজ্ঞ আলেমদের তত্ত্বাবধানে পরিচালিত
অভিজ্ঞ শিক্ষক মন্ডলী
সিলেবাস ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
শিক্ষাদানের ভাষা ইংরেজী
সেমিষ্টার ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
ছেলে মেয়েদের আলাদা সুব্যবস্থা
ভর্তি চলছে!

সম্মানিত সচেতন অভিভাবক! আপনার সন্তানের ধর্মীয় অনুভূতি জাগরণে আপনাকেই নিতে হবে সঠিক সিদ্ধান্ত, আর তা বাস্তবায়ন ও সার্বিক সহযোগিতায় আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ।

পরিচালক ঃ শায়েখ মুফ্তি মোহাম্মদ আব্দুল্লাহ্
প্রাক্তন ইমাম, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট কারেকশনাল সার্ভিস।

Al-Mansoor Cultural Center
Learning • Reflecting • Celebrating • Growing

ভর্তি চলছে

Tel: 718-475-0904
646-545-1943
646-545-7924
107-57 154 Streeet, Jamaica, NY 11433

আতিক আর ফিরবে না!

(শেষের পাতার পর)

পাল্লায় পড়ে গেছি। লেখায় কনসেন্ট্রেট করার মত মনমানসিকতা নাই। মাথায় নানা চিন্তা। এর মধ্যে হুট করে আতিকের চলে যাওয়া সব জট পাকিয়ে ফেলেছে। রোববার প্রেসক্লাবে জানাযাশেষে আতিককে বনানীর গাড়ীতে উঠিয়ে দিয়ে হেঁটে আসছিলাম আমি আর জালাল ভাই। একবার ঘোরের মত মুখের দিকে তাকিয়ে জালাল ভাই বললেন, আমার মনেই হইতেছে না আতিক নাই। কও তো এইটা কেমনে হয়!

অনেকদিন প্রেসক্লাবে যাওয়া হয় না, শনিবার (১৩ মার্চ) একটু ফরসুত পেয়ে ঢু মারলাম। সেখানে বন্ধু শফিকুর রহমান জানালো আতিকের অবস্থা ভাল না। জানি, বেশ কয়েকদিন আইসিইউতে আছে। হার্টের সমস্যা। সর্বশেষ একটা ট্রিপল চেম্বার পেসমেকার বসিয়েছে, ওটাই ঝামেলা করছে। ইনফেকশন হয়ে গেছে। সঙ্গে সঙ্গে ফোন দেই আতিকের নম্বরে, ধারনা ছিল অন্তত: ওর স্ত্রী ধরবে। না ধরায় সর্বশেষ আপডেট জানা হলো না। রাতেই শামসুদ্দিন ভাইর ফোন, বুকটা ছ্যাৎ করে ওঠে। শামসুদ্দিন ভাই ধীরকণ্ঠে জানান, আতিক নাই!

আতিকের সাথে আমাদের যে সম্পর্ক তাতে আতিক নাই মানে যেন আমরাই নাই! মুহূর্তে বিরাট এক শুণ্যতার মধ্যে পড়ে গেলাম! '৬৯ সাল থেকে একসাথে। একইরকম অটুট বন্ধন। পরিচয় আসকার স্যারের নাট্য একাডেমিতে। আফতাব ভাইয়ের সাথে পরিচয় আগে থেকে ছাত্রলীগের সুবাদে। নাট্য একাডেমিতে পেলাম জালাল ভাই মোস্তাফা জব্বার ভাই, ডালিম, আতিককে। শেষোক্ত দুইজন আমার ব্যাচমেট। দেশ স্বাধীনের পর গণকণ্ঠে ঘনিষ্ঠতা গড়ে উঠলো শামসুদ্দিন ভাইয়ের সাথে। অফিস করা চলাফেরা খাওয়া ঘুমানো প্রায় একসাথে। সেই হরিহর আত্মা থেকে দুইজন- আফতাব ভাই আর ডালিম আগেই চলে গেছে, শনিবার গেল আর এক আত্মা। রইলাম বাকি চার।

আতিক যে শুধু বন্ধু ছিল তাই না সে ছিল আমার পরিবারের একজন সদস্যের মত। আতিক বাবা মা'র একমাত্র সন্তান আমার সন্তানদের মা'রও কোন আপন ভাইবোন নাই। ফলে দুইজন মিলে ভাই-বোন সম্পর্ক গড়ে নিয়েছিল। আতিকের মা ছিলেন আমার খালাম্মা। ঢাকা এলে মাঝেমাঝে আমাদের বাসায় উঠতেন। আব্বার হঠাৎ তিরোধানে যখন চোখেমুখে পথ দেখছিলাম না আতিক পাশে থেকেছে ভাইয়ের মত। আজিমপুরে আমাদের বাসার সামনের অংশে একটা ছোট পারিবারিক ছাপাখানা ছিল। ছোট ভাইটা চালাতো। জিয়াউর রহমানের ভরা মার্শাল ল'র সময় একটি গোয়েন্দা সংস্থার লোকজন ট্রাপে ফেলে আমার ভাইকে ধরে নিয়ে যায়। এসেছিল আমাকে ধরতে। আমি তখন হুলিয়া মাথায় নিয়ে পালিয়ে বেড়াই। আম্মা আতিককে পাঠান থানায় গিয়ে ছোট ভাইটাকে একটু দেখে আসতে। পুলিশ তাকেও গারদে নিয়ে তোলে। আমাদের কারনে বেচারা বেশ কয়েকমাস জেলে কাটিয়েছে।

বাবা মা'র একমাত্র সন্তান, বাবার অবস্থাও ভাল ছিল। ছিল ইকবাল হলে আবাসিক ছাত্র। বাড়ী থেকে যে টাকা আসতো তা দিয়ে দিব্বি চলতো তারপরও সেই ছাত্রাবস্থা থেকেই মাথায় ব্যবসার চিন্তা ঘুরপাক খেতো। পার্টনার জুটেছিল মহিউদ্দিন খান। থাকতো আতিকের রুমে, রাতদিন বসে বসে কোটী কোটী টাকার ব্যবসার পরিকল্পনা ফাঁদতো। ওসব ব্যবসা একটাও হয় নাই, তবে গুইসাপের চামড়া পাচারের মামলায় খান সাহেবকে দেখেছি কিছুদিন আতিকের বাসায় পালিয়ে থাকতে। সেই খান সাহেব অনেক আগেই গত হয়েছেন। আতিক ছিল একেবারেই চাপা প্রকৃতির একটা ছেলে। নিজের ভাল মন্দ, সুখ-দু:খ কখনই কাউকে বুঝতে দিতো না। একবার আর্মিতে ভর্তী হতে গেছিল, বাবা মা'র একমাত্র সন্তান বিবেচনায় তাকে নেয় নাই। একবার শুনলাম গোপনে কয়েকটা রিকশা কিনেছে, ওগুলো থেকে ভাড়াবাদ বেশ আয় হয়। রিকশা বেশীদিন চলে নাই, এরপর ডালিমকে সাথে নিয়ে বলাকা ভবনের পেছনের দিকটার দোতালায় 'প্রতিরূপা স্টুডিও' নামে একটা ফটোগ্রাফীর স্টুডিও দিল। কিছুদিনে ওটারও লালবাতি জ্বললো। গণকণ্ঠের ১২৩ টাকা, '৭৫এর জানুয়ারী থেকে তাও বন্ধ হয়ে গেল। '৭৭এ আমি খবরে যোগ দিয়ে আতিককে নিয়ে গেছিলাম জিএম বানিয়ে, বেশীদিন সে চাকরি টেকেনি। এরপর সে যোগ দেয় মোস্তফা জব্বারের সাথে। মোস্তফা ভাইয়ের তখন ট্রাভেল এজেন্সির ব্যবসা। ফরেন কারেন্সির সাইডটা সে দেখাশোনা করতে শুরু করলো। এরপর আর তাকে পেছন ফিরে তাকাতে হয়নি।

শওকত ওসমান বাবু আতিক আর আমি মিলে একটি বিজ্ঞাপনী সংস্থাও খুলেছিলাম, বলাই বাহুল্য অর্থায়ন আতিকের। আমাকে ওরা এমডি বানিয়েছিল। '৭৯ সালে ছয় কি সাত বন্ধুকে নিয়ে আতিক একটা গার্মেন্টস-এর প্রস্তাবনা শিল্পঋণ সংস্থায় জমা দিয়েছিল। গাজীপুরে এর জন্য জমিও কেনা হয়েছিল। দেরী দেখে আতিক প্রজেক্টটা তুলে এনেছিল, এবং মজার ব্যপার হচ্ছে পরের মাস থেকে ঋণের অনুমোদন খুলে যায় এবং আমাদের প্রস্তাবনাটা ছিল দুই নম্বরে। ফরেন কারেন্সির ব্যবসা থেকে ধীরে ধীরে শেয়ার বাজারে ঢুকে যায় আতিক। এ সময় থেকে সে লায়ন্স ইন্টারন্যাশনালে যোগ দেয়। এক পর্যায়ে সংস্থার শীর্ষ নেতৃত্বেও আসীন হয়েছিল।

'৬৯ সালের শেষ দিকে আমরা দুইজন ঢাকা ইউনিভার্সিটির ইউটিসিতে যোগ গিয়েছিলাম। সে সময় ক্যাডেট এ্যাডজুট্যান্ট হিসাবে পেয়েছিলাম মরহুম নাজিউর রহমানকে। এখানে আমরা অস্ত্রচালনাসহ সামরিক কায়দা কানুনগুলো রপ্ত করি। পরবর্তীকালে মুক্তিবাহিনীকে ট্রেনিং দেওয়ার সময় এই বিদ্যা বেশ কাজ দিয়েছিল।

'৭১-এর ৭ মার্চ আমরা কয়েক বন্ধু মিলে রেসকোর্স মাঠের পশ্চিম দিকটায় দাঁড়িয়ে বঙ্গবন্ধুর ভাষণ শুনি। আমাদের মাঝে আগে থেকেই প্রচারণা ছিল বঙ্গবন্ধু আজই স্বাধীনতা ঘোষণা দিয়ে দেবেন। তেমনটি না হওয়ায় আমরা খানিকটা আশাহত হয়ে ফিরে আসি। দশ তারিখ থেকে শহরের পরিস্থিতি থমথমে হয়ে চলে। এক অজানা আতংক সবাইকে গ্রাস করে। শহর ফাঁকা হতে শুরু করে। আমার বন্ধুরাও এ সময় সুবিধাজনকভাবে যার যার গ্রামের বাড়ী চলে যান। পাক আর্মির হামলার মুখে আমি ঢাকা ছাড়ি ২৬ মার্চ ভোরে। নয় মাস আমাদের কারও সাথে কোন যোগাযোগ ছিল না। যুদ্ধের পর সবাই ফিরে এলে জানা যায় আতিক ইন্ডিয়া গিয়েছিল, সে একজন মুক্তিবাহিনী। ব্যস ওই পর্যন্তই। এরপর জীবনে কোনদিন তাকে মুক্তিযোদ্ধা নিয়ে বড়াই বা বাহাদুরী করতে শুনিনি। কোথাও কারও কাছে মুক্তিযোদ্ধা হিসেবে পরিচয় দিয়েছে এমনও দেখিনি। সে কবে কিভাবে ইন্ডিয়া গেয়েছিল বা কোন সেক্টরে কাজ করেছে এসবও কখনও তার কাছে জানতে চাইনি। সেদিন জাফর ওয়াজেদ জানালেন তিনি নাকি আতিকের কাছ থেকে তার যুদ্ধজীবনের কথা সংগ্রহ করে পুস্তক আকারে প্রকাশ করেছে। একটা অসম্ভব ভাল কাজ করেছেন জাফর।

আসকার স্যারের নাট্য একাডেমিতে আতিক একসময় কিছুদিন সেক্রেটারির দায়িত্ব পালন করেছে। আমাদের মাঝে দুইজন- মোস্তফা ভাই আর আতিককে দিয়ে অভিনয় হলো না। স্যার মোস্তফা ভাইকে লাগালেন লেখালেখির কাজে, আতিককে সাংগঠনিক দায়িত্বে। নাট্য একাডেমিতে থাকার সময়ই ১৯৭৬ সালের ২৬ মার্চ আমরা 'অপেরা' নামে একটি নাট্য সংগঠন করি। আতিক হয় এর প্রতিষ্ঠাতা সভাপতি। মাঝে কিছুদিন অন্য কাজে ব্যস্ত থাকায় সময় দিতে পারে নাই তবে ২০১৬ সালে অপেরা পুনর্গঠিত হলে আতিক আবার সভাপতির দায়িত্বভার গ্রহণ করে। আমৃত্যু সে এই দায়িত্ব পালন করে গেছে।

আগেই বলেছি অসম্ভব চাপা প্রকৃতির মানুষ ছিল আমাদের এই বন্ধুটি। কখনও নিজের অভাব অনটন বা ভাল মন্দ কাউকে বুঝতে দিতো না। নিজেই নিজের মত করে সামাল দিতো। তবে যে ব্যপারটা নিয়ে ওর সাথে আমার প্রায়ই ঝগড়া হতে তা হচ্ছে অতি মাত্রায় ডাক্তার নির্ভরতা। টাকা যখন ছিলনা তখনও বাসার কারও সামান্য কিছু হলেই ডাক্তারের কাছে ছুটতো, টাকা হয়ে যাওয়ার পর নানা তকমাধারী ডাক্তারদের পকেট ভারী করতো। আমি বলতাম বাংলাদেশের ডাক্তারদের কথা সবটা বিশ্বাষস করতে নেই। টাকার জন্য ওরা উল্টাপাল্টা অষুধ খাইয়ে তোমার বড় একটা ব্যামো বাঁধাবে। হলোও তাই। একেবারে রাজব্যামো ধরিয়ে দিলে! রিং দিয়ে শুরু, তারপর একে একে ওপেন হার্ট বাইপাস পেসমেকার এবং সর্বশেষ ট্রিপল চেম্বার। আমি মাঝেমাঝেই বলতাম ওরা তোর হার্টের কিছু রাখে নাইরে! ট্রিপল চেম্বার লাগানোর আগে বললো ডাক্তার বলেছে এটা ঠিকমত ফিট হয়ে গেলে আর দুশ্চিন্তা নেই।

এই ট্রিপল চেম্বার ফিটিং নিয়ে শুরু হলো টানা হ্যাচড়া, সাতদিন হাসপাতালে তিনদিন বাসায়, এই করতে করতে শেষ পর্যন্ত এই ট্রিপল চেম্বারই কাল হয়ে উঠলো। আগের দিনও আইসিইউ থেকে একজনের সাথে টেলিফোনে এক ঘন্টা কথা বলেছে, পরের দিনই হার্ট এ্যাটাক!

সবাইকেই সময় হলে চলে যেতে হবে, এগুলো হচ্ছে অছিলা। কিন্তু কিছু কিছু চলে যাওয়া আছে যা মেনে নেওয়া কষ্টকর। এই করোনাকালে নিত্য এমন সব মৃতুর খবর শুনছি মাঝেমাঝে হতভম্ব হয়ে যাই। এরা কেউ আর ফিরবেন না, আমাদের আতিকও ফিরবে না। তবে আতিকের উপস্থিতি আমাদের ভাবনায় সব সময় জাগরুক থাকবে। আল্লাহ ওকে মাফ করে দিন। জান্নাত নসীব করুন।

সাকিব নিজেই বিপদ ডেকে

(শেষের পাতার পর)

সাকিব। তার এখন আইপিএল খেলা অনিশ্চিত। ৩ কোটি ২০ লাখ রুপিতে বাংলাদেশ সেরা এই অলরাউন্ডারকে দলে নিয়েছিল কলকাতা নাইট রাইডার্স (কেকেআর)। তাদের এখন সাকিবের বিকল্প খুঁজতে হবে। শুধু আইপিএল খেলাই নয়, ক্রিকেট বোর্ডের চুক্তিবদ্ধ খেলোয়াড় হয়েও কর্তাদের ব্যাপারে আপত্তিকর মন্তব্য করে সাকিব এখন মহাবিপদে। উল্লেখ্য, সন্তানসম্ভবা স্ত্রীকে সময় দিতে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) কাছে ছুটি নিয়ে যুক্তরাষ্টে পরিবারের কাছে আছেন সাকিব। সম্প্রতি ছেলের বাবা হওয়া সাকিব পেশাদার খেলায় না থেকেও এমন এক ম্যাচ খেললেন, যাতে দেশের ক্রিকেট পুরো ওলটপালট।

শনিবার (২০ মার্চ) ভিডিও লাইভে সাকিব যে মন্তব্য করেছেন তাতে এ বছরই নয়, ভবিষ্যতে আইপিএলসহ অন্য কোনো ফ্র্যাঞ্চাইজি টুর্নামেন্টে অংশ নিতে পারবেন কিনা তা হলফ করে বলা মুশকিল।

সাকিব কী এমন বলেছিলেন যে, বোর্ডের কর্তারা তার ওপর ক্ষুব্ধ। ভিডিও লাইভে সাকিব বলেন, আকরাম ভাই বলেছেন আলাদা করে। শনিবারও সম্ভবত কোথাও বলেছেন যে, আমি টেস্ট খেলতে চাই না। আমার ধারণা তিনি চিঠিটা ঠিকভাবে পড়েননি। বারবার তিনি বলছেন, আমি টেস্ট খেলতে চাই না। এটা আমি কোথাও বলিনি।

আমি যে মাঠে খেলব সেই মাঠেই সেই প্রতিপক্ষের সঙ্গে চার মাস পর খেলব বিশ্বকাপ। আমি তাই এ জায়গায় অন্যদের তুলনায় বেশি প্রস্তুতি নিতে পারব। বাংলাদেশ দলের অন্যদের সঙ্গেও আমার অভিজ্ঞতা শেয়ার করতে পারব। এটা দলকে সাহায্য করবে। একেকজনের কাছে একেকরকম মনে হতে পারে। যে যে জায়গায় থাকে, সেই শুধু সেই পরিস্থিতিটা বুঝবে। আমি আশাও করি না সবাই এটা বুঝবে। মানুষের কথা থাকবেই, এটা নিয়ে আমি চিন্তা করি না। এমন কোনো জায়গা থেকে ভুল মন্তব্য করা উচিত নয়, যেটা মানুষকে ভুল ভাবতে সাহায্য করে।

ক্রিকেট অপারেশন্স জাতীয় দল নিয়ে কী কাজ করেছে, কী প্ল্যান করছে? তাদের ব্যর্থতা বা সাফল্য কী? আকরাম ভাই তো অনেক গাটসি (সাহসী) মানুষ, এর আগে উনি পদত্যাগও করেছেন। ব্যর্থতার দায় তো তার ওপরও পড়ে নাকি?

আমাদের এইচপি শেষ চার-পাঁচ বছরে কয়টা খেলোয়াড় তৈরি করেছে, আমি জানি না। অনেকেই আছেন, তারা এক সময় বাংলাদেশ দলের প্রতিনিধিত্ব করেছেন। তারা আসলে (বোর্ডে) কী নিয়ে কাজ করছেন, আমি জানি না। আরেক খবওে প্রকাশ, আগামী মাসে শ্রীলংকা সফরে দুই টেস্টের সিরিজ খেলবে বাংলাদেশ দল। সেই সফর থেকে ছুটি নিয়ে আইপিএল খেলতে চেয়েছিলেন সাকিব। টেস্ট সিরিজ থেকে সাকিবের ছুটি নেয়া প্রসঙ্গে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) ক্রিকেট কমিটির প্রধান আকরাম খান বলেছিলেন, সাকিব আইপিএলে খেলতে চায়। এজন্য শ্রীলংকার বিপক্ষে টেস্ট সিরিজ থেকে সরে দাঁড়াতে সে সম্প্রতি আমাদের কাছে একটি চিঠি দিয়েছে। আমরা তাকে অনুমতি দিয়েছি। কারণ যার জাতীয় দলের হয়ে টেস্ট খেলার কোনো আগ্রহ নেই, তাকে জোরাজুরি করার কোনো মানে নেই। আকরাম খানের এমন বক্তব্যের বিরোধিতা করে শনিবার একটি অনলাইন পোর্টালকে দেয়া ভিডিও সাক্ষাৎকারে সাকিব বলেছেন, আকরাম ভাই বারবার বলেছেন- আমি খেলতে চাই না। আমার ধারণা উনি বিসিবিতে দেয়া আমার চিঠিটি পড়েননি। সাকিবের এমন বক্তব্যে হতাশ আকরাম খান রোববার সন্ধ্যায় বনানীতে বিসিবি সভাপতি নাজমুল হাসানের বাসায় সাকিব ইস্যুতে জরুরি মিটিং শেষে সাংবাদিকদের বলেন, সাকিব যেহেতু বলেছে সে টেস্ট খেলতে চায়, তাহলে সে খেলবে। বিসিবি সভাপতি পাপনের বাসায় বৈঠকে জাতীয় দলের সাবেক দুই অধিনায়ক ও ক্রিকেট বোর্ডের পরিচালক আকরাম খান ও নাইমুর রহমান দুর্জয় উপস্থিত ছিলেন।

শনিবার অনলাইন পোর্টালকে দেয়া ভিডিও সাক্ষাৎকারে ক্রিকেট বোর্ডের কর্তাদের রীতিমতো ধুয়ে দিয়ে সাকিব বলেছেন, বিসিবি সভাপতি নাজমুল হাসান পাপন এবং বোর্ডের পরিচালক 'ক্যাসিনো সুজন' হিসেবে পরিচিত খালেদ মাহমুদ সুজন ছাড়া বাকি বোর্ড কর্তাদের কোনো কর্মকান্ড চোখে পড়ছে না।

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!
এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত
ইউনাইটেড ট্রাভেলস ইনক
Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন
ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম
UNITED TRAVELS INC.
37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030
নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন
After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-
Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।
বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট
Concorde Travels
কনকর্ড ট্রাভেল
২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত
আসন সংখ্যা সীমিত
আজই আপনার আসন সংরক্ষণ করুণ
সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে
সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়
Emirates السعودية SAUDIA الاتحاد ETIHAD
KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية
37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372
Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice



Sheikh Salim
Attorney at Law

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্সট্রাকশন দুর্ঘটনা
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- লেড বিষ সম্বন্ধীয়
- বার্থ রিলেটেড ইনজুরি
- ভুল চিকিৎসা
- মটর গাড়ি দুর্ঘটনা
- কাজের সময় দুর্ঘটনা
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Really Inc.

আমাদের সেবা সমূহঃ

- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে **(Loan Modification)** ফ্রি সহায়তা
- ফরক্লোজারে **(Foreclosure)** ফ্রি সহায়তা
- আরইও **(REO)** বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর **(Taxlien)** বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের **(Short Sale)** বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ **(Mix Use)** বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

---

Jumbo Travel, Inc.



Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

IRS e file

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের
একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয়
ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



KAKATUA AGENCY
Authorised IRS e-file Provider

কাকাতুয়া এজেন্সী

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:
Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

এস্টোরিয়ার প্রাণকেন্দ্রে বাংলাদেশী ফার্মেসী

আমিন ফার্মেসী

সর্বদা ১০% Off

আমরা মেডিকেইড (বেনিফিট), সিবিএস এন্ড
কেয়ারমার্ক, মেডিকেয়ার, বি এবং ডি, সহ
সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করি।

MONSUR CHOWDHURY
Pharm D.R.Ph.
Supervising Pharmacist

29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611
Fax: (718) 786-6613

INSURANCE
New/ Renewal

- AUTO, HOME, BUSINESS, BLACK CAR, GREEN CAB
- FOOD-FRUITS VENDOR, LIABILITY
- COMMERCIAL VAN, STORE LIABILITY.
- CONSTRUCTION, WORKERS COMP. & DISABILITY.





BEST PRICE AND SATISFACTION GUARANTEED

TDS Insurance Brokerage Corp.

Tel : 718-483-9310, Fax : 718-483-9311

BROOKLYN OFFICE

118 Beverley Rd. Brooklyn, NY 11218

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৩ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

ই-মেইল :
শধফবৎরশরনৎরধ@মসধরষ.পড়স

ঠিকানা :
ঝঁৎ ঙ ইধহবব ঝধহমববঃ অপধফবসু
১৪৬ গধৎষনড়ৎড়ঁমষ জড়ধফ
টঢ়ঢ়বৎ উধৎন্ন, চঅ ১৯০৮২

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com

CREDIT REPAIR

যত দ্রুত সম্ভব ক্রেডিট লাইন রিপেয়ার করুন

আমরা দীর্ঘ অভিজ্ঞতা সম্পূন্য ব্যক্তিদের মাধ্যমে গ্যারান্টি সহকারে ক্রেডিট রিপেয়ার করি।

বাড়ি, গাড়ি কেনা থেকে নিজেকে কেন বঞ্চিত করছেন?

ক্রেডিট লাইনে যে কোন ঝামেলাই আমরা রিমুভ করি।



Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suit # 206, Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207, 917-566-1612 Fax: 718-412-3249

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
জ্যামাইকার ১৬৮-১৮ জ্যামাইকা এভিনিউর খুব ব্যস্ত এলাকায় ফুললি ইকুইপড টার্ন কি ওপারেশন রেষ্টুরেন্ট বিক্রি করা হবে। যোগাযোগ: ৫১৬-৫২৬-৪৩৩৬
জা-১৮/২৫

রুম ভাড়া

এস্টোরিয়ার ৩৫ এভিনিউতে ২ বেডরুমের অ্যাপার্টমেন্টর একটি রুম সিঙ্গেল ফ্যামিলি অথবা ওয়ান ফিমেলের কাছে ভাড়া দেয়া হবে। যোগাযোগ: ৩৪৭-৮৯৮-৮৩৮৩
জা-১৮-২৫

বেসমেন্ট ভাড়া

নিউইয়র্কের ১১২ স্ট্রীট ও ৯৫ এভিনিউ, রিচমন্ড হীলে নতুন কাজ করা ২ বেডরুম, ১ বাথরুম-এর বেসমেন্ট ভাড়া হবে। সাবওয়ে এ, জে ট্রেন এবং কিউ৮ কিউ২৪ ও কিউ৩৭ বাস, মসজিদ কাছে। যোগাযোগ: ১ (৭১৮)-২৯৬-০৩০৬
জা-১১/১৮/২৫

রুম ভাড়া

সুন্দর, ভালো পরিবেশে কর্মজীবি স্বামী/স্ত্রী বা একা প্রয়োজনে ফার্নিচারসহ বড় স্টুডিও রুম (রুমের এক পাশে কিচেন, বাথরুম, ফ্রীজ ও ইন্টারনেট সুবিধাসহ) ভাড়া দেয়া হবে। সি ট্রেনে শেফার্ড এভিনিউর পাশে ৪৩০ এসেক্স ষ্ট্রীট, ব্রুকলীন। যোগাযোগ করুন বা মেসেজ রাখুন। ফোন: ৬৩১-২৩০-০২৩০ অথবা ৭১৮-৩৪৮-৮৪২২
জা-১১/১৮

আবশ্যক

একটি পোলট্রি ফর্মে পার্ট টাইম কাজ করার জন্য পুরুষ অথবা নারী কর্মী আবশ্যক।
যোগাযোগ: ৭১৮-৮২০-২৪৩৪
ফে-০৮/১৫

বাসা ভাড়া

১৯৬ স্ট্রীট ও ৮৯ এভিনিউর জ্যামাইকা হলিসে হিলসাইড এভিনিউর পাশে বেসমেন্টে এক বেডরুমের সঙ্গে লিভিং, কিচেনসহ একটি বাসা ভাড়া হবে।

যোগাযোগঃ ৯১৭-৪১২-৭৭৩৯

বাসা ভাড়া

ব্রুকলীনের ডাহিল রোডে (এভিনিউ সি এবং চার্চ এভিনিউর মাঝে) লিভিং, কিচেন ও বাথরুমসহ ২ বেডরুমের সেমি বেসমেন্ট ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৬৪৬-৩২২-৪০৭১ অথবা ৩৪৭-৭২২-৪১০৯
ফে-২২/মা-০১

বাসা ভাড়া

আগামী ১ মার্চ থেকে জ্যামাইকার ১৭২ স্ট্রীট এবং ৯৩ এভিনিউর উপরে তিন বেড, দুই ফুল বাথ, ব্যাকইয়ার্ডে যাতায়াতের সুবিধা সহ বাসা ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৮২২-৯০৫২
ফে-২২/মা-০১

বাসা ভাড়া

জ্যাইকার ১৫৩-১১ ১০৭ এভিনিউতে (ই ট্রেন সাবওয়ের কাছে) বিশাল ফাস্ট ফ্লোর, ২ বেডরুম, ২ বাথরুম, কিচেন/ডাইনিং, লিভিং রুম-এর বাসা অতিসত্তর ভাড়া হবে। ভাড়া ১৯৫০ ডলার। যোগাযোগ: সুলতান আহমেদ। ফোন: ৭১৮-৬৮৫-৪৮৬১ অথবা নাহিদা বেগম, **ফোন: ৩৪১-৬২৪-৮৮০০**
জা-০৪/১১

HELP ANTED

Need Office Assistant/Secretary Real Estate office, Queens, New York. English/Computer must. Contact: 917-523-4451. Email:
MKSKARN@gmail.com
N-16/23

রুমমেট আবশ্যক

জ্যামাইকার হাইল্যান্ড এভিনিউ এর উপরে E and F ট্রেন সাবওয়ের খুব কাছে তিন বেডরুমের একটি বাসার দুই বেডরুম আলাদা বাথরুম সহ ভাড়া হবে জানুয়ারী ২০২১ সাল থেকে। ভাড়া আলোচোনা সাপেক্ষ্য।
যোগাযোগঃ ৭১৮-২০০-৮৮০০.
ন-১৬/২৩

بسم الله الرحمن الرحيم

পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।

Mobile Tel. No 646-591-4696
Res: 718-931-2509
e-mail: moondhs@gmail.com

রুম ভাড়া

জ্যামাইকা এষ্টেট, এফ ট্রেন সাবওয়ের লাস্ট স্টপ সংলগ্ন অত্যন্ত মনোরম পরিবেশে তিন তলার ৩ বেডরুম, ২ বাথরুমের বড় এপার্টমেন্টে পরিবারের সাথে থাকার জন্য একজন ব্যাচেলার অথবা স্বামী-স্ত্রী'র কাছে ফার্নিসড রুম ভাড়া হবে। ভাড়া আলোচনা সাপেক্ষে।

যোগাযোগ: ৩৪৭-৮৫৮-৪২৯০ অথবা ৯১৭-৩০০-৫০০৪

বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!

শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

সিকিউরিটি ক্যামেরা

আপনার বাসা, অফিস বা কর্মস্থল সিকিউরিটি ক্যামেরা লাগিয়ে নিরাপদ করুন।
ঘরে-বাইরে, কাছে-দূরে যেখানেই থাকুন আপনার সম্পদ ফোনের পর্দায় দেখুন।
আমরা সবচেয়ে কম খরচে অল্প সময়ে সিকিরিটি ক্যামেরা লাগাই। আজই যোগাযোগ করুন।

ফোন : 917-455-5308
ইমেইল: techlifeusa@gmail.com
Tech Life USA : 179-51 Hillside AV, Jamaica, NY-11432

পাত্রী চাই

আমেরিকায় বসবাসরত ও প্রতিষ্ঠিত সম্ভ্রান্ত মুসলিম পরিবারের সন্তান, ৫ ফুট ৬ ইঞ্চি, সুদর্শন, এমবিএ ডিগ্রীধারী পাত্রের জন্য পাত্রী চাই।

যোগাযোগ: ৯২৯-৫৩০-৫২৯৩।
ই-মেইল: 3800rahman@gmail.com

মালটি ফ্যামিলি হাউজ বিক্রি



নিউইয়র্কের বাফেলোতে ফুল রেনোভেটেড মালটি ফ্যামিলি হাউজ বিক্রির জন্য তৈরী। সিরিয়াস আগ্রহীরা যোগাযোগ করুন। **ফোন: ৬৪৬-৩২৭-৬৮৮৯**

ন-৩০/ডি-০৭/১৪

কাজী অফিস

(সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত)

কাজী মোঃ বেলাল হোসেন

ইউএস এয়ারফোর্সের অধীনে কুয়েতস্থ আমেরিকান এ্যাম্বাসির প্রাক্তন দোভাষী অফিসার
বর্তমান ইমাম : বাইতুন নূর মসজিদ, ওজপনপার্ক।

ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। ইংরেজী, আরবী এবং বাংলায় বিবাহ অনুষ্ঠান পরিচালনা করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা। নিউইয়র্ক সিটির প্রতিটি এলাকায় সেবা প্রদান করা হয়।

যোগাযোগ: 201-839-7579
৮৮-১৯ লিবার্টি এভিনিউ, ওজনপার্ক, নিউইয়র্ক-১১৪১৭

খুঁড়িয়ে চলছে বিএনপির জাতীয় স্থায়ী কমিটি

(প্রথম পাতার পর)

শারীরিক অসুস্থতা ও বিদেশে অবস্থান করায় চারজন সব সময়ই থাকেন অনুপস্থিত।

বিদ্যমান পরিস্থিতিতে গুরুত্বপূর্ণ জাতীয় ইস্যুতে কর্মসূচি গ্রহণে সময়মতো সিদ্ধান্ত নিতে হিমশিম খেতে হচ্ছে। শুধু তাই নয়, সাংগঠনিক তৎপরতা পরিচালনায় কেন্দ্রীয় দিকনির্দেশনা প্রদানেও একই পরিস্থিতি সৃষ্টি হচ্ছে। তবে যত দ্রুত সম্ভব শূন্য পদগুলো পূরণের চিন্তা-ভাবনা করছে হাইকমান্ড। দলটির বিভিন্ন স্তরের একাধিক নীতিনির্ধারকের সঙ্গে আলাপ করে জানা গেছে এসব তথ্য।

এদিকে রাজনৈতিক বিশ্লেষকদের অভিমত, বিএনপির মতো এতবড় একটি দলের সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরামের এমন অবস্থা থাকা উচিত নয়। এই দলের অনেক মেধাবী, যোগ্য অপেক্ষাকৃত কম বয়সি নেতৃত্ব রয়েছে। শিগগিরই দলের জাতীয় কাউন্সিল না হলে শূন্য পদে তাদের জায়গা দেওয়া উচিত।

জানতে চাইলে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, দলের চেয়ারপারসন খালেদা জিয়া বা ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান চাইলে স্থায়ী কমিটিতে শূন্য পদ পূরণ করতে পারেন। এছাড়া দলে আরও বেশ কিছু শূন্য পদ রয়েছে। সেগুলোও পূরণ করতে পারেন।

স্থায়ী কমিটির একজন ও কেন্দ্রীয় কমিটির দুজন ভাইস-চেয়ারম্যান প্রায় অভিন্ন তথ্য দিয়ে যুগান্তরকে জানান, সর্বশেষ ২০১৬ সালের ১৯ মার্চ ষষ্ঠ জাতীয় কাউন্সিল করেছিল বিএনপি। দলটির গঠনতন্ত্র অনুযায়ী জাতীয় নির্বাহী কমিটি ৩ বছরের জন্য নির্বাচিত হবে এবং পরবর্তী জাতীয় নির্বাহী কমিটি দায়িত্ব গ্রহণ না করা পর্যন্ত এ কমিটিই দায়িত্ব পালন করবে। ষষ্ঠ জাতীয় কাউন্সিল শেষে দলটির জাতীয় স্থায়ী কমিটির ১৯ সদস্যের মধ্যে ১৭ জনের নাম ঘোষণা করা হয়েছিল। এর মধ্যে চারজন মারা গেছেন। তারা হলেন- তরিকুল ইসলাম, ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আ স ম হান্নান শাহ, এমকে আনোয়ার ও ব্যারিস্টার মওদুদ আহমদ। এছাড়া রাজনীতি থেকে অবসর নিয়েছেন লেফটেন্যান্ট জেনারেল (অব.) মাহবুবুর রহমান। যদিও তার পদত্যাপত্র বিএনপির পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে গ্রহণ বা প্রত্যাখ্যান কোনোটিই করা হয়নি। এর মধ্যে ২০১৯ সালের জুনে সেলিমা রহমান ও ইকবাল হাসান মাহমুদ টুকুকে স্থায়ী কমিটির শূন্য পদে নিয়োগ দেয়া হয়। সেই হিসাবে এখন সদস্য সংখ্যা ১৪ জন। এর মধ্যে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার শারীরিক অবস্থা ও আইনি জটিলতাসহ পারিপার্শ্বিক সীমাবদ্ধতার কারণে তার রাজনীতিতে ফেরাটা অনিশ্চিত। ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও স্থায়ী কমিটির সদস্য তারেক রহমান লন্ডনে অবস্থান করছেন। সেখানে থেকেই ভার্চুয়ালি স্থায়ী কমিটির বৈঠকে সভাপতিত্ব করেন। মামলা জটিলতায় সালাহউদ্দিন আহমেদ রয়েছেন ভারতের শিলংয়ে। অসুস্থ আছেন ব্যারিস্টার রফিকুল ইসলাম মিয়া। বয়সের কারণে বৈঠকে নিয়মিত নন ব্যারিস্টার জমির উদ্দিন সরকার।

জানতে চাইলে গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা ডা. জাফরুল্লাহ চৌধুরী বলেন, আমি অনেক আগে থেকেই বলছি, বিএনপিতে যারা বয়স্ক, শক্তি নেই- তাদের স্থায়ী কমিটিতে রাখার দরকার নেই। তাদের দিয়ে কি সরকারের বিরুদ্ধে আন্দোলনের কৌশল ঠিক করা যাবে? স্থায়ী কমিটির সদস্যদেরও মাঠে থাকতে হবে। তাহলে নেতাকর্মীরা উজ্জীবিত হবে। কিন্তু স্থায়ী কমিটিতে এখন ব্যারিস্টার জমিরউদ্দিন সরকারের মতো বয়স্ক ও ব্যারিস্টার রফিকুল ইসলাম মিয়ার মতো অসুস্থ কয়েকজন আছেন। তাদের বয়স বেশি হওয়ার কারণে মস্তিষ্কের শিরাগুলো ঘুমিয়ে পড়েছে। স্থায়ী কমিটিতে ইয়াংদের জায়গা দিতে হবে এবং অবিলম্বে জাতীয় কাউন্সিলর করা উচিত।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. তারেক শামসুর রেহমান বলেন, প্রথমত বিএনপি অনেক ক্ষেত্রেই এক ধরনের নেতৃত্ব শূন্যতার মধ্যে দিয়ে যাচ্ছে। দলটিতে চলছে একটা ঢাকাকেন্দ্রিক নেতৃত্ব, লন্ডন থেকে আরেকটা নেতৃত্ব। ফলে সব মিলিয়ে দলে একটা জটিলতা তৈরি হয়েছে। তাই যেভাবে শূন্যস্থানগুলো পূরণ করা দরকার তা হচ্ছে না। যে কারণে সঠিক নেতৃত্ব পাচ্ছে না।

তিনি বলেন, দ্বিতীয়ত বিএনপিতে তরুণ নেতৃত্বকে আরও সামনে নিয়ে আসা উচিত। এ দলে অনেক তরুণ নেতৃত্ব আছে যারা যোগ্য, কিন্তু অবহেলিত। তাদের সামনে আনা হচ্ছে না। লন্ডন নেতৃত্ব বলেন, আর ঢাকার নেতৃত্ব বলেন তারা নিশ্চয়ই জানেন কারা সাম্প্রতিক সময়ে দলে বড় ভূমিকা পালন করেছেন। এমন একটা নেতৃত্ব আনতে হবে যারা আগামী ১০ বছর দলকে সুন্দরভাবে পরিচালিত করতে পারবে। সেক্ষেত্রে যারা বয়স্ক, ঠিকভাবে হাঁটাচলা করতে পারছেন না তাদের উপদেষ্টামণ্ডলীর সদস্য করা প্রয়োজন। না হলে বিএনপি এক ধরনের নেতৃত্ব শূন্যতার মধ্যে দিয়ে যাবে, দলকে চাঙ্গা করতে পারবে না।

সূত্র জানায়, ২০১৯ সালের মার্চে বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির মেয়াদ শেষ হয়েছে। দলের চেয়ারপারসন খালেদা জিয়া কারাগারে থাকায় মেয়াদ শেষ হওয়ার পরও কাউন্সিলের উদ্যোগ নেয়নি দলটি। এর মধ্যে আবার গত বছরের মার্চ থেকে দেশে করোনাভাইরাস সংক্রমণ শুরু হয়েছে। সবকিছু মিলে শিগগিরই জাতীয় কাউন্সিল হচ্ছে না বলে দলের নীতিনির্ধারণী পর্যায়ের একাধিক নেতা জানিয়েছেন। তারা আরও জানান, দলের স্থায়ী কমিটির শূন্য পদ পূরণের বিষয়ে ইতোমধ্যে হাইকমান্ড কাজ শুরু করেছেন। শিগগিরই এ পদে নিয়োগ দেয়া হতে পারে। দুর্দিনে যারা বিএনপির, বিশেষ করে জিয়া পরিবারের পাশে ছিলেন এবং নানা প্রতিকূল পরিবেশেও দল ছাড়েননি- এমন পরীক্ষিত নেতার মাধ্যমে স্থায়ী কমিটির শূন্য পদ পূরণ করা হবে।

আরও জানা গেছে, স্থায়ী কমিটির শূন্য পদে বিএনপির ভাইস চেয়ারম্যান আবদুল্লাহ আল নোমান, ব্যারিস্টার শাহ-জাহান ওমর, মেজর (অব.) হাফিজউদ্দিন আহমদ, বরকতউল্লাহ বুলু, মো. শাহজাহান, আবদুল আউয়াল মিন্টু, অধ্যাপক ডা. এজেডএম জাহিদ হোসেন, শামসুজ্জামান দুদু, সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী ও যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলালের নাম আলোচনায় রয়েছে।

আবারও মনোনয়ন পেলেন আফরোজা

(শেষের পাতার পর)

আসনে আবারও মনোনয়ন পেলেন বাংলাদেশী-কানাডিয়ান আফরোজা হোসেন। ইউআইটি থেকে বাণিজ্যে স্নাতক ডিগ্রিধারী আফরোজা এপিলেপ্সি টরন্টোর ম্যানেজার হিসেবে কাজ করেছেন। কানাডিয়ান স্পেস সোসাইটির তিনি ট্রেজারারও।

আফরোজা হোসেন বলেন, 'আমি এবারও লিবারেল থেকে মনোনয়ন পেয়েছি। আমিই একমাত্র এবং প্রথম বাংলাদেশী, যিনি বিগত ২০১৯ সালের ফেডারেল নির্বাচনে সরকারি দল লিবারেল পার্টির নমিনেশন পেয়েছিলাম। গত দুই বছরে আমি অনেক বেশি লড়াইয়ের প্রস্তুতি নিয়েছি। এলাকার জনগণের সাথে কোভিডসহ সামাজিক কাজে নানা-ভাবে এখনো জড়িত।'

উল্লেখ্য, গত ফেডারেল নির্বাচনে আফরোজা ২৫.৪ ভাগ ভোট পেয়ে তৃতীয় স্থানে ছিলেন। উক্ত আসনে কনজারভেটিভ পার্টির ড ক্লিন কেরি ৩৮.৯ ভাগ ভোট পেয়ে বিজয়ী হয়েছিলেন।

এদিকে ওন্টারি প্রদেশের প্রাদেশিক নির্বাচনে রাজধানী অটোয়ার পার্শ্ববর্তী নেপান আসন থেকে লিবারেল পার্টি থেকে বংশোদ্ভূত শাহ বাহাউদ্দিন মনোনয়ন পেয়েও এক সপ্তাহ পর তিনি তা প্রত্যাহার করে নেন। বর্তমানে ডলি বেগম ওন্টারিও পার্লামেন্টে একমাত্র বংশোদ্ভূত এনডিপির সংসদ সদস্য।

টাইম ইনকাম ট্যাক্স সার্ভিসেস
আইআরএস অনুমোদিত e-file
• ট্যাক্স সার্ভিসেস
• নির্ভুল ট্যাক্স ফাইলিং
• নূন্যতম ফি
Our Services
> Individual Tax / Business Tax
> Self-employed Tax Include Taxi Driver & Vendor
> Corporate Tax/partnership Tax
> Small Business/vendor License, Individual tax ID Application.
Immigration
> Asylum/Citizenship application
> Petition for Relative/Affidavit of support
> Green Card / Work Authorization Renew
> Re-Entry Permit / travel Documents
All Kinds of Immigration Services
Kaysar Rahman, Tax Practitioner
37-50 74th St, 1st FL, Jackson Heights, NY 11372
Tel: 718-708-2456 Email: timetax2019@gmail.com

টেনেসিতে জরুরী লোক আবশ্যক
টেনেসির ম্যাম্পীস শহরে বাঙালী মালিকানাধীন গ্যাস ষ্টেশনে জরুরী ভিত্তিতে লোক আবশ্যক। প্রয়োজনে কাজ শেখানো হবে।
যোগাযোগ: মাসুদ হাসান তুর্ন।
ফোন: ৪০৪-৭১৭-৩২৫৫
ডি-১৪/২১

হাউজ কিপিং জব করতে চাই
হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়

নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

Room for Rent
An empty beautiful furnished room with 59" tv mounted on the wall, dresser with mirror, wooden Almirah - including gas & electricity for rent as of 1st October/20; beginning, middle or end of the coming month; it's on second floor of a private three floor building on the Steinway Street in between 28-25th Avenue, right in front of Fatima Pediatric Medical Care & almost next to the Dominos Pizza. Monthly rent is $800/00 with one month's advance security money — NO NEGOTIATIONS. If interested — Please call :
516-603-5223 or on land phone: 718-545-0706
ask for Khokan, Anwaruddin.

ফুলটাইম মহিলা নেনী
কর্মজীবি মা ফুলটাইম মহিলা নেনী/বেবীসিটার খুঁজছেন। নিউইয়র্কের ফ্লাশিং (কুইন্স) এলাকায় বেবির বাড়িতে বেতন-সহ থাকার সুন্দর ব্যবস্থা আছে।
বিস্তারিত তথ্য বা সাক্ষাৎকারের জন্য কল্/টেক্সট:
347-766-6412

মুসলিম কাজী অফিস
Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।

Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

মুসলিম কাজী অফিস

নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্ট্রিকৃত
কাজী মাওলানা ওবায়দুল হক
ইমাম ও খতিব পার্কচেষ্টার ইসলামিক সেন্টার
ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা।
পরামর্শের জন্য যোগাযোগ করুন ৩৪৭-৩২০-৭২১৮
13-75 Virginia Avenue, Bronx, New York 10462

MATRIMONIAL SERVICE
কাজী অফিস (NYC Registered)
GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444




ওয়াশিংটন ডিসিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন

ওয়াশিংটন ডিসি: যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে যথাযোগ্য মর্যাদা ও শ্রদ্ধার সঙ্গে বুধবার (১৭ মার্চ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২১ উদযাপন করা হয়েছে। আয়োজনের শুরুতে রাষ্ট্রদূত এম শহিদুল ইসলাম দূতাবাস প্রাঙ্গণে জাতীয় সঙ্গীতের সঙ্গে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করেন। এরপর রাষ্ট্রদূত এবং দূতাবাসের কর্মকর্তাগণ দূতাবাসে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আবক্ষ ভাস্কর্যে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন।

দিনটি উপলক্ষে আয়োজিত আলোচনা অনুষ্ঠানে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা, পররাষ্ট্রমন্ত্রী ডক্টর এ কে আব্দুল মোমেন এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো: শাহরিয়ার আলম কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয়। অনুষ্ঠানের শেষে বঙ্গবন্ধুসহ তার পরিবারের সব সদস্যের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

বঙ্গবন্ধুর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে রাষ্ট্রদূত এম শহিদুল ইসলাম বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের ওপর আলোকপাত করে সমাপণী বক্তব্যে প্রদান করেন। তিনি বলেন, বঙ্গবন্ধুর দর্শন থেকে আমাদের শিক্ষা গ্রহণ করা করতে হবে। তিনি আরো বলেন দেশ ও জাতির কল্যাণে প্রজাতন্ত্রের কর্মে যারা নিয়োজিত আছেন, তাদের বঙ্গবন্ধুর আদর্শে অবিচল এবং নীতির প্রশ্নে আপোষহীন থেকে দায়িত্ব পালন করে যেতে হবে। তিনি বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কঠোর পরিশ্রমের ও দৃঢ় সংকল্পের কথা উল্লেখ করে দেশের নাগরিকদের স্বীয় অবস্থান থেকে দেশ গড়ার কাজে আত্মনিয়োগের আহবান জানান। -প্রেস বিজ্ঞপ্তি।



ভার্চুয়াল আলোচনার মধ্য দিয়ে যুক্তরাষ্ট্র আ. লীগের উদ্যোগে

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী পালন

নিউইয়র্ক (ইউএনএ): যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উদ্যোগে জুম ভিডিও কনফারেন্সের মাধ্যমে স্বাধীন বাংলাদেশের স্থপতি, 'জাতির জনক' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী পলন করেছে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ। এ উপলক্ষে গত ১৭ মার্চ বুধবার সন্ধ্যায় আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি সামছুদ্দিন আজাদ। যৌথভাবে সভা পরিচালনা করেন সংগনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ এবং প্রচার ও প্রকাশনা সম্পাদক দুলাল মিয়া এনাম। খবর ইউএনএ'র।

সভার শুরুতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে বিশেষ দোয়া মাহফিল পরিচালনা করেন ব্রঙ্কস বায়তুল ইসলাম জামে মসজিদের ইমাম ও খতিব মাওলানা ক্বারী মোহাম্মদ রহমতউল্লাহ মজিদী। সভায় বক্তারা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, তাঁর জন্ম না হলে বাংলাদেশ হতো না। আমরা বাঙালীরা বিদেশের মাটিতে এতো সম্মান পেতাম না। বক্তারা বলেন, শেখ মুজিব আমাদেও স্বাধীনতা দিয়েছেন, তাঁর কন্যা প্রধানমন্ত্রী স্বাধীন বাংলাদেশ-কে উন্নয়নশীল রাষ্ট্রে পরিণত করছেন। তাঁর উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সকল ষড়যন্ত্র মোকাবেলা করে সবাইকে ঐকবদ্ধভাবে কাজ করতে হবে।

সভায় বাংলাদেশ থেকে সংযুক্ত হয়ে সংগঠনের সভাপতি ড. সিদ্দিকুর রহমান বলেন, মুজিব বর্ষ, জন্মশত বার্ষিকী, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী মহান গৌরবের ৫০ বছর পূর্তি উপলক্ষে প্রধানমন্ত্রী ও বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নির্দেশসমূহ যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে সকলের সহযোগিতা ও সার্বিক অংশগ্রহণ অত্যাবশ্যকীয়। তিনি অগ্নিঝরা মার্চ স্বাধীনতার মাসে সকল শহীদদের প্রতি শ্রদ্ধা আর সম্মান জানিয়ে বলেন, বাংলাদেশ-কে আরো এগিয়ে নিতে হলে জননেত্রী শেখ হাসিনার হাতকে আরো শক্তিশালী করতে হবে।

সভায় উল্লেখ্যযোগ্য নেতৃবৃন্দের মধ্যে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের অন্যতম উপদেষ্টা একুশে প্রদক প্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের সভাপতি ড. নুরুন নবী, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক নিজাম চৌধুরী, সাংগঠনিক সম্পাদক মহিউদ্দিন দেওয়ান, তথ্য বিষয়ক সম্পাদক জালাল উদ্দিন রুমি, কৃষিবিষয়ক সম্পাদক আশরাফুজ জামান, কোষাধ্যক্ষ বীর মুক্তিযোদ্ধা মনসুর খান, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক দেওয়ান বজলু, মহিলা বিষয়ক সম্পাদক শিরিন আক্তার দিবা, প্রবাসী কল্যাণ সম্পাদক মোঃ সোলায়মান আলী, ইমিগ্রেশন বিষয়ক সম্পাদক আব্দুর রহমান মামুন, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের কার্যকরী সদস্য শাহানারা রহমান, শরাফ সরকার, আলী হোসেন গজনবী প্রমুখ বক্তব্য রাখেন।

এছাড়াও নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগ সহ নিউজার্সী ষ্টেট, কানেকটিকাট ষ্টেট, সাউথ জার্সী মেট্রো আওয়ামী লীগ, পেনসেলভেনিয়া ষ্টেট, নিউ ইংল্যান্ড, মিশিগান ষ্টেট ও মিশিগান মহানগর আওয়ামী লীগ, ক্যালোফোনিয়া স্টেট, জর্জিয়া ষ্টেট এবং দলের বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ যোগ দেন বলে দলীয় সূত্রে জানা গেছে।

অনুষ্ঠানে ভার্চুয়ালে সংগীত পরিবেশন করেন প্রবাসের অন্যতম জনপ্রিয় শিল্পী দম্পতি রায়হান তাজ ও প্রমী তাজ।

জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন এবং বাংলাদেশ কনস্যুলেট জেনারেল নিউইয়র্ক এর যৌথ উদ্যোগে জাতির পিতার জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন





নিউইয়র্ক: জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন ও বাংলাদেশ কনস্যুলেট জেনারেল নিউইয়র্ক এর যৌথ উদ্যোগে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২১ উদযাপন করা হয়। দুই পর্বে ভাগ করে বুধবার (১৭ মার্চ) দিনব্যাপী এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সকালে স্থায়ী মিশন ও কনস্যুলেট স্ব স্ব কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিবসটির কর্মসূচি শুরু করে। এরপর জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করা হয়। সকালের আয়োজনের মধ্যে আরও ছিল দিবসটি উপলক্ষে প্রদত্ত রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রী ও পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ, মুক্ত আলোচনা এবং জন্মদিনের কেক কাটা পর্ব। স্থায়ী মিশনের বঙ্গবন্ধু মিলনায়তনে এবং কনস্যুলেট জেনারেল-এর অডিটোরিয়ামে আলাদা আলাদাভাবে আয়োজিত সকালের পর্বে জাতির পিতা ও তাঁর পরিবারের শাহাদাত বরণকারী সদস্যদের আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

বিকালে স্থায়ী মিশন ও কনস্যুলেটের যৌথ উদ্যোগে শিশুদের অংশগ্রহণের মাধ্যমে ভার্চুয়ালভাবে অনুষ্ঠিত হয় শিশু আনন্দমেলা। এতে নিউইয়র্কে বসবাসরত বাংলাদেশী শিশুদের অংশগ্রহণে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ উপস্থাপন এবং 'নিজের অনুভূতি ব্যক্ত করে বঙ্গবন্ধুর উদ্দেশ্যে পত্রলিখন' প্রতিযোগিতার বিজয়ীদের নাম ঘোষণা করা হয়। বিজয়ীদের ভাষণ উপস্থাপনের ভিডিও ও পত্র ভার্চুয়াল এই অনুষ্ঠানে প্রদর্শন করা হয়। শিশুদের অংশগ্রহণে "শুনো একটি মুজিবের কণ্ঠে" সমবেত সঙ্গীত, কবিতা পাঠ ও নৃত্যানুষ্ঠানের আয়োজনে মুগ্ধ হন দর্শকগণ। অনুষ্ঠানটির র‍্যাফেল ড্র পর্ব অংশগ্রহণকারী শিশুদের বাড়তি আনন্দ এনে দেয়। বিকালের এই ভার্চুয়াল আয়োজনে জাতির পিতার জন্ম থেকে শুরু করে বঙ্গবন্ধু হয়ে ওঠা, বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম, স্বাধীন বাংলাদেশ পুনর্গঠনসহ জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে তাঁর অবদানের উপর একটি শিশুতোষ গ্রাফিক্স ভিডিও প্রদর্শন করা হয়।

সকালের আলোচনা পর্ব এবং বিকালের 'শিশু আনন্দমেলা' উভয় পর্বেই স্বাগত বক্তব্য রাখেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা। এছাড়া শিশুদের উদ্দেশ্যে বক্তব্য দেন বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্ক এর কনসাল জেনারেল সাদিয়া ফয়জুন্নেছা।

স্বাগত বক্তব্যে রাষ্ট্রদূত রাবাব ফাতিমা বলেন, "বঙ্গবন্ধু ও বাংলাদেশ একই সূত্রে গাঁথা। ভাষা আন্দোলন থেকে শুরু করে বাংলার স্বাধিকার আদায়ের প্রতিটি আন্দোলন সংগ্রামে জাতির পিতা সামনের সারিতে থেকে নেতৃত্ব দিয়েছেন। আমাদের উপহার দিয়েছেন স্বাধীন স্বার্বভৌম বাংলাদেশ"। তিনি আরও বলেন, জাতির পিতার কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে বাংলাদেশ আজ বিশ্বের বুকে মাথা উঁচু করে অদম্য গতিতে এগিয়ে চলেছে। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের শ্লোগান "মুজিববর্ষের কূটনীতি, প্রগতি ও সম্প্রীতি" এবং এবছর জাতীয় শিশু দিবসের প্রতিপাদ্য "বঙ্গবন্ধুর জন্মদিন, শিশুর জীবন হোক রঙ্গিন" উদৃত করেন তিনি। জাতির পিতা শিশুদের কতটা গভীরভাবে ভালোবাসতেন, শিশুদের সুন্দর ভষ্যিতের জন্য তিনি তার সাড়ে তিন বছরের সরকারে যে সকল পদক্ষেপ বাস্তবায়ন করে গেছেন যা তুলে ধরেন রাষ্ট্রদূত ফাতিমা। প্রবাসে বেড়ে ওঠা নতুন প্রজন্মকে জাতির পিতার সংগ্রামী জীবন সমন্ধে অবহিত করা এবং শিশুকাল থেকেই দেশপ্রেমে উদ্বুদ্ধ করার জন্য অভিভাবকসহ সকলকে এগিয়ে আসার আহ্বান জানান রাষ্ট্রদূত ফাতিমা। এ প্রসঙ্গে তিনি বলেন, "প্রত্যেকের বাড়িই একটি স্কুল, এবং আমরা আমাদের শিশুদের শিক্ষক। শিশুদেরকে বঙ্গবন্ধু এবং বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্য সমন্ধে জানানো আমাদেরই দায়িত্ব"। স্থায়ী মিশন ও কনস্যুলেট আয়োজিত জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবসের আয়োজনে নিউইয়র্ক প্রবাসী শিশুরা জাতির পিতার ৭ মার্চের ভাষণ উপস্থাপন এবং বঙ্গবন্ধুর উদ্দেশ্যে লেখা চিঠিতে যে গভীরতা, অধ্যয়ন, পরিশীলন ও স্বত:স্ফূর্ততা দেখিয়েছে তা সত্যিই বিস্ময়কর মর্মে মন্তব্য করেন স্থায়ী প্রতিনিধি। তিনি শিশুদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রীর লেখা একটি চিঠি পাঠ করে শোনান।

নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল এর কনসাল জেনারেল সাদিয়া ফয়জুন্নেছা বলেন, "বঙ্গবন্ধুর মানবদরদী ও নির্ভীক শৈশবের ইতিহাস, তাঁর মেধা ও প্রজ্ঞা এবং তাঁর জীবনের আদর্শ আমাদের শিশু-কিশোরদেরকে অনুপ্রাণিত করে অন্যায়ের বিরুদ্ধে রুখে দাড়াতে"। তিনি জাতির পিতার স্বপ্ন ও আদর্শকে নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দেওয়ার আহ্বান জানান।

কোভিড-১৯ এর এই সঙ্কটময় প্রেক্ষাপটে স্থানীয় নীতি ও নির্দেশনা, জাতিসংঘ সদরদপ্তরের পরামর্শ ও জাতীয় নির্দেশনা অনুযায়ী জনস্বার্থ রক্ষার বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সকালের পর্বটি সংক্ষিপ্ত আকারে এবং বিকালের পর্বটি ভার্চুয়ালভাবে আয়োজন করা হয়। স্থায়ী প্রতিনিধি জানান, পরিস্থিতি স্বাভবিক হলেই যথাযোগ্য মর্যাদায় জাতির পিতার জন্মশতবার্ষিকী এবং বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর অনুষ্ঠানসমূহ উৎসবমূখর পরিবেশে উদযাপন করা হবে।

স্ব স্ব কার্যালয়ে সকালের আয়োজনে যথাক্রমে স্থায়ী মিশন ও কনস্যুলেটের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করেন। বিকালের পর্বে নিউইয়র্কস্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব পারফর্মিং আর্টস্ (বিপা) এবং বাংলাদেশ একাডেমি অব ফাইন আর্টস্ (বাফা) এর শিশু শিল্পী এবং নিউইয়র্কে বসবাসরত শিশু ও তাদের অভিভাবকসহ স্থানীয় বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক প্রতিষ্ঠানের প্রতিনিধিবর্গ, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের নেতৃবৃন্দ ও গণমাধ্যম ব্যক্তিত্বগণ ভার্চুয়াল শিশু আনন্দমেলায় অংশগ্রহণ করেন। -প্রেস বিজ্ঞপ্তি।


বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা | The Weekly Bangla Patrika // Monday // March 22 // 2021

টাঙ্গাইলে শহীদের স্মৃতি ধরে রাখার উদ্যোগ



টাঙ্গাইল (ইউএনএ): মহান মুক্তিযুদ্ধের সময় শহীদ মিয়ান মোহাম্মদ বদরুজ্জামান স্মরণে টাঙ্গাইল পৌরসভাধীন ১৩নং ওয়ার্ডের আদি টাঙ্গাইল (দক্ষিণ থানাপাড়া) প্রতিষ্ঠিত 'শহীদ বদরুজ্জামান যুব সংঘ' এর ভবন নির্মাণ ছাড়াও বীর শহীদের স্মৃতি ধরে রাখতে নানা উদ্যোগ নেয়া হয়েছে। এ লক্ষ্যে গ্রহণ করা হয়েছে নানা কর্মসূচী। মহান স্বাধীনতার সূবর্ণজয়ন্তীতে দেশব্যাপী সকল শহীদের স্মৃতি ধরে রাখতে সংশ্লিস্টরা স্থানীয় প্রশাসন সহ গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংশ্লিস্ট মন্ত্রনালয়ের দৃষ্টি আকর্ষণ করেছেন। খবর ইউএনএ'র। উল্লেখ্য, টাঙ্গাইল শহরের আদি টাঙ্গাইল (দক্ষিণ থানাপাড়া)-এর কৃতিসন্তান লেখক-সাহিত্যিক মিয়ান (বাকি অংশ ৩৭ পাতায়)

বিমানে উঠতে গিয়ে হোঁচট খেলেন বাইডেন



(প্রথম পাতার পর)

কারণে এমনটি ঘটেছে।

গার্ডিয়ান এক প্রতিবেদনে জানিয়েছে, গতকাল স্থানীয় সময় শুক্রবার মেরিল্যান্ডের জয়েন্ট বেস অ্যান্ড্রু থেকে আটলান্টার উদ্দেশে রওয়ানা দিচ্ছিলেন প্রেসিডেন্ট। বিমানে ওঠার সময় সিঁড়িতে ঘটনাটি ঘটে।

ভিডিওতে দেখা যায়, লাল কার্পেটে মোড়ানো সিঁড়ি দিয়ে কিছুটা লাফিয়ে বিমানে উঠছিলেন জো বাইডেন। মাঝ পথে গিয়ে বিপত্তি শুরু হয়। পরপর দুবার হোঁচট খেলেও তৃতীয়বার একটু বেশি বিপাকে পড়েন। এবার একটু থেমে তারপর উপরে উঠে যান।

এ সময়ে তার হাত ছিল সিঁড়ির হাতলে। এরপর লঘু পায়ে উপরে উঠে হাত নেড়ে তিনি সবাইকে স্বাগত জানিয়েছেন।

কারিন জেন-পিয়ারে বলেন, আপনারা জানেন, বাইরে কিছুটা ঝড়ো বাতাস বইছিল। খুবই ঝড়ো বাতাস ছিল। আমি নিজেই সিঁড়ি বেয়ে উঠতে গিয়ে পড়ে যাচ্ছিলাম। বাইডেন শতভাগ ভালো আছেন।

তবে সম্প্রতি ভেঙে যাওয়া পায়ে বাইডেন ফের ব্যথা পেয়েছেন কিনা; তা জানাননি হোয়াইট হাউসের এই কর্মকর্তা।

বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে যুক্তরাষ্ট্র কংগ্রেসে রেজুলেশন






আলেক্সান্দ্রিয়া ওকাসিও-কর্টেজ, রাশিদা তাইয়্যিব, জিমি গোমেজ ও গ্রেগরী মিক্স

সালাহউদ্দিন আহমেদ: বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে যুক্তরাষ্ট্রের কংগ্রেসে (নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদ) একটি রেজুলেশন উত্থাপিত হয়েছে। এতে বাংলাদেশের স্বাধীনতা ও গণতন্ত্রের সংগ্রামে বীর মুক্তিযোদ্ধাদের সাহসিকতার কথা উল্লেখ আছে। নিউইয়র্ক থেকে দ্বিতীয়বারের মতো নির্বাচিত যুক্তরাষ্ট্রের সম্ভাবনাময়ী ও আলোচিত কংগ্রেসওমান আলেক্সান্দ্রিয়া ওকাসিও-কর্টেজ সহ আরো দুই প্রতিনিধি পরিষদে গত ১৬ মার্চ রেজুলেশনটি উত্থাপন করেন। যুক্তরাষ্ট্রের ১১৭তম কংগ্রেসের ফাস্ট সেশনে উত্থাপিত রেজুলেশনটি কংগ্রেসের অপর দুই সদস্য হলেন রাশিদা তাইয়্যিব (মিশিগান) ও জিমি গোমেজ (ক্যালিফোর্নিয়া)। এছাড়াও কংগ্রেসের ফরেন অ্যাফেয়ার্স কমিটির চেয়ার প্রবীণ কংগ্রেসম্যান গ্রেগরী মিক্স (নিউইয়র্ক) রেজুলেশনটির কো-স্পন্সর। রেজুলেশনটি চুড়ান্তভাবে গ্রহণের জন্য প্রতিনিধি পরিষদের পররাষ্ট্রবিষয়ক কমিটিতে পাঠানো হয়েছে।

ওয়াশিংটন ডিসিস্থ বাংলাদেশ দূতাবাস সূত্রে এই তথ্য জানা গেছে। এছাড়াও কংগ্রেসের ওয়েবসাইটে প্রস্তাবটি প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য, ইতিপূর্বে নিউইয়র্ক স্টেট, মিশিগান এবং নিউজার্সী অঙ্গরাজ্যের আইন সভায় বাংলাদেশের স্বাধীনতা দিবস স্মরণে রেজুলেশন গৃহীত হয়েছে। বিগত কয়েক বছর ধরে নিউইয়র্ক অঙ্গরাজ্যের রাজধানী আলবেনীর ক্যাপিটাল হিলে অ্যাসেম্বলী ও সিনেট হাউজে বাংলাদেশের স্বাধীনতা দিবস উদযাপিত হয়ে আসছে। সর্বশেষ মুজিববর্ষ এবং বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে নিউজার্সী স্টেট সিনেট এবং জেনারেল অ্যাসেম্বলিতে যৌথভাবে রেজুলেশন গৃহীত হয়। গত ৫ মার্চ নিউজার্সীর প্লেইন্সবরো সিটি কাউন্সিলের মেম্বার এবং যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের সভাপতি একুশে পদকপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ড. নূরুন্নবী সহ বাংলাদেশী কমিউনিটির নেতৃবৃন্দের কাছে এই রেজুলেশনের কপি হস্তান্তর করেন নিউজার্সী স্টেট সিনেটর লিন্ডা এম গ্রিনস্টাইন।

ইউএস কংগ্রেসে বাংলাদেশের স্বাধীনতার ৫০তম বার্ষিকী স্মরণে উত্থাপিত রেজুলেশনটির শুরুতেই ১৯৪৭ সালের দেশভাগের প্রসঙ্গ তুলে ধরে বলা ১৯৫৪ পাকিস্তান প্রতিষ্ঠা, পরবর্তীতে ১৯৭০ এর নির্বাচন এবং নির্বাচনে তৎকালীন পূর্ব পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠতা লাভ ছাড়াও ১৯৭১-এর দীর্ঘ ৯ মাসের মহান মুক্তিযুদ্ধের কথা তুলে ধরা হয়েছে। রেজুলেশনে বলা হয়, ১৯৭১ সালের ২৬ মার্চ শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন এবং ৯ মাসের যুদ্ধে লাখো মানুষ শহীদ ও বাস্তুচ্যুত হয় এবং ১৯৭১ সালের ডিসেম্বরে পাকিস্তানী সেনাবাহিনী ভারতীয় ও বাংলাদেশী যৌথবাহিনীর কাছে আত্মসমর্পণ করে। রেজুলেশনটিতে আরো উল্লেখ করা হয় যে, ১৯৭২ সালের ১৪ ফেব্রুয়ারী তৎকালীন আমেরিকান সিনেটর এডওয়ার্ড কেনেডি ঢাকা বিশ্ববিদ্যালয়ে বক্তব্য দেন এবং বলেন, 'বাংলাদেশের মানুষের সংগ্রাম.....আমাদের অতীতের মহান স্মৃতি জাগ্রত করে। এবং স্বাধীনতাকামী মানুষের সাথে আমেরিকার জনগনের ভালবাসা রয়েছে।'

এছাড়াও রেজুলেশনটিতে বলা হয় যে, ২০১৭ সালের আগস্টে মিয়ানমারে গণহত্যার মুখে পালিয়ে আসা ৭ লাখের বেশি রোহিঙ্গাকে আশ্রয় দেয় বাংলাদেশ।

রেজুলেশনটির মূল ৫টি প্রস্তাবে বাংলাদেশের স্বাধীনতার ৫০তম বার্ষিকী, বাংলাদেশীদের ঐতিহাসিক শিল্প-সংস্কৃতি-সমৃদ্ধি, স্বাধীনতা ও গণতন্ত্রের সংগ্রামে মুক্তিযোদ্ধাদের সাহসিকতাপূর্ন অবদান, গণতান্ত্রিক শাসনের মূলনীতির প্রতি প্রতি বাংলাদেশের জনগণ অঙ্গীকারবদ্ধ এবং গণহত্যার মুখে মিয়ানমারে পালিয়ে আসা রোহিঙ্গা শরণার্থীদের আশ্রয় দেওয়ার ক্ষেত্রে বাংলাদেশের অবদানের কথা তুলে ধরা হয়েছে।

সাউথ বাংলা ব্যাংকের চেয়ারম্যানের ব্যাংক হিসাব জব্দ, স্থগিত লেনদেন



ঢাকা ডেস্ক: সাউথ বাংলা অ্যাগ্রিকালচার অ্যান্ড কমার্স (এসবিএসি) ব্যাংকের চেয়ারম্যান এস এম আমজাদ হোসেন ও তার পরিবারের দুই সদস্যের ব্যাংক হিসাব জব্দ করা হয়েছে। পরিবারটির অন্য দুই সদস্য হলেন- স্ত্রী বেগম সুফিয়া আমজাদ ও মেয়ে তাজরি আমজাদ। সম্প্রতি বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) ব্যাংকগুলোকে এই নির্দেশনা দিয়েছে। জব্দ হওয়া এসব হিসাব থেকে আর কোনো টাকা তোলা যাবে না। এর আগে তাদের নামে থাকা শেয়ার বিক্রি ও হস্তান্তরে নিষেধাজ্ঞা আরোপ করে দুর্নীতি দমন কমিশন (দুদক)। বিএফআইইউয়ের চিঠিতে বলা হয়, অর্থপাচার প্রতিরোধ আইন অনুযায়ী আগামী ৩০ দিনের জন্য এসব হিসাব স্থগিত করা হল। একই সঙ্গে তিন দিনের মধ্যে হিসাবের স্থিতি জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। অভিযোগ রয়েছে, একজন কর্মচারীর নামে, ভাই, ভাতিজা, ভাতিজির মালিকানা দেখিয়ে, এমনকি জামানত ছাড়াও ঋণ নেন তিনি। যুক্তরাষ্ট্র ও ভারতে এসব অর্থের একাংশ পাচার করা হয়। এর আগে গত ৫ জানুয়ারী বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) চেয়ারম্যানের কাছে চিঠি দেয় দুদক। দুদকের উপপরিচালক গুলশান আনোয়ার প্রধানের সই করা ওই চিঠিতে বলা হয়, এস এম আমজাদ হোসেন ব্যাংকের শেয়ারসহ অন্যান্য প্রতিষ্ঠানের শেয়ার বিক্রির চেষ্টা করছেন বলে দুদক গোপন সূত্রে জানতে পেরেছে। এসব অর্থ অবৈধ প্রক্রিয়ায় দেশের বাইরে পাচারের চেষ্টাও করছেন তিনি, যা অর্থপাচার আইনে অপরাধ। অভিযোগ রয়েছে, যুক্তরাষ্ট্র ও ভারতে এসব অর্থের একাংশ পাচার হয়েছে। ঋণের বড় অংশই রাষ্ট্রমালিকানাধীন জনতা ব্যাংকের। এসবিএসি ব্যাংকের চেয়ারম্যান এস এম আমজাদ হোসেন লকপুর গ্রুপের কর্ণধার। দীর্ঘদিন হিমায়িত চিংড়ি ও মাছ রপ্তানির সঙ্গে জড়িত তিনি। বাগেরহাটে তার ঘের ও কারখানা রয়েছে। (দৈনিক যুগান্তর)



সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Safwan Travel & Multi Services Corp.



Mohammed Abdul Khaleque
MLT A.D. (CUNY Bronx Community College)

IATA Accredited
Approved Travel Agent

AUTHORIZED e-file PROVIDER

২০ বছরের বেশি ইনকাম ট্যাক্স ফাইলের অভিজ্ঞতা সম্পন্ন

Design, Printing, Flyer, Business Card, Banner, Poster & more!

We Provide
- Individual Tax
- Corporation Tax
- Partnership Tax
- Non-profit Tax
- Gift Tax
- Sale & Payroll Tax
- IRS & State Tax audit Representation
- Immigration
- Accounting
- Bookkeeping
- Business License
- Business Incorporation

লিগ্যাল মাধ্যমে সর্বোচ্চ ট্যাক্স রিটার্নের নিশ্চয়তা এবং বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়
দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ
এয়ার লাইন্স টিকেট সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯+

নাক্টার শাড়ী ঘর



Special Eid-Sale
ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়
শাড়ী, সালোয়ার,কামিজ, বোরকা, পানজাবী, বেড সিট, হেজাব, লুঙ্গী এবং অন্যান কাপড়ের বিশাল সমাহার

এয়ার লাইন্স টিকেট ও নির্ভূল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান।
Phone: 347- 621- 4940,718-300-7429
1217 White Plains Road , Bronx , NY 10472

স্বাস্থ্য রক্ষায় মুখ ও মুখগহ্বরের যত্ন নিন

(শেষের পাতার পর)

সচেতনতা বৃদ্ধির জন্য। সার্বিক স্বাস্থ্যের জন্য মুখের স্বাস্থ্যের গুরুত্ব সম্পর্কে সবার মাঝে উৎসাহ সৃষ্টি করতে হবে।

কারণ ভালো মুখের স্বাস্থ্য আপনাকে দীর্ঘ ও স্বাস্থ্যবান জীবনযাপনে সাহায্য করে থাকে। ২০২১ থেকে ২০২৩ সাল পর্যন্ত ক্যাম্পেইন থিম হলো- 'Be Proud of Your Mouth' প্রতিদিন আমরা আমাদের মুখ ব্যবহার করে থাকি। অস্বাস্থ্যকর মুখের কারণে মুখের ব্যথা থেকে শুরু করে বিভিন্ন রোগ হতে পারে। দাঁতের যত্নে একটি ফ্লোরাইডযুক্ত টুথপেস্ট ব্যবহার করতে হবে।

সকালে খাবারের পর এবং রাতে ঘুমানোর আগে অবশ্যই দাঁত ব্রাশ করতে হবে। কৃত্রিম পানীয় পরিহার করে পানি পান করার অভ্যাস করতে হবে। ধূমপান বর্জন করতে হবে। অ্যালকোহল পান করা মুখের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। শুধু মুখের স্বাস্থ্য নয় বরং অ্যালকোহল পানের কারণে আপনার নন-অ্যালকোহলিক ফ্যাটি লিভার হতে পারে।

প্রতি ছয় মাস পর পর ডেন্টাল চেকআপ করতে হবে। বিশ্বের মোট জনসংখ্যার শতকরা ৯০ ভাগ মানুষ জীবনের কোনো না কোনো সময় মুখের রোগে আক্রান্ত হয়ে থাকেন। অধিকাংশ মুখের রোগের ক্ষেত্রেই অন্যান্য শরীরের রোগের সঙ্গে একই ধরনের রিস্ক ফ্যাক্টর বিদ্যমান থাকে। হৃদরোগ ইতিমধ্যেই শীর্ষ ঘাতক ব্যাধি হিসাবে চিহ্নিত হয়েছে, যা মাড়ি রোগের সঙ্গে সম্পৃক্ত। মাড়ি রোগের ব্যাকটেরিয়া ইসোফেজিয়াল ক্যান্সার বা টিউমারের সঙ্গে সম্পৃক্ত।

মাড়ি রোগের মাধ্যমে যদি 'ভিরিড্যানস স্ট্রেপটোকক্কাই' ব্যাকটেরিয়া রক্ত প্রবাহে সংক্রমিত হয়, তাহলে হার্টের ভাল্ব নষ্ট হওয়ার আশঙ্কা থাকে। তাই মাড়ি রোগের ক্ষেত্রে কোনো প্রকার অবহেলা করবেন না। পেরিওডন্টাল রোগে যে ব্যাকটেরিয়া পাওয়া যায় বা দেখা যায়, তার মধ্যে স্ট্রেপটোকক্কাস স্যানগুইস বা স্যানগুইনিস হার্টে সংক্রমিত হয়ে থাকে এবং এর মাধ্যমে ব্যাকটেরিয়াল এন্ডোকার্ডাইটিস দেখা দিতে পারে।

স্ট্রেপটোকক্কাস স্যানগুইনিস সুস্থ মানুষের মুখে বিদ্যমান বিশেষ করে ডেন্টাল প্ল্যাকে। সম্প্রতি গবেষণায় জানা যায়, মাড়ি রোগের সঙ্গে শুধু হৃদরোগ সম্পৃক্ত নয় বরং মাড়ি রোগের কারণে ব্রেন স্ট্রোক হতে পারে। তাই মাড়ি রোগের ক্ষেত্রে অবহেলা না করে যথাযথ চিকিৎসা গ্রহণ করতে হবে। সাধারণত পেরিওডন্টাইটিসের ক্ষেত্রে দাঁত নড়ে যায়।

দাঁত বেশি নড়ে গেলেই সেটি পেরিওডন্টাইটিসের কারণে হয়েছে, এমনটি ভাবা ঠিক নয়। আর এক্ষেত্রে পেরিওডন্টাইটিস ভেবে দাঁত তোলাও ঠিক নয়। রোগীদেরও দাঁত নড়ার ক্ষেত্রে ডাক্তারের কাছে এসে দাঁত ফেলে দেওয়ার জন্য অনুরোধ করা মোটেই ঠিক নয়। কারণ পেরিওডন্টাইটিস ছাড়া ও মাড়ির ক্যান্সারের কারণে দাঁত নড়ে যেতে পারে।

এ ছাড়া রক্তনালির টিউমার হেমানজিওমা হলেও দাঁত নড়ে যেতে পারে। সেসব ক্ষেত্রে ভালোভাবে পরীক্ষা-নিরীক্ষা না করে দাঁত ফেলে দিলে বড় ধরনের সমস্যা যেমন- অঝোর ধারায় রক্তপাত হতে পারে। মোটকথা টিউমার, সিস্ট এবং অন্য কারণেও দাঁত নড়ে যেতে পারে। মাড়ি রোগ বা মাড়ির পাশে আলসার বা ঘা দেখা দিলে নিজে নিজে চিকিৎসা না করে ডাক্তারের পরামর্শ অনুযায়ী চিকিৎসা গ্রহণ করতে হবে।

থাইরয়েড গ্রন্থির অচলাবস্থার কারণে মুখের অভ্যন্তরে পেরিওডন্টাল স্বাস্থ্যের অবনতি ঘটবে। আবার পেরিওডন্টাল স্বাস্থ্য খারাপ হলে সংক্রমণের মাধ্যমে আপনার হৃদযন্ত্র আক্রান্ত হতে পারে। লিভারের রোগে অনেক সময় মুখে প্রচন্ড দুর্গন্ধ হয়ে বিড়ম্বনাকর পরিস্থিতির সৃষ্টি হয়ে থাকে।

পেরিওডন্টাইটিসের সঙ্গে লিভারের রোগ যেমন- নন-অ্যালকোহলিক লিভার ডিজিজ, লিভার সিরোসিস এবং হেপাটোসেলুলার কারসিনোমার যোগসূত্র খুঁজে পাওয়া যায়, অর্থাৎ এসব রোগের অবস্থার অবনতি ঘটে থাকে। মুখের অভ্যন্তরে কোনো সার্জারির পর রক্তপাত বেশি হতে পারে লিভারের রোগে। কোয়াগুলোপ্যাথির জন্য সামান্য আঘাতে মাড়ি থেকে অতিরিক্ত রক্তপাত হতে পারে।

শিশুদের ক্ষেত্রে ক্রনিক লিভার ডিজিজে দাঁত ও মাড়িতে সবুজ দাগ এবং এনামেল হাইপোপ্লাসিয়া দেখা যেতে পারে। আপনি যদি গর্ভবতী হয়ে থাকেন এবং আপনার মাড়ি রোগ থাকে, তাহলে সে ক্ষেত্রে আপনার গর্ভের শিশু নির্দিষ্ট সময়ের আগে জন্ম নিতে পারে। শুধু তাই নয়, ওই শিশু আকার-আকৃতিতে ছোট হবে। হিউম্যান প্যাপিওলোমা ভাইরাসের কারণে মুখের ক্যান্সার ও সারভাইক্যাল ক্যান্সার হতে পারে।

হিউম্যান প্যাপিওলোমা ভাইরাস টাইপ-১৬কে মুখের ক্যান্সারের রিস্ক ফ্যাক্টর হিসাবে গণ্য করা হয়। হিউম্যান প্যাপিওলোমা ভাইরাস প্রতিরোধে আপনার সন্তানের যৌনজীবন শুরু করার আগে টিকা প্রদান করুন। দাঁত ও মুখের চিকিৎসায় আমাদের দেশে আমরা ব্যাপকভাবে অ্যান্টিবায়োটিক ব্যবহার করে থাকি। দুঃখের বিষয়, ডাক্তারের কাছে আসার আগেই রোগী ওষুধের দোকান থেকে মুখস্থ অ্যান্টিবায়োটিক সেবন করে থাকেন।

যথাযথ অ্যান্টিবায়োটিক সেবন না করার কারণে অর্থাৎ অ্যান্টিবায়োটিকের অপব্যবহারের কারণে এক সময় অ্যান্টিবায়োটিক রেজিস্ট্যান্ট হয়ে যায়। রোগীর যে কোনো রোগের চিকিৎসায় অ্যান্টিবায়োটিক প্রয়োজন হলে, তখন আর অ্যান্টিবায়োটিক কাজ করে না।

এ অবস্থা সুপারবাগ সংক্রমণ নামে পরিচিত। সুপারবাগ সংক্রমণের কারণে প্রতি বছর আমাদের দেশে বহুরোগী আইসিইউ-তে অসহায়ভাবে মৃত্যুবরণ করেন। তাই ডাক্তারের পরামর্শ ছাড়া অ্যান্টিবায়োটিক সেবন করবেন না। মুখের স্বাস্থ্য সুরক্ষায় আপনার সার্বিক স্বাস্থ্যকে নিয়ে ভাববে। মনে রাখবেন, মুখ ও মুখগহ্বরকে অবহেলা করে কখনই আপনার সার্বিক স্বাস্থ্যকে ভালো রাখা সম্ভব নয়।

লেখক: মুখ ও দন্তরোগ বিশেষজ্ঞ
e-mail: dr.faruqu@gmail.com

BOMBAY
TRAVELS & GRAPHICS INC.

Grand Opening Special Grand Opening Special Grand Opening Special

সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি
টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি
Domestic & International





Bahalul Syed (uzzal)
President

স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স

Emirates | ETIHAD AIRWAYS | SAUDIA | QATAR AIRWAYS | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | SINGAPORE AIRLINES | AA American Airlines

DESIGN & PRINTING
- BANNER
- FLYER
- MAGAZINE
- POSTER
- CALENDAR
- BUSINESS CARD

PASSPORT PHOTO

168-25A Hillside Avenue, Jamaica NY 11432
Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
□ Low Closing Cost □ Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO
CPA



কমিউনিটির পরিচিত মুখ আমিনুল হক আর নেই

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটির পরিচিত মুখ মোঃ আমিনুল হক মানিক আর নেই। মহামারী করোনায় অক্রান্ত হয়ে ---(বাকি অংশ ২৯ পাতায়)

আজকাল'র বিরুদ্ধে রানার'র মামলা

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক থেকে প্রকাশিত সাপ্তাহিক আজকাল-এ একজন সাংবাদিকের অভিযোগের রিপোর্টের সাথে সাপ্তাহিক রানার পত্রিকার প্রকাশক-কে জড়িয়ে নিউজ প্রকাশ করায় মানহানির অভিযোগ করেছে ---(বাকি অংশ ৬ পাতায়)

জালালাবাদ এসোসিয়েশন সমাচার

সভাপতি-সম্পাদকের বিরুদ্ধে গঠনতন্ত্র লংঘনের অভিযোগ

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্র প্রবাসী বৃহত্তর সিলেটবাসীদের সর্ববৃহৎ সামাজিক সংগঠন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সভাপতি ও সম্পাদকের বিরুদ্ধে গঠনতন্ত্র লংঘনের অভিযোগ উঠেছে। অভিযোগে বলা হচ্ছে তা অন্য সামাজিক সংগঠনের শীর্ষ পদে থেকে এসোসিয়েশনের শীর্ষ পদে নেতৃত্ব দিচ্ছেন। যা গঠনতন্ত্রের পরিপন্থী। উল্লেখ্য, এসোসিয়েশন সভাপতি মইনুল হক চৌধুরী হেলাল বাংলাদেশী-আমেরিকান কানকটিকাট এসোসিশেনের সভাপতি এবং সাধারণ সম্পাদক মিজানুর রহমান চৌধুরী শেফাজ এসোসিয়েশনের নির্বাচিত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনের পাশাপাশি হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতি ইউএসএ'র সভাপতি পদ অলংকৃত করে নেতৃত্ব দিচ্ছেন। এদিকে সভাপতি ও সাধারণ সম্পাদকের বিরুদ্ধে আনীত অভিযোগ ---(বাকি অংশ ২৯ পাতায়)

যুক্তরাষ্ট্রে বাংলাদেশী বংশোদ্ভূত আসাহি হোসেনের সাফল্য



বাংলা পত্রিকা রিপোর্টঃ আসাহি হোসেন প্রবাসে থাকলেও পরিচিতির শেকড় যাদের বাংলাদেশে প্রোথিত তারা যখন শিক্ষা কিংবা কর্মক্ষেত্রে সাফল্যের দৃষ্টান্ত রাখেন তখন শুধু পরিবারের সদস্যরাই নন, বাংলাদেশও গর্ববোধ করে। তাদেরই একজন বাংলাদেশী বংশোদ্ভূত আমেরিকান আসাহি হোসেন। তুলনামূলকভাবে আমেরিকায় সর্বকনিষ্ঠা ডাক্তার হওয়ার কৃতিত্ব অর্জন করেন। অত্যন্ত মেধাবী ছাত্রী আসাহি হোসেন ---(বাকি অংশ ২৩ পাতায়)



নিউইয়র্ক পুলিশ বিভাগে ৫ বাংলাদেশীর সাফল্য

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটি পুলিশ বিভাগের ৪ বাংলাদেশী বংশোদ্ভূত অফিসার সার্জেন্ট পদে পদোন্নতি পেয়েছেন। তারা হলেন- মো. শামসুদ্দিন, আবু তাহের ফিরোজ, মো. চৌধুরী, ড. রাজুব ভৌমিক। এ ছাড়া নিউইয়র্ক সিটি পুলিশ বিভাগে লেফটেন্যান্ট পদে পদোন্নতি ---(বাকি অংশ ৩৮ পাতায়)



বিয়ে ও পরিবার গঠনের মৌলিক উদ্দেশ্য

মো. আবদুল মজিদ মোল্লা

সভ্যতার বিকাশে বিয়ে পরিবার ব্যবস্থার গুরুত্ব অপরিসীম। দীর্ঘ মানব ইতিহাসে সভ্য সমাজে বিয়ে ও পরিবারের গুরুত্ব কখনো কমেনি; বরং ---(বাকি অংশ ৩০ পাতায়)

কানাডার ফেডারেল নির্বাচন

আবারও মনোনয়ন পেলেন আফরোজা

বাংলা পত্রিকা ডেস্ক: কানাডার আগামী কেন্দ্রীয় সরকার নির্বাচনে ওশোয়া ---(বাকি অংশ ৪৪ পাতায়)



সাঈদ তারেক-এর কলাম

আতিক আর ফিরবে না



গত তিনদিনে কমপক্ষে চারবার কম্পিউটারে বসেছি, ওই কথাটাই আর টাইপ করতে পারিনি। এমনিতেই শরীর খারাপ, কয়েকদিন যাবত বিটকেলে এক জ্বরের ---(বাকি অংশ ৩১ পাতায়)

নিউইয়র্ক সিটি কাউন্সিল নির্বাচন-২০২১

আবার নির্বাচনী মাঠে একাধিক বাংলাদেশী

বাংলা পত্রিকা রিপোর্ট: আগামী ২২ জুন অনুষ্ঠিতব্য নিউইয়র্ক সিটি কাউন্সিলের ডেমোক্র্যাটিক দলীয় প্রাইমারী নির্বাচন ঘিরে আবার মাঠে নেমেছেন বাংলাদেশী-আমেরিকান একাধিক প্রার্থী। ফলে জমে উঠছে নির্বাচনী মাঠ। ইমিধ্যেই সিটির সবচেয়ে আলোচিত কাউন্সিল ডিষ্ট্রিক্ট-২৪ থেকে পুনরায় একাধিক প্রার্থী তাদের প্রার্থী ঘোষণা করেছেন। এই আসনটি বাংলাদেশী আধ্যুষিত এলাকা হিসেবে পরিচিত। এই আসনের প্রার্থীদের মধ্যে রয়েছেন মৌমিতা আহমেদ, সাবুল উদ্দিন ও সাইফুর খান হারুন। ব্রুকলীনের সিটি কাউন্সিল ডিষ্ট্রিক্ট ৩৭ থেকে মিসবাহ আবদীন আর ডিস্ট্রিক্ট-৩৯ থেকে নির্বাচন করছেন শাহানা হানিফ। আর সিটির কাউন্সিল ডিষ্ট্রিক্ট-৩২ থেকে পুনরায় প্রতিদ্বন্দ্বিতার ঘোষণা করেছেন বাংলাদেশী-আমেরিকান হেলাল শেখ। অপরদিকে ব্রঙ্কস বরোর কাউন্সিল ডিষ্ট্রিক্ট ১৮-এর থেকে নির্বাচন করছেন মোহাম্মদ এন মজুমদার। এদের মধ্যে মৌমিতা আহমেদ কাউন্সিল ডিষ্ট্রিক্ট-২৪ এর বিশেষ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে হেরে যান। হেলাল শেখও একাধিকবার প্রতিদ্বন্দ্বিতা করে পরাজিত হন। ---(বাকি অংশ ৩০ পাতায়)

হেলথ টিপস

স্বাস্থ্য রক্ষায় মুখ ও মুখগহবরের যত্ন নিন

ডা. মো. ফারুক হোসেন: ওয়ার্ল্ড ওরাল হেলথ ডে প্রতি বছর ২০ মার্চ সারা বিশ্বে একযোগে পালিত হয়ে থাকে, সাধারণ জনগণের মাঝে ---(বাকি অংশ ৪৭ পাতায়)

খেলার খবর

সাকিব নিজেই বিপদ ডেকে আনলেন!

স্পোর্টস ডেস্ক: সাকিব আল হাসান নিজেই নিজের বিপদ ডেকে আনলেন। বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) কর্তাব্যক্তিদের নিয়ে আপত্তিকর মনমশব্য করে মহ-াবিপদে ---(বাকি অংশ ৩১ পাতায়)

যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত করতে পারেন



এম কামাল: এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসাবে (বাকি অংশ ৩০ পাতায়

পেনসিলভেনিয়ার মিলবোর্ন সিটি নির্বাচন

মেয়র পদে দুই বাংলাদেশী প্রার্থী



ফিলাডেলফিয়া সংলগ্ন মিলবোর্ন বরোতে মেয়র পদে লড়ছেন দুই ---(বাকি অংশ ৩৮ পাতায়)

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়া অঙ্গরাজ্যের

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও নরেন্দ্র মোদির প্রতি আইএফসি'র আহবান

নদী বাঁচানোর পানি চুক্তি করুন

ঢাকা ডেস্ক: বাংলাদেশ-ভারত দুই বন্ধুপ্রতীম দেশের প্রধানমন্ত্রীগনের আসন্ন বৈঠকের প্রেক্ষাপটে গত ১৬ মার্চ দিল্লীতে অনুষ্ঠিত সচিব পর্যায়ের বৈঠকে যৌথ নদী ব্যবস্থাপনার বিষয়ে কোন দৃশ্যমান অগ্রগতি হয়নি। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ---(বাকি অংশ ৩৯ পাতায়)

J.K. GAIN MULTISERVICES
A company you can trust ....
• Tax Services
• Life Insurance
• Health Insurance
• Auto Insurance
• Home Insurance
• Business Insurance
• TLC Insurance
• DDC. (6 hrs.)
MassMutual
LOW COST GUARANTEE
Authorized e-file Provider
Notary Public
Jaydeb Gain
ছয় ঘন্টার ডিফেন্সিভ ড্রাইভিং কোর্স
10% Insurance Cost Deduction
Up to 4 points Removal
Tel: 347-536-5107
41-15 75th Street, Suite 2
Elmhurst, NY 11373
Email: gain_jaydeb@yahoo.com
www.JKGainMulti.com

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA Approved Travel Agent
সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা নিউইয়র্ক ৬৪৯+ Tax
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃষ্ঠায় দেখুন

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
(বিস্তারিত ৫১ পাতায়)

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিনের অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রের অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ।
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
BRITISH AIRWAYS
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com